# ভোটার গাইড

১৯৮৯ সাল থেকে সিটি নির্বাচনগুলোর জন্য আপনার নির্দলীয় গাইড

## ভোট দিন

**নভেম্বর ৭, ২০১৭**

**সাধারন নির্বাচন**

কুইন্স কাউন্সিল ডিস্ট্রিক্ট ১৯–৩২, ৩৪


মেয়র
পৃষ্ঠা 4

পাবলিক এডভোকেট
পৃষ্ঠা 11

কম্পট্রোলার
পৃষ্ঠা 14

বোরো প্রেসিডেন্ট
পৃষ্ঠা 16

সিটি কাউন্সিল
পৃষ্ঠা 18

ব্যালট প্রস্তাবনা
পৃষ্ঠা 32





আপনার ভোট কেন্দ্রের সর্বশেষ হাল নাগাদ তথ্যের জন্য দেখুন **voting.nyc**

NEW YORK CITY CAMPAIGN FINANCE BOARD

# আপনার ২০১৭-র NYC ভোটার গাইডে স্বাগতম

একজন নিউ ইয়র্ক বাসী হিসাবে আপনি আপনার কমিউনিটি নিয়ে ভাবেন এবং দেশের মধ্যে সবচেয়ে চমৎকার ও বৈচিত্র্যপূর্ণ সিটিগুলোর মধ্যে অন্যতম একটি সিটিতে থাকেতে পেরে আপনি গর্ব বোধ করেন। কিন্তু আমাদের সিটি তার নাগরিকদের কন্ঠস্বরের মতই শক্তিশালী। আপনি যে সিটির ভবিষ্যতের বিষয়ে সতর্ক তা প্রকাশের সেরা পন্থা হলো ভোট প্রদান করা। ভোট দানের প্রভাব পরে আপনার দৈনন্দিন জীবনের ব্যাপক পরিসরে – চাকুরী এবং বেতন থেকে শুরু করে, শিক্ষা, আবাসন, এবং আরও অনেক বিষয়ে – এবং আপনার ভোট আমাদের সিটিকে আরও উন্নত করতে সাহায্য করতে পারে।

এই নভেম্বরে সিটিব্যাপী সাধারণ নির্বাচনে যখন আপনি ভোট দিবেন তখন অবশ্যই এই ভোটার গাইডটি, সিটি নির্বাচনের NYC–র অফিশিয়াল নিরপেক্ষ গাইডটি, সাথে নিয়ে যাবেন। এই গাইডটিতে মেয়র, পাবলিক এডভোকেট, কম্পট্রোলার, বোরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিলের অফিসের জন্য আপনার মনোনয়ন প্রার্থীদের প্রোফাইল, ব্যালটের তিনটি প্রস্তাবনা সম্পর্কিত তথ্যাদির পাশাপাশি ভোট দান বিষয়ে আপনার জানার জন্য প্রয়োজনীয় সকল তথ্য থাকবে।

আমাদেরকে অবশ্যই এখন আগের তুলনায় আরোও নিশ্চিত করতে হবে যে, আমাদের সকল মতামত নির্বাচনী কেন্দ্রগুলোতে প্রকাশ হচ্ছে, যাতে আমরা এমন একটি সিটি তৈরি করতে পারি যা প্রত্যেকের জন্য কার্যকর!

## কাগজহীন হোন!

অনলাইনে আপনার ভোটার গাইডটি পড়তে পছন্দ করেন? অনলাইন ভোটার গাইডের ভবিষ্যতের সংস্করণগুলি লাইভ হলে, অবহিত হওয়ার জন্য **nyccfb.info/gopaperless** সাইন আপ করুন।

nyc votes

# ভোটার হিসাবে

## আপনার অধিকার জানুন

**নভেম্বর ৭, ২০১৭ তারিখের সাধারণ নির্বাচনে আপনার ভোট দেয়ার অধিকার আছে যদি:**

- আপনি নিবন্ধিত ভোটার হন (আপনি নিবন্ধিত কিনা তা নিশ্চিত না থাকলে **voting.nyc** –তে চেক করুন)।
- আপনি কমপক্ষে ১৮ বছর বয়সী এবং মার্কিন নাগরিক হন।
- বর্তমানে আপনি গুরুতর অন্যায় বা প্যারুলে মেয়াদে না থাকেন।
- ৭ই নভেম্বর রাত ৯টার মধ্যে আপনি ভোট কেন্দ্রের লাইনে দাঁড়ান (ভোট কেন্দ্রগুলো সকাল ৬টা থেকে খোলা থাকবে)।

**যে কোনো নির্বাচনে আপনার অধিকার থাকে:**

- সাহায্যের প্রয়োজন হলে একজন পোল কর্মী বা আপনার পছন্দের যে কোন ব্যক্তিকে (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ছাড়া) জিজ্ঞাস করতে পারেন। যদি দোভাষী পরিষেবার প্রয়োজন হয়, ভোটারদের সাহায্যার্থে BOE–র দোভাষীগণকে কিছু নির্দিষ্ট কেন্দ্রে পাওয়া যাবে। কোন ভোট কেন্দ্রে দোভাষী পরিসেবা এবং কি কি ভাষায় পাওয়া যাবে সে তথ্যসহ আরো জানার জন্য কল করুন 866-VOTE-NYC।
- এই ভোটার গাইডসহ যে কোন কাগজ পত্র আপনি সাথে করে নিয়ে আসেন (অনুগ্রহ করে ভোট দানের শেষে আপনার সাথে এ সব কাগজ পত্র ফেরত নিয়ে যাবেন।)
- ভোটিং মেশিন বিকল হওয়া সত্বেও ভোট প্রদান করবেন।
- আপনার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় আপনার নাম যদি বাদ পরে যায় তাহলে “অ্যাফিডেভিট ব্যালটের” মাধ্যমে ভোট প্রদান করবেন।

**যদি আপনি নতুন নিবন্ধিত হয়েছেন বা সম্প্রতি বাসা বদল করেছেন এবং আপনার ভোট কেন্দ্রে প্রথম বারের মত ভোট প্রদান করতে এসেছেন, তবে ভোট প্রদানের জন্য পরিচয় পত্র সম্ভবত দেখাতে হতে পারে। অন্যথা, আপনার কোনো পরিচয় পত্র দেখানোর প্রয়োজন নাই।**

## কোথায় যাবেন জানুন

আপনার ভোট কেন্দ্র

PS 89 – 265 Warwick Street
Brooklyn, NY 11207
Council District 37
Recipient First Last Name
123 Arlington Avenue
Brooklyn, NY 11208

এই গাইডের প্রচ্ছদটি দেখুন (ভোট দেয়ার আগে **voting.nyc**–এ নিশ্চিত হন)

বা

দেখুন **voting.nyc** ও ক্লিক করুন “কোথায় আমি ভোট দিব?”

বা

বোর্ড অফ ইলেকশনে 866-VOTE-NYC-এ ফোন করুন

### ম্যাচিং ফাণ্ডস্ প্রোগ্রাম

যদি একজন প্রার্থী NYC ক্যাম্পেইন ফাইনান্স প্রোগ্রামে অংশগ্রহণ করেন তবে এই ব্যাজটি থাকবে।




**VOTING.NYC-এ ভোটার গাইডটি দেখুন।**

আপনার মতামত প্রকাশ করুন|
নভেম্বর ৭-তে ভোট দিন|

#NYCVOTES

nyc votes

# নির্বাচনী দিন ও সময়সীমা

**অক্টোবর ১৩**
- সাধারণ নির্বাচনে ভোটার হিসাবে ডাকযোগে এবং সশরীরে নিবন্ধনের শেষ দিন।
- আগামী বছরের প্রাইমারী নির্বাচনে ভোট দেয়ার জন্য দলীয় সম্পৃক্ততা পরিবর্তন করার শেষ দিন, যদি ইতিমধ্যেই নিউইয়র্কে ভোট দেওয়ার জন্য নিবন্ধিত হন।

**অক্টোবর ১৮**
- ঠিকানা পরিবর্তনের জন্য জমা দেয়ার শেষ তারিখ

**অক্টোবর ৩১**
- ডাক যোগে এবসেন্টি ব্যালট আবেদন পাঠানোর শেষ দিন

**নভেম্বর ৬**
- সশরীরে এবসেন্টি ব্যালট আবেদন জমা দেওয়ার শেষ দিন
- ডাক যোগে এবসেন্টি ব্যালট আবেদন পাঠানোর শেষ দিন (নভেম্বরের ১৪ তারিখের মধ্যে অবশ্যই সিটি BOEতে পৌঁছতে হবে)

**নভেম্বর ৭**
- নির্বাচনী দিন

## ভোট দানের একটি পরিকল্পনা করুন

### আজ

নভেম্বর ৭

ভোট দেয়ার জন্য একটি ভাল সময় ঠিক করুন। আপনার ক্যালেন্ডারে যুক্ত করুন।

→ আপনার ভোট কেন্দ্রের অবস্থান নোট করুন (ভোটার গাইডের প্রচ্ছদে রয়েছে)।

→ প্রার্থীদের প্রোফাইল পড়ুন।

→ একটি তথ্যভিত্তিক আগাম সিদ্ধান্ত নিয়ে রাখুন।

### নির্বাচনের দিন

আপনার ভোট কেন্দ্রের অবস্থানের ব্যাপারে নিশ্চিত হবার জন্য **voting.nyc** দেখুন বা 866-VOTE-NYC ফোন করুন।

→ 1|2|3

কিভাবে আপনার ভোট দিবেন তা পড়ুন (পৃষ্ঠা 32)।

→ রেফারেন্স হিসাবে এই ভোটার গাইডটি নিয়ে আসুন।

→ **ভোট!**

# ভোটদান স্টিকারের আপনাকে **ভাল দেখায়**

নাগরিক সম্পৃক্ততা প্রদর্শনে আপনার NYC–র অফিসিয়াল "আমি ভোট দিয়েছি" স্টিকারের জুড়ি নেই।

সত্যিকারের নিউ ইয়র্ক বাসীরা তাদের কমিউনিটির সমস্যাগুলি সম্পর্কে উদ্বিগ্ন। আপনার সিটিকে নিয়ে গর্ব করা প্রদর্শন করুন এবং নির্বাচনের দিনে #IVoted স্টিকারসহ আপনার সেলফি আমাদেরকে @nycvotes ট্যাগ করুন।









**স্থানীয় নির্বাচনে ভোট দান আমাদের দৈনন্দিন জীবনযাপনের উপর সত্যিকারের প্রভাব আছে। আমরা যাদের নির্বাচিত করি তারাই আমাদের নেইবারহুড, স্কুল, কর্মসংস্থান এবং প্রতিদিনের জীবনযাত্রার মানের বিষয়ে সিদ্ধান্ত নিবেন।**

### মেয়র

সিটি গভর্নমেন্টের নেতা হিসাবে, মেয়র সিটির পলিসি নির্ধারণ করেন এবং বাজেট প্রণয়ন, বোর্ড এবং এজেন্সির যেমন NYPD বা শিক্ষা বোর্ডের প্রধান নিয়োগ, সিটি কাউন্সিলের থেকে প্রাপ্ত বিলগুলোয় স্বাক্ষর দিয়ে বা ভেটো করে ও নির্বাহী আদেশ প্রদান করে, নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন জীবনযাপন প্রভাবিত করেন।

### পাবলিক এডভোকেট

সিটি গভর্নমেন্টে জনগণের প্রতিনিধি হিসাবে পাবলিক এডভোকেট সিটির সেবাগুলোর বিষয়ে অভিযোগ তদন্ত এবং সুপারিশ করতে পারেন, নিউ ইয়র্কবাসি তাদেরকে রক্ষার্থে তথ্যাদি (যেমন ওয়ার্স্ট ল্যান্ডলর্ড ওয়াচলিস্ট) দিতে পারেন এবং বিলগুলো উপস্থাপন ও কো-স্পন্সর করেন। মেয়র যদি অনুপস্থিত থাকেন বা তার দায়িত্ব পালনে ব্যর্থ হন তবে পাবলিক এডভোকেট ভারপ্রাপ্ত মেয়র হিসাবে কাজ করবেন।

### কম্পট্রোলার

প্রধান আর্থিক কর্মকর্তা হিসাবে কম্পট্রোলার সিটির বন্ডগুলো ইস্যু ও বিক্রয় করতে পারেন, যা জনসাধারণের প্রকল্প সমূহ, যেমন রাস্তাঘাট এবং ব্রিজ অর্থায়ন করে থাকে এবং অডিট (নিরীক্ষা) ও প্রতিবেদনের মাধ্যমে সিটির ব্যয় সমূহ তদারকি করেন। তিনি সুরক্ষিত ও সঠিকভাবে বিনিয়োগের মাধ্যমে পেনশন সিস্টেমের তহবিল পরিচালনা করেন, যা দেশের মধ্যে সর্ববৃহৎ পাবলিক সিটি কর্মীদের অবসর সিস্টেম।

### বোরো প্রেসিডেন্ট

যদিও বোরো প্রেসিডেন্ট আইন প্রণয়ন বা পাশ করতে পারেন না, তাঁরা তাঁদের বোরোর সংস্থাগুলোকে অনুদান দিতে পারেন (এ বাবদ সিটি বাজেটের প্রায় $৪ মিলিয়ন আলাদা রাখা হয়); ভূমি ব্যবহারের সিদ্ধান্ত নেয়া, স্থানীয় কমিউনিটি বোর্ডগুলোয় ও সিটির প্ল্যানিং কমিশন যাঁরা ভূমি এবং নেইবারহুডের চাহিদা সংক্রান্ত পরামর্শ দেন সেখানে সদস্য নিয়োগ দেন এবং তাঁদের বোরোর বাসিন্দাদের পক্ষে তদবির করেন।


### সিটি কাউন্সিল

সিটি কাউন্সিল হল সিটি গভর্নমেন্টের আইন প্রণয়নের শাখা, মেয়রের বাজেট মধ্যস্থতা ও অনুমোদন করেন, আইন প্রণয়ন ও পাশ করেন, সমগ্র সিটিব্যাপী জমি কিভাবে ব্যবহৃত হবে তা সিদ্ধান্ত নেন এবং সিটির সংস্থাগুলো সঠিকভাবে NYC-র জনসাধারণকে সেবা দিচ্ছে তা নিশ্চিত করেন। প্রত্যেক সিটি কাউন্সিল সদস্য সিটির একান্নটি (৫১) সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট মধ্যে একটি ডিস্ট্রিক্ট প্রতিনিধিত্ব করেন।

## আমার নির্বাচিত অফিশিয়ালরা কি করতে পারেন?

স্থানীয় নির্বাচন আমরা সকলে যে সমস্যাগুলির সম্মুখীন হই, যেমন চাকরি এবং মজুরি, হাউজিং, শিক্ষা, ফৌজদারি বিচার, ট্রানজিট, এবং জনস্বাস্থ্যের উপর বিশাল প্রভাব ফেলে। আমরা একটি বিস্তারিত সিরিজ তৈরি করেছি যা আপনার নির্বাচিত অফিশিয়ালরা এই সকল বিষয়গুলোর কি ব্যবস্থা করবেন তা ব্যাখ্যা করে, যাতে আপনি এই নভেম্বরে জেনে বুঝে ভোট দিতে পারেন।

**nyccfb.info/elected-officials**- এ আরো জানুন।





nyc votes

# এক নজরে

## নির্বাচন

### মেয়র পৃষ্ঠা ৪

মেয়র সিটি গভর্নমেন্টের নেতা।



বিল ডি ব্লাসিও
Bill de Blasio




নিকোল ম্যালিওটাকিস
Nicole Malliotakis

গ্রহণযোগ্য ফটো দেন নাই

আকিম ব্রাউডার
Akeem Browder



স্যাল আলবানিস
Sal Albanese



বো ডীটল
Bo Dietl



অ্যারন এ. কোমি
Aaron A. Commey




মাইক টল্কিন
Mike Tolkin

### পাবলিক এডভোকেট পৃষ্ঠা 11

পাবলিক এডভোকেট হলেন সিটি গভর্নমেন্টে জনগণের প্রতিনিধি।



লেটিশা জেমস
Letitia James




জুয়ান কার্লোস পোলাঙ্কো
Juan Carlos Polanco



মাইকেল এ. ও'রেইলী
Michael A. O'Reilly



জেমস সি. লেইন
James C. Lane




ডেভিন বালকাইন্ড
Devin Balkind

### কম্পট্রোলার পৃষ্ঠা 14

কম্পট্রোলার হলেন সিটির প্রধান আর্থিক কর্মকর্তা।



স্কট এম. স্ট্রিনজার
Scott M. Stringer



মাইকেল জে ফোকনার
Michel Faulkner



জুলিয়া উইলিব্রেন্ড
Julia Willebrand




আলেক্স মের্সেদ
Alex Merced

### বোরো প্রেসিডেন্ট পৃষ্ঠা 16

বোরো প্রেসিডেন্টরা তাঁদের বোরোর এডভোকেট হিসাবে তাঁদের বোরোর সকল চাহিদাগুলি যে পূরণ হচ্ছে তা নিশ্চিত করবেন।



মেলিন্ডা কাৎজ
Melinda Katz



উইলিয়াম কে. ক্রেগলার
William K. Kregler

গ্রহণযোগ্য ফটো দেন নাই

এভারলি ব্রাউন
Everly Brown

# এক নজরে

## নির্বাচন

### সিটি কাউন্সিল পৃষ্ঠা 18

সিটি কাউন্সিল হল সিটি গভর্নমেন্টের আইন প্রণয়নের শাখা। **আপনার কাউন্সিল ডিস্ট্রিক্ট জানার জন্য আপনার ভোটার গাইডটির প্রচ্ছদ দেখুন।**




**পল এ. ভ্যালোন**
**Paul A. Vallone**
১৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**পল ডি. গ্রাজিয়ানো**
**Paul D. Graziano**
১৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**পিটার এ. কু**
**Peter A. Koo**
২০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**ফ্রান্সিসকো ময়া**
**Francisco Moya**
২১তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**কোস্টা কন্সট্যান্টিনিডিস**
**Costa Constantinides**
২২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**ব্যারি এস. গ্রোডেনচিক**
**Barry S. Grodenchik**
২৩তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**জোসেফ কনক্যানন**
**Joseph Concannon**
২৩তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**জন ওয়াই. লিম**
**John Y. Lim**
২৩তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**রোরী আই. ল্যাঙ্কম্যান**
**Rory I. Lancman**
২৪তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**ড্যানিয়েল ড্রোম**
**Daniel Dromm**
২৫তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




**জিমি ভ্যান ব্রামার**
**Jimmy Van Bramer**
২৬তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**মারভিন আর. জেফকোট**
**Marvin R. Jeffcoat**
২৬তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**আই. ডানিক মিলার**
**I. Daneek Miller**
২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




**রুপার্ট গ্রিন**
**Rupert Green**
২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**ফ্রাঙ্ক ফ্রাঙ্গোয়া**
**Frank Francois**
২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**এড্রিয়ন অ্যাডামস**
**Adrienne Adams**
২৮তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**ইভান ডি. মসপ**
**Ivan D. Mossop**
২৮তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




**হেটি ভি. পাওয়েল**
**Hettie V. Powell**
২৮তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**ক্যেরেন কসলোউইটজ**
**Karen Koslowitz**
২৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**এলিজাবেথ ক্রউলি**
**Elizabeth Crowley**
৩০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




**রবার্ট এফ. হোল্ডেন**
**Robert F. Holden**
৩০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




**ডনোভান জে. রিচার্ডস**
**Donovan J. Richards**
৩১তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**মাইকেল জি. স্কালা**
**Michael G. Scala**
৩২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**এরিক এ. উলরিখ**
**Eric A. Ulrich**
৩২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



**অ্যান্তনিও রেইনোসো**
**Antonio Reynoso**
৩৪তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

এছাড়াও প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

**কনস্ট্যান্টিনোস পুলিদিস**
**Konstantinos Poulidis**
১৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

**ক্যাথলিন স্প্রিংগার**
**Kathleen Springer**
২২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

**জোসেফ ক্যাসপার**
**Joseph Kasper**
৩০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির সময় পূর্ণাঙ্গ প্রোফাইল জমা দেন নাই।

# মেয়র

## বিল ডি ব্লাসিও
## Bill de Blasio



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ সকলের জন্য চমৎকার শিক্ষা
২ সিটিকে আরও সাধ্যের মধ্যে নিয়ে আসা
৩ বর্ধিত নিরাপত্তা, পুলিশ-কমিউনিটি সম্পর্ক

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** NYC মেয়র
**পূর্বের পেশা:** NYC সরকারি কৌঁসুলি; NYC কাউন্সিল সদস্য; ইউ.এস আবাসন বিভাগ ও পৌর উন্নয়ন আঞ্চলিক পরিচালক; হিলারি ক্লিনটন ফর ইউ.এস. সিনেট ক্যাম্পেইন ম্যানেজার
**শিক্ষাগত যোগ্যতা:** নিউ ইয়র্ক ইউনিভার্সিটি; কলাম্বিয়া ইউনিভার্সিটি
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** প্রযোজ্য নয়
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** উপরে দেখুন

নিউ ইয়র্ক সিটির মেয়র হিসেবে আমি আমাদের প্রগতিশীল মূল্যবোধগুলো বাঁচিয়ে রাখা এবং জনগণের উন্নয়ন ঘটানো ও প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জীবনকে উচ্চতর করার মতো সংস্কার সাধনের মাধ্যমে এটিকে সকলের বাসস্থান হিসেবে গড়ে তোলার সংগ্রামটি আমার লক্ষ্য হিসেবে গ্রহন করেছি। এর মধ্যে রয়েছে শহরের চার বছর বয়সী প্রতিটি শিশুর জন্য প্রি-কে শিক্ষা সম্প্রসারণ করা, আরও হাজার হাজার কর্মীদের জন্য আমাদের বেতন সহ অসুস্থতাজনিত ছুটি সম্প্রসারিত করা এবং আরও লাখ লাখ মানুষের জন্য সর্বনিম্ন মজুরি বৃদ্ধি করা। আমার প্রশাসন চমকপ্রদভাবে অবরোধ ও অতর্কিত হামলা কমিয়েছে এবং পুলিশ ও কমিউনিটিকে পরস্পরের আরও কাছাকাছি এনেছে – আর একই সময়ে অপকর্মের সংখ্যাও সবচেয়ে নিম্নে নামানো হয়েছে। আমার প্রথম দফায়, আমরা নজিরবিহীন দ্রুততার সাথে সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি ও সংরক্ষণ করেছি, একই সময়ে ভূমি-মালিকদের লবি অধিগ্রহণ করেছি এবং দুই বছরের ভাড়া স্থগিত করেছিলাম যাতে আরও অনেক নিউ ইয়র্কবাসী তাদের নিজ গৃহে অবস্থানের সুযোগ নিতে পারেন।

info@billdeblasio.com
billdeblasio.com
bill.deblasio
BilldeBlasio

## নিকোল ম্যালিওটাকিস
## Nicole Malliotakis



রিপাবলিকান, কনজারভেটিভ,
স্টপ ডি ব্লাজিও

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ পরিবহন ও ট্রাফিক
২ চাকরি ও ক্রয়ক্ষমতা
৩ জীবনমান

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান
**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার
**পূর্বের পেশা:** পাবলিক অ্যাফেয়ার্স ম্যানেজার
**শিক্ষাগত যোগ্যতা:** BA, সেটন হল; MBA ওয়াগনার কলেজ
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ন্যাশনাল হিস্পানিক কজেস অফ স্টেট লেজিসলেশন, ন্যাশনাল ফাউন্ডেশন অফ উইমেন লেজিসলেটরস
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** গভর্নর জর্জ পাটাকির NYC লিয়াইজন

আমি নিউ ইয়র্ক সিটি সরকারের জবাবদিহিতা পুনঃপ্রতিষ্ঠা করার জন্য এবং বাসিন্দাদের জীবনের মান উন্নয়নের জন্য প্রার্থী হয়েছি। আমাদের অবশ্যই যানজট, স্কুলের ব্যর্থতা, দুর্বিষহ পরিবহন, গৃহহীন সংকট এবং ধর্ষণ ও যৌন-সম্পর্কিত অপরাধ বৃদ্ধির দিকে আলোকপাত করতে হবে। দীর্ঘমেয়াদী জনসংখ্যা বৃদ্ধির সমন্বয় সাধন এবং অর্থনৈতিক উন্নয়নে সিটি তার অবকাঠামোতে বিনিয়োগ করছে না। আমাদের ট্রাফিক প্রবাহকে সহজ ও পথচারীদের রক্ষার উদ্দেশ্যে স্মার্ট লাইট প্রযুক্তিতে এবং বিলম্ব ও ঠাসাঠাসি সমাপ্তের উদ্দেশ্যে সাবওয়ের সংকেতের উন্নতি করার জন্য বিনিয়োগ করা উচিৎ। আমরা এটির জন্য অর্থ ব্যয় করতে পারব যদি আমরা অপচয়মূলক খরচ বন্ধ করতে পারি, ব্যর্থ কার্যক্রমগুলো পুনর্গঠন অথবা বাদ দিতে পারি, এবং আমলাতন্ত্র হ্রাস করতে পারি।

মেয়র হিসাবে, আমি NYPD কে তাদের কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ করব, ভাল বেতনের কাজ পেতে মানুষের দক্ষতা অর্জনে সাহায্য করার জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগ প্রসারিত করব, যারা আসক্তি/মানসিক অসুস্থতার সঙ্গে সংগ্রাম করছে তাদেরকে সাহায্য করব, গৃহহীনতার মূল কারণগুলো সক্রিয়ভাবে খুঁজে বের করব, পিতামাতাকে আরও অধিক বিদ্যালয় পছন্দের সুযোগ সরবরাহ করব, নিশ্চিত করব যেন শিক্ষাখাতের অর্থ শ্রেণিকক্ষ পর্যন্ত পৌছায়, যেখানে সম্ভব ব্যয় নিয়ন্ত্রণ এবং কর হ্রাস করব।

nicoleformayor2017@gmail.com
NicoleforMayor2017.com
nmalliotakis
nmalliotakis

# মেয়র

## আকিম ব্রাউডার
## Akeem Browder

গ্রীন

গ্রহণযোগ্য ফটো দেন নাই

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ অধিকার বঞ্চিতরা কি বিবেচিত হবে কিভাবে হবে

২ NYC-র গৃহহীনদের সংখ্যা

৩ শিশুরা, তাদের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি

**দলীয় অন্তর্ভুক্তি:** গ্রীন

**বর্তমান পেশা:** পাবলিক স্পীকার

**পূর্বের পেশা:** ইলেক্ট্রনিক প্রকৌশলী, রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, ইলেক্ট্রো-মেকানিক

**শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলরস অফ সিভিল ইঞ্জিনিয়ারিং

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** এক্সোডাস ট্রান্সিশানাল সার্ভিসেস, জাস্টিস লীগ NYC, সাটডাউনরিকার্স

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** সক্রিয় কর্মী

নিউ ইয়র্কের প্রতিটি সমস্যার পিছনে একটি মজ্জাগত সমস্যা রয়েছে এবং সেই সমস্যাটি হলো, আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে বিচার বিভাগের হস্তক্ষেপ মেনে নেয়া, এটাই নিউ ইয়র্কের অবস্থা। আপনার কমিউনিটির সমস্যা সমাধান করাটা আপনি বন্ধ করতে পারেন না। আমাদের দৃষ্টিভঙ্গির মধ্যে আমাদের আলাদা থাকা উচিতভিন্ন ভাবে অগ্রসর হওয়া প্রয়োজন, আমাদের সিদ্ধান্ত গ্রহণে দ্রুত হতে হবে এবং সত্যিকারের জবাবদিহিতা কি, সে সম্পর্কে আরও সচেতন থাকতে হবে!

AkeemBrowder2017@gmail.com

AkeemBrowder2017.org

AkeemBrowder2017

## স্যাল আলবানিস
## Sal Albanese



রিফর্ম

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ আইনগতভাবে দূর্নীতিগ্রস্ত রাজনৈতিক প্রক্রিয়াকে পুনর্গঠন করা

২ সত্যিকারের সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করা

৩ MTA-কে পুনর্গঠন ও যথাযথভাবে অর্থায়ন করা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** আইনজীবী

**পূর্বের পেশা:** শিক্ষক, সিটি কাউন্সিলের সদস্য

**শিক্ষাগত যোগ্যতা:** CUNY ইয়র্ক কলেজ থেকে B.A. ইন এডুকেশন, NYU থেকে হেলথ সায়েন্সে M.A এবং ব্রুকলিন ল' স্কুল থেকে আইনের উপর একটি ডিগ্রি।

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ডেমোক্র্যাটিক পার্টি

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** সিটি কাউন্সিল সদস্য, ১৯৮২-১৯৯৭ পর্যন্ত ৪৩ CD (বে রিজ, ব্রুকলিন)-কে প্রতিনিধিত্ব করেছেন

আমাদেরকে অবশ্যই আমাদের ভগ্ন রাজনৈতিক প্রক্রিয়াটি মেরামত করতে হবে, যেখানে "আইনগত উপায়ে দুর্নীতি" করার একটি পরিবেশ সৃষ্টি হয়েছে এবং শুধুমাত্র যারা "খরচ করতে পারবে" তাদেরই "ভূমিকা রাখার" অধিকার রয়েছে। প্রচারাভিযানের জন্য কোনো বড় রিয়েল এস্টেট বা লবিইস্টদের কাছ থেকে কোনো অনুদান না নেওয়ার ব্যাপারে আমি অঙ্গীকার করছি। আমি "গণ পরিবহনের মেয়র" হিসেবেও পরিচিত হতে চাই এবং মাধ্যমটির উন্নয়নের জন্য গভর্নরের সাথে কাজ করবো। এই প্রক্রিয়াটির পেছন সিটি বর্তমানে যে অর্থ ব্যয় করে তার পরিমাণ তিনগুণ বৃদ্ধি করে আমি $১ বিলিয়ন করবো। মেয়র হিসেবে আমি, কমপক্ষে মাঝে মাঝে, গণ পরিবহন ব্যবহার করার প্রতিশ্রুতি দিচ্ছি, যেন চলমান পরিস্থিতির বিষয়ে আমি ব্যক্তিগতভাবে অভিজ্ঞতা সঞ্চয় করতে পারি। NYC-তে আবাসনও হলো একটি বড় সমস্যা। সকলেই সাশ্রয়ী মূল্যের আবাসানের সুবিধা চায়, তবে "সাশ্রয়ী মূল্য" বলে যা বলা হচ্ছে তা সাশ্রয়ী থেকে অনেক দূরে। বর্তমান পরিকল্পনাটি সারা সিটিতে সার্বিকভাবে প্রত্যাখ্যাত হয়েছে, কারণ এটি হলো "সকলের জন্যই একই সমাধান"-ধরনের পরিকল্পনা। এছাড়াও, অনুপযুক্ত ও সীমার-বাইরে উন্নয়ন অব্যাহত আছে। সকলের জন্য স্বতন্ত্র ধরনের আবাসন পরিকল্পনা তৈরি করার জন্য আমি কাজ করবো, যা প্রতিটি কমিউনিটির বৈশিষ্ট্য সমুন্নত রেখেই তাঁদের চাহিদা মেটাবে।

sal@sal2017.nyc

sal2017.com

SalAlbaneseNYC

SalAlbaneseNYC

salnyc17

# মেয়র

## বো ডীটল
## Bo Dietl



মেয়রকে পরিত্যাগ করুন

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ নতুন ও টেকসই চাকুরীর সুযোগ সৃষ্টি
২ নিরাপত্তা বৃদ্ধি
৩ শিক্ষারঅধিকতর সুযোগ সৃষ্টি

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** CEO
**পূর্বের পেশা:** NYPD গোয়েন্দা, আয়রন ওয়ার্কার ইউনিয়ন মেম্বার
**শিক্ষাগত যোগ্যতা:** হাই স্কুল গ্রাজুয়েট
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** বছরের পর বছর ধরে বো অনেক দাতব্য কাজে সক্রিয় আগ্রহ দেখিয়েছেন এবং এই ধরনের সংস্থায় অনুদান ও সহায়তা প্রদান অব্যাহত রেখেছেন।
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** NYPD গোয়েন্দা

আমি মেয়র পদের জন্য লড়ছি কারণ এই শহরকে আরও উন্নত করা যেতে পারে। আমি আমার সমগ্র জীবন জনসেবায় ব্যয় করেছি। আমি নেতৃত্ব ও সততাকে আলোচনার বিষয় হিসেবে টেবিলে আনি। আমি ডেমোক্র্যাট ও রিপাবলিকান উভয়ের সাথে আলোচনা করি। আমরা দৃষ্টিভঙ্গি সামাজিকভাবে সামগ্রিক এবং আঞ্চলিকভাবে রক্ষণশীল। আমার পরিকল্পনার মূল লক্ষ্য হলো অপচয়মূলক ব্যয় বন্ধ করা এবং কাজের সুযোগ সৃষ্টি করা। স্বল্প সুবিধাপ্রাপ্ত এলাকায় যেতে এবং কাজের সুযোগ সৃষ্টি করতে আমরা সেরা ও মেধাসম্পন্ন নতুন স্টার্ট-আপ কোম্পানীগুলোকে উদ্দীপক প্রদান করবো। আমাদের অবকাঠামোর অস্বাস্থ্যকরভাবে সুপরিনতি হচ্ছে। এটির উন্নতি সাধনে আমি আলবানি ও ওয়াশিংটনের সাথে কাজ করবো। আমি গৃহহীনদের আবাসন কেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য বিলাসবহুল হোটেলের ব্যয় পরিশোধের চাইতে বরং শহরের পরিত্যক্ত সম্পত্তিগুলো পুনর্ব্যবহারযোগ্য করবো। আপনার এলাকায় নতুন কারাগার গড়ে তোলার জন্য $১০ বিলিয়ন অর্থ খরচ করার চাইতে বরং DOC পুনর্নির্মান করা হোক এবং রাইকারস্ আইল্যান্ড ঠিকঠাক করে নেয়া হোক। আর একটি নিস্পাপ শিশুও যাতে ACS-র হাতে মারা না যায় তা নিশ্চিত করতে আমরা আমাদের পুলিশ বিভাগকে ব্যবহার করবো - যা বিশ্বে সেরা।

শহরের দ্রুত অবনতি হচ্ছে, তবে আপনার সহায়তায় আমরা এটিকে উদ্ধার করবো!

info@boformayor.com
boformayor.com
BoForMayor
BoDietl
bodietlformayor

## অ্যারন এ. কোমি
## Aaron A. Commey



লিবার্টেরিয়ান

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ ফৌজদারি বিচারিক ব্যবস্থা পুনর্গঠন সম্পন্নকরণ
২ উন্নত শিক্ষা পাঠক্রম
৩ দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই

**দলীয় অন্তর্ভুক্তি:** লিবারটেরিয়ান
**বর্তমান পেশা:** পোর্টার
**পূর্বের পেশা:** মেশিন অপারেটর; GED টিউটর; ল' লাইব্রেরির করণিক
**শিক্ষাগত যোগ্যতা:** GED; মিলওয়াওকি এলাকা কারিগরি কলেজ
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** লিবারটেরিয়ান পার্টি অব নিউ ইয়র্ক
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** নেই

আমি মেয়র পদের জন্য লড়ছি কারণ এখনই সময় হয়েছে যে কোন একজন নিউ ইয়র্কের লোকজনকে সর্বোপরি রাখবে, অন্যান্য বিশেষ সুবিধাবাদী ও বড় বড় অর্থদাতাদের সাথে সংযোগে নয়। আমি কোনো পেশাদার রাজনীতিবিদ নই আর সেটি একটা ভালো দিক এই জন্য যে, আমি নিউ ইয়র্কের জনগণের পক্ষে এবং অব্যাহত রাজনৈতিক দূর্নীতির বিরুদ্ধে সংগ্রাম করতে দৃঢ়প্রতিজ্ঞ যা আমাদের অনেককেই পিছিয়ে দিয়েছে। আমি এমন অর্থনৈতিক নীতিমালা বাস্তবায়ন করতে চাই যা সংগ্রামশীল, কঠোর পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদেরকে দারিদ্র থেকে বের হয়ে আসার একটি সুযোগ দেবে এবং তাদের ও তাদের পরিবারের জন্য উন্নততর জীবন প্রদান করবে। আমি অদূরদর্শী ফৌজদারি বিচারিক নীতিমালা যা আমাদের সবাইকে অপেক্ষাকৃত কম সুরক্ষা প্রদান করে এবং সমগ্র কমিউনিটিকে ধ্বংস করে, সেটির অবসান ঘটানোর জন্য লড়ছি। এবং আমাদের স্কুলগুলোতে যাতে অর্থবিজ্ঞান, অর্থনীতি, ব্যবসায় ব্যবস্থাপনা ও উদ্যোগ বিষয় পড়ানো হয় আমি তা নিশ্চিত করতে চাই যাতে আমাদের বাচ্চারা স্কুল ত্যাগ করার পর নিজেরা স্বাবলম্বী হয় এবং তাদেরকে স্বল্প মজুরির কাজের জন্য সংগ্রাম করতে না হয়। আমি স্থিতাবস্থার বিরুদ্ধে লড়ে যাচ্ছি কারণ এই স্থিতাবস্থা ক্ষুদ্র মানুষদেরকে সাহায্য করছে না। তাই দয়া করে নিউ ইয়র্ক সিটি মেয়র পদের জন্য আমাকে সমর্থন দিন এবং এই শহরে রাজনীতির হালচাল ও রাজনীতি থেকে সাহায্য পাওয়ার পদ্ধতি পরিবর্তনে সহায়তা করুন।

aaron@votecommey.com
votecommey.com
VoteCommey

# মেয়র

## মাইক টল্কিন
## Mike Tolkin



স্মার্ট সিটিগুলি

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ অর্থনীতি, কর্মসংস্থান এবং শিক্ষা
২ পরিবহন ও জীবনমান
৩ মানবাধিকার ও টেকসই অবস্থা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** মেয়র প্রার্থী

**পূর্বের পেশা:** টেক এন্ট্রিপ্রেনিউর অ্যান্ড ইনোভেটর – উদ্যোক্তা/CEO, IMAX ল্যাবস; উদ্যোক্তা/CEO, Rooms.com; উদ্যোক্তা/CEO, মারচেন্ট এক্সচেঞ্জ; ডিরেক্টর অফ কর্পোরেট ডেভেলপমেন্ট এন্ড স্ট্রাটেজি, IMAX; ম্যানেজমেন্ট কনসালটেন্ট, অলিভার ওয়াইমান; উদ্যোক্তা, রিইম্যাজিন NYC; উদ্যোক্তা, নোম্যাড ওয়াক; স্টার্টআপ বিনিয়োগকারী এবং পরামর্শক

**শিক্ষাগত যোগ্যতা:** ইউনিভারসিটি অফ পেনসিলভানিয়ার হোয়ারটন স্কুল থেকে অর্থনীতিতে BS

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** রিইমেজিন NYC, নোমেড ওয়াক

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** রিইমেজিন NYC, নোমেড ওয়াক

হাই, আমি মাইক! আমি মেয়রের পদপ্রার্থী হয়েছি কারণ যেকোনো সময়ের চাইতে এখন আমাদের বড় বড় চিন্তাভাবনা এবং সাহসী পদক্ষেপ নেওয়ার সবচেয়ে বেশি প্রয়োজন।

আমরা অনেক বড় বড় সমস্যার মোকাবেলা করছি। আমাদের বেতন কম কিন্তু বাড়ি ভাড়া অনেক বেশি। আমাদের অধিকার হুমকির সম্মুখীন। আমাদের চাকরি চলে যাচ্ছে। আমাদের সাবওয়ে সিস্টেম ধ্বংসের মুখে। আমাদের সরকার আমাদের প্রয়োজনীয় সেবা দিচ্ছে না।

আমি প্রযুক্তি বিষয়ে একজন ক্ষুদ্র ব্যবসায়ী ও উদ্ভাবক – জীবন চালানোর জন্য আমার কাজই হোল সমস্যার সমাধান করা। তাই, আমি অভিজ্ঞ ব্যাক্তিবর্গ ও নেতাদের নিয়ে একটি বৈচিত্র্যময় দল গঠন করছি এবং আমরা একটি উচ্চাভিলাষী সুদূরপ্রসারী পরিকল্পনা করছি, যাতে আমাদের পরিষেবা ও অবকাঠামোর মান বৃদ্ধি করা যায়, নতুন নতুন কর্মক্ষেত্র সৃষ্টি করা যায়, আমাদের সন্তানদের ভবিষ্যৎ চাকরির জন্য প্রস্তুত করা যায় এবং আমরা অ্যামেরিকার স্বপ্নের দ্বার হিসেবে নিউ ইয়র্ককে আবার তুলে ধরতে পারি।

দয়া করে আমাদের এই আন্দোলনে যোগ দিন ও আপনার বক্তব্য সকলকে জানান। আপনার সাথে একত্রে কাজ করার জন্য আগ্রহী!

team@tolkinformayor.com
tolkinformayor.com
tolkinformayor
tolkinformayor
tolkinformayor

# পাবলিক এডভোকেট

## লেটিশা জেমস
## Letitia James



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ নারীদের জন্য অর্থনৈতিক সাম্যতা নিয়ে আসা
২ শিশু ও পরিবার কল্যাণ পুনর্গঠন করা
৩ সাশ্রয়ী মূল্যের আবাসন সংরক্ষণ ও সম্প্রসারণ

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি পাবলিক অ্যাডভোকেট

**পূর্বের পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, ৩৫তম ডিস্ট্রিক্ট; চিফ অফ স্টাফ অ্যান্ড কাউন্সেল, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি; পাবলিক ডিফেন্ডার, লিগ্যাল এইড সোসাইটি

**শিক্ষাগত যোগ্যতা:** হাওয়ার্ড ইউনিভার্সিটি স্কুল অফ ল', J.D.; লেহম্যান কলেজ, B.A.

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** প্রযোজ্য নয়

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, ৩৫তম ডিস্ট্রিক্ট; চিফ অফ স্টাফ অ্যান্ড কাউন্সেল, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি

চার বছর আগে, সকল নিউ ইয়র্কবাসীর জন্য পাবলিক অ্যাডভোকেটের অফিসকে অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচারের বাহন হিসেবে যাত্রা শুরু করেছি। আমার অফিসে থাকাকালীন সময় আমরা অনেক কাজ সম্পন্ন করেছি। চাকুরীর সাক্ষাৎকারের সময় বেতনের ইতিহাস সম্পর্কে প্রশ্ন জিজ্ঞেস নিষিদ্ধ করার আমার যুগান্তকারী আইনটি আমাদেরকে বেতনের বৈষম্য দূর করার ক্ষেত্রে আরও এক ধাপ কাছাকাছি নিয়ে এসেছে; মিডল স্কুলের প্রতিটি শিশুর জন্য দুপুরের খাবার নিশ্চিত করা হয়েছে, প্রতিদিন ১০,০০০-এর বেশি শিশুকে পুষ্টিকর খাবার প্রদান করা হচ্ছে; সবচেয়ে খারাপ বাড়িওয়ালাদের তালিকাকে সম্প্রসারিত করার মাধ্যমে ভাড়াটিয়া ও অ্যাডভোকেটদের জন্য একটি উপকরণ ও সংস্থান হিসেবে ব্যবহারের সুযোগ করে দিচ্ছে। যদি আরও চার বছরের জন্য পুনরায় এই সুযোগ দেওয়া হয়, তাহলে আমি প্রতিটি শিশু যেন আরও ভালো ভবিষ্যৎ গড়ার সুযোগ পায়, প্রতিটি পরিবার শুধু যে বেঁচে থাকবে তা না তারা সাফল্যের সাথে জীবন অতিবাহিত করার সুযোগ পাবে এবং নিউ ইয়র্কবাসীরা সকলে যেন আমাদের শহরের সকল সম্ভাবনা ব্যবহার করতে পারে, তা নিশ্চিত করতে কাজ করা অব্যাহত রাখবো।

tishjames2017@gmail.com
LetitiaTishJames
tishjames
(347) 560-4545

# পাবলিক এডভোকেট

## জুয়ান কার্লোস পোলাঙ্কো
## Juan Carlos Polanco



রিপাবলিকান, রিফর্ম,
স্টপ ডি ব্লাজিও

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ শিক্ষা ও স্কুল নির্বাচন
২ নেইবারহুড কারাগারের পরিকল্পনা বন্ধ করা
৩ শিশু পরিষেবা প্রশাসন পুনর্গঠন

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** অ্যাটর্নি ও শিক্ষাবিদ

**পূর্বের পেশা:** সমাজ বিজ্ঞান শিক্ষক, হ্যারি এস ট্রুম্যান এইচ.এস

**শিক্ষাগত যোগ্যতা:** JD, ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি স্কুল অফ ল'; MBA, ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি গ্রাজুয়েট স্কুল অফ বিজনেস; BA ইউনিভার্সিটি এট আলবেনি; ফোর্ডহ্যাম প্রিপারেটরি

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** নিউ ইয়র্ক কাউন্টি ল'ইয়ার'স অ্যাসোসিয়েশন, ব্রংক্স কাউন্টি বার অ্যাসোসিয়েশন

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক সিটি বোর্ড অফ ইলেকশনস-এর কমিশনার

আমি সারা জীবন একজন নিউ ইয়র্কবাসী, একজন পিতা, একজন অ্যাটর্নি, নিউ ইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি মাইনরিটির একজন পরিচালক এবং নিউ ইয়র্ক সিটি বোর্ড অফ ইলেকশনস-এর একজন সাবেক কমিশনার।

আমি একজন শিক্ষাবিদও বটে, যিনি গত ১৭ বছর নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে শিক্ষকতা করেছি এবং এখন CUNY-তে আছি।

আমি পাবলিক অ্যাডভোকেট নির্বাচনে অংশগ্রহণ করছি কারণ আমি নিউ ইয়র্ক সিটিকে ভালোবাসি এবং আমি আপনাদের পরিবারগুলোক অব্যাহতভাবে সেবা করতে চাই।

আমি চার্টার স্কুলে ভর্তির প্রক্রিয়াটি সম্প্রসারণে কাজ করবো এবং পিতামাতাদেরকে তাঁদের শিশুদেরকে ভর্তির জন্য অনেক সুযোগ করে দেবো।

আমি ACS-এর অব্যবস্থাপনার বিরুদ্ধে লড়াই করবো।

আমি সিটি হলে সাধারণ জ্ঞান ব্যাবহৃত করব এবং রাইকারের জেল বন্ধ করে আমাদের প্রতিবেশে জেল তৈরির পরিকল্পনার বিরুদ্ধে লড়াই করবো।

আমি NYCHA আবাসনে কঠোর পরিশ্রমী অধিবাসীদেরকে তাঁদের নিজেদের ইউনিটের মালিকানা পাওয়ার ব্যবস্থা করতে কাজ করবো। এখনই সময় হলো অ্যামেরিকার স্বপ্নে আরও নিউ ইয়র্কবাসীর অংশগ্রহণ করা।

jcpolanco@gmail.com
PolancoforNYC.com
PolancoforNYC
jcpolanconyc
jcpolanco

## মাইকেল এ ও'রেইলী
## Michael A. O'Reilly



কনজারভেটিভ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ নীতি ব্যবহারে অর্থ প্রদান বাদ দেওয়া
২ ACS এর সংস্কার
৩ স্যাংচুয়ারি সিটিসমূহ বাদ দেওয়া

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** গ্যালান্ট ক্যাপিটাল মার্কেট - নিয়ন্ত্রক এটর্নি

**পূর্বের পেশা:** ডেলটা এয়ারলাইন্স এর পাইলট; মেরিন

**শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলর অফ সাইন্স - ফ্লোরিডা ইন্সটিটিউট অফ টেকনোলজি; JD - নিউ ইয়র্ক ল' স্কুল

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** রকএওয়ে রিপাবলিকান ক্লাবের প্রেসিডেন্ট; বোর্ড চ্যানেল সিভিক অ্যাসসিয়েশন এর সদস্য

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** সাবেক সি ডি ৫ কংগ্রেসনাল প্রার্থী

মাইকেল ও'রেইলী একজন অ্যাটর্নি, সাবেক এয়ার লাইনের পাইলট, এবং গর্বিত মেরিন। এছাড়াও মাইক একজন নিউইয়র্কবাসী যিনি স্বার্থান্বেষী রাজনৈতিক পরিবেশের উপর বিরক্ত যা বর্তমানে আমাদের এই গুরুত্বপূর্ণ সিটি নিয়ন্ত্রণ করছে।

বিগত চার বছর ধরে আমাদের সিটি একঅযোগ্য মেয়র এবং কিছু-না-করা সিটি কাউন্সিল দ্বারা জর্জরিত। এধরণের স্থবির অবস্থা গ্রহণযোগ্য নয়। আমাদের নির্বাচিত কর্মকর্তারা অলসভাবে বসে থাকে, যেখানে ACS-এর অদক্ষ অপারেশনের ফলে আমাদের সিটির শিশুদের মৃত্যু ঘটে। এই একই নির্বাচিত কর্মকর্তাগণ, তখন, ইচ্ছাকৃতভাবে যুক্তরাষ্ট্রীয় অভিবাসী আইন ভঙ্গ করে, সে সকল ব্যক্তিদের আশ্রয় দিতে অনুমতি দেয় যারা আমাদের দেশে বেআইনিভাবে এসেছে এবং যারা তখন মারাত্মক অপরাধ করেছে। সব আমাদের, করদাতাদের, দায়ে।

আমাদের সিটির এমন একজন নেতা প্রাপ্য যিনি দুর্নীতির বিরুদ্ধে, নীতি ব্যবহারে অর্থ প্রদানের বিরুদ্ধে দাঁড়াবেন এবং সমগ্র নিউইয়র্কবাসীর জন্য ন্যায়ের পক্ষে লড়বেন। বিশেষ করে আমাদের নিউইয়র্কের শিশুদের জন্য, যারা সবচেয়ে নাজুক। মাইক ও'রেইলী হবেন তেমন একজন নেতা।

pierre.alcantara7@gmail.com
Mike4NYC.com
friendsofOReilly
OReilly4NY

# পাবলিক এডভোকেট

## জেমস সি. লেইন
## James C. Lane

গ্রীন



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ আমাদের ইলেক্টোরাল প্রক্রিয়াগুলি রূপান্তর করা
২ আরও বেশি সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করা
৩ পুলিশের উপর কমিউনিটির নিয়ন্ত্রণ

**দলীয় অন্তর্ভুক্তি:** গ্রীন

**বর্তমান পেশা:** টেকনিক্যাল অ্যাকাউন্ট ম্যানেজার

**পূর্বের পেশা:** ক্লায়েন্ট সলিউশন-এর ভাইস প্রেসিডেন্ট

**শিক্ষাগত যোগ্যতা:** U.S আর্মি সিগন্যাল স্কুল, ইলেকট্রনিকস/কমিউনিকেশনস টেকনিশিয়ান; হাই স্কুল অফ আর্ট অ্যান্ডডিজাইন, কমার্শিয়াল আর্টস/গ্রাফিক ডিজাইন

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ব্ল্যাক ককাস মেম্বার, গ্রিন পার্টি অফ ইউনাইটেড স্টেটস; স্টেট কমিটি মেম্বার, গ্রিন পার্টি অফ নিউ ইয়র্ক

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** আমার কমিউনিটির উন্নয়ন সম্পর্কিত সকল কাজই ছিল স্বেচ্ছাসেবামূলক এবং সরকারি কোনো বেতনভুক্ত পদ ছিল না। দত্তক হিসেবে গৃহীত হওয়া ব্যক্তিদের নিজেদের জন্ম ইতিহাস জানার অধিকার সম্পর্কিত সমস্যা, আমাদের শোষণকারী সামরিক বাজেট হ্রাস করা, হাইড্রোফ্র্যাকিং নিষিদ্ধ করা এবং রিসাইকেল করার পদ্ধতি উন্নত করা হলো আমার দীর্ঘ তালিকার মধ্যে কয়েকটি।

আমাদের সিটি জুড়ে বাস করা অনেক কমিউনিটিকে সহায়তা করার জন্য যে বিষয়গুলো সিটি হল ও এর বিভিন্ন এজেন্সি বারবার অবহেলা করেছে, পাবলিক অ্যাডভোকেট হিসেবে আমি সেই সংস্থানগুলো তৈরি করবো।

শিক্ষা ক্ষেত্রে, আমি ক্লাসের আকার ছোট করার জন্য, স্কুলগুলোকে আরও নিরাপদ করার জন্য লড়াই করবো, বরাদ্দ কমিয়ে দেওয়া প্রতিরোধ করবো এবং দেখবো যাতে আমাদের সন্তানদেরকে বিবেচনা করা হয় শুধুমাত্র পরীক্ষার স্কোর অনুযায়ী নয়।

জনপ্রতিনিধি হিসেবে গ্রীন পার্টির একজন প্রার্থী হিসেবে আমার বিশ্বাস, সকল নিউ ইয়র্কবাসী, তাঁদের আর্থ-সামাজিক অবস্থা নির্বিশেষে, মৌলিক অধিকার হিসেবে একটি পরিচ্ছন্ন নিরাপদ পরিবেশ, জীবনধারণের উপযোগী বেতন পাওয়ার মতো কাজ, সত্যিকারের সাশ্রয়ী মূল্যের আবাসন ব্যবস্থা এবং বিনামূল্যে স্বাস্থ্যসেবা সহ আরও অনেক সুবিধা পাওয়ার অধিকার রাখেন।


votejameslane@gmail.com
votejameslane.org
votejameslane
votejameslane
votejameslane


## ডেভিন বালকাইন্ড
## Devin Balkind

লিবার্টেরিয়ান



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ স্মার্টফোন অ্যাপ-ভিত্তিক জনসাধারণের অংশগ্রহণ প্রক্রিয়া
২ দ্রুত, উন্নত, সুলভে সরকারি সেবা
৩ রাজনীতি ও দলের ঊর্ধ্বে জনগণ

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** প্রেসিডেন্ট, সাহানা সফটওয়্যার ফাউন্ডেশন

**পূর্বের পেশা:** ইনফর্মেশন ম্যানেজমেন্ট কনসালটেন্ট, সারাপিস; CEO, BEExtraordinary

**শিক্ষাগত যোগ্যতা:** B.S., ফিল্ম অ্যান্ড হিস্টোরি, নর্থওয়েস্টার্ন ইউনিভার্সিটি

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ফ্রি সফটওয়্যার ফাউন্ডেশন, অকুপাই স্যান্ডি

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

আমার লক্ষ্য হলো রাজনীতিবিদদের ক্ষমতাকে প্রতিটি নিউ ইয়র্কবাসীর কাছে বন্টন করে দেওয়া। স্মার্টফোন অ্যাপ তৈরি, লাইভস্ট্রিমিং চ্যানেল প্রতিষ্ঠা এবং পাবলিক ইভেন্ট আয়োজন করার মাধ্যমে আমরা তা করবো, যার ফলে আপনার মতো নিউ ইয়র্কের জনগণ আমাদের সিটির সমস্যা সমাধানের জন্য একত্রে কাজ করার সুযোগ পাবেন।

কিভাবে? আমরা একটি অনন্য ৭-ধাপের প্রক্রিয়া তৈরি করেছি, যা নিউ ইয়র্কবাসীকে তাঁদের আলোচনাকে প্রস্তাবনায়, আইন প্রণয়নে, বাজেটের প্রতিশ্রুতিতে, প্রকল্পের অগ্রগতির হিসেব রাখতে ও ফলাফল বিশ্লেষণে পরিণত করতে সক্ষম করে তোলে। votedevin.com থেকে আপনি আরও বিস্তারিত জানতে পারবেন।

কাজ শুরু করার জন্য আমি নির্বাচিত হওয়ার জন্য অপেক্ষা করছি না। আমরা ইতোমধ্যেই আমাদের স্মার্টফোনের অ্যাপ-এর প্রথম সংস্করণটি তৈরি করেছি এবং আমরা তা করেছি বর্তমান পাবলিক অ্যাডভোকেটের বাজেটের ১%-এর ১০ ভাগের ১ ভাগ অর্থ দিয়ে। ভেবে দেখুন, সম্পূর্ণ বাজেট দিয়ে আমরা কতো কি করতে পারবো!

আমার প্রচারাভিযান ব্যক্তিগত সমস্যা নিয়ে নয়: এটি হলো এমন একটি প্রক্রিয়া যা নিউ ইয়র্কবাসীকে প্রকৃত অবস্থানে নিয়ে যাবে – নিয়ন্ত্রণের মাধ্যমে। পাবলিক অ্যাডভোকেটকে সত্যিকার অর্থে তাই এটাই করা উচিত।

চলুন পরবর্তী এই পদক্ষেপটি গ্রহণ করি। একত্রে।


devin@votedevin.com
votedevin.com
votedevin
devinbalkind
votedevin
votedevin
bit.ly/votedevinyoutube

# কম্পট্রোলার

## স্কট এম. স্ট্রিনজার
## Scott M. Stringer



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ NYC-কে আরো সহজসাধ্য করা
২ আমাদের পাবলিক স্কুলগুলোকে শক্তিশালী করা
৩ মানসম্পন্ন আবাসন যা জনগনের সামর্থের মধ্যে

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কম্পট্রোলার
**পূর্বের পেশা:** ম্যানহাটান বারো প্রেসিডেন্ট
**শিক্ষাগত যোগ্যতা:** বি.এ., জন জে কলেজ অফ ক্রিমিনাল জাস্টিস
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** প্রযোজ্য নয়
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** বারো প্রেসিডেন্ট; অ্যাসেম্বলির সদস্য

আমরা নিশ্চিত করতে পারি যে, কর্মীদের পরিবারগুলো নিউইয়র্কে বাস করার সামর্থ্য রাখে- এবং এর অর্থ হোল বসবাসের খরচ এবং আমাদের পাবলিক স্কুলগুলির দক্ষতার উপর মনোযোগ কেন্দ্রীভূত করা, এবং আরও ভালো বেতনের চাকরি সৃষ্টি করা।

কম্পট্রোলার হিসাবে, আমি ন্যূনতম মজুরি একটি কার্যকরী মজুরি করতে 'ফাইট ফর 15'-এ নেতৃত্ব করতে সাহায্য করেছি। এবং আমি ১০০০ থেকেও অধিক সিটির-মালিকানাধীন খালি জমিতে যে আমরা সাশ্রয়ী মূল্যের গৃহের অবস্থানে পরিণত করতে পারি তা চিহ্নিত করেছি, যাতে আরো পরিবার এখানে থাকতে পারে।

আমরা এখানে বাস করাটা আরও সহজ করে তুলতে পারি- যার মানে হোল আমাদের সাবওয়ে এবং বাসগুলিতে আবার বিনিয়োগ করা এবং বিরক্তিকর বিলম্বগুলির অবসান করা, চাইল্ড কেয়ার অ্যাক্সেস বাড়ানোর এবং নিশ্চিত করা যে প্রতিটি জিপ কোডের মধ্যে অসাধারন পাবলিক স্কুল আছে।

সিটির পেনশন তহবিলের ব্যবস্থাপক হিসাবে, আমি পুনর্গঠনের জন্য লড়াই করেছি, সেটা বোর্ডের ভেতরে আরও বৈচিত্র্য আনার দাবি করার জন্যই হোক বা গুরুত্বপূর্ণ সামাজিক সমস্যাগুলির উপর কর্ম সম্পাদনের জন্যই হোক - জলবায়ু পরিবর্তন থেকে প্রাইভেট কারাগার পর্যন্ত। এবং নীরিক্ষা ও তদন্তের মাধ্যমে, আমি সিটি সরকারকে দায়বদ্ধ রাখার জন্য কঠোর পরিশ্রম করেছি।

৭ নভেম্বর-এ, আমি আশা করি আপনি আমার নিউইয়র্কের জন্য কাজ করা বজায় রাখবেন যাতে এটাকে আমাদের নিবাস হিসেবে গন্য করতে পারি।

info@stringerfornewyork.com
stringerfornewyork.com
stringernyc
scottmstringer

## মাইকেল জে. ফোকনার
## Michel J. Faulkner



রিপাবলিকান, কনজারভেটিভ, রিফর্ম, স্টপ ডি ব্লাজিও

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ NYCHA-এর রক্ষণাবেক্ষণ প্রক্রিয়ার উন্নয়ন
২ মধ্যবিত্ত পরিবারদের জন্য সম্পত্তি কর হ্রাস
৩ ন্যায্যভাবে ফেডারেল শুল্ক ও ব্যয়

**দলীয় অন্তর্ভুক্তি:** দলীয় অন্তর্ভুক্তি: রিপাবলিকান
**বর্তমান পেশা:** পেস্টর
**পূর্বের পেশা:** সহকারী ডীন অব স্টুডেন্ট এবং ভাইস-প্রেসিডেন্ট অফ আরবান মিনিস্ট্রি, লিবার্টি ইউনিভার্সিটি/উদ্যোক্তা
**শিক্ষাগত যোগ্যতা:** ভার্জিনিয়া টেক থেকে কমিউনিকেশনে BAএবং এডুকেশন ও ক্যারিয়ার কাউন্সিলিং-এ মাস্টার্স
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** প্রতিষ্ঠাতা-ইন্সটিটিউট ফর লিডারশীপ, ২০০৫
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কো-চেয়ারম্যান, শিক্ষা বোর্ডের টাস্ক ফোর্স, রুডী জুলিয়ানীর অধীনে পুলিশ কমিউনিটি রিলেশনের টাস্ক ফোর্স, সিটি চার্টার রিভিশন কমিশনের কমিশনার।

আমি বিশ্বাস করি যে, বর্তমান কম্পট্রোলার, প্রতিবেদন প্রস্তুত এবং নিরীক্ষা পরিচালনা করার ব্যাপারে যথেষ্ট কাজ সম্পন্ন করেছেন, কিন্তু তিনি ফলাফল অর্জনের ক্ষেত্রে আন্তরিকভাবে তাঁর ভূমিকা পালন করেন নাই। এইটি মনে রাখা প্রয়োজন যে, কম্পট্রোলারের কার্যালয়ে ৭৫০জন কর্মচারী আছেন যারা সশরীরে প্রতিবেন ও নিরীক্ষা সম্পন্ন করে থাকেন। কম্পট্রোলার হলো একটি নির্বাচিত পদ যেখানে দূরদর্শিতা ও সক্রিয়তা এবং উদ্যমের প্রয়োজন। আমাদের আরেকজন নির্বাচিত আমলার প্রয়োজন নাই। আমাদের দরকার একটি উদ্যোগী নজরদারি। আমি ২০১৮ সালে এই অফিসে নব উদ্যম আনতে যাচ্ছি এবং সিটি কাউন্সিল ও মেয়রকে একইভাবে করদাতাদের এবং বাসিন্দাদের নিকট দায়বদ্ধ করবো।

info@faulknerfornewyork.com
faulknerforny.com
michel.faulkner
michelfaulkner

# কম্পট্রোলার

## জুলিয়া উইলিব্রেন্ড
## Julia Willebrand

গ্রীন



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ NYC –র কর্পোরেট আর্থিকের সরকারী সাহায্য রহিত করা
২ স্টক হস্তান্তরের করের পুনর্বহাল
৩ পৌর ব্যাংক প্রতিষ্ঠার অগ্রসর করা

**দলীয় অন্তর্ভুক্তি:** গ্রীন

**বর্তমান পেশা:** সক্রিয়তাবাদী কর্মী

**পূর্বের পেশা:**হিসাবরক্ষক, ওয়েট্রেস, প্রাইভেট ইনভেষ্টিগেটর; হাঙ্গেরি থেকে ফুলব্রাইট প্রফেসর; SUNY লেবর কলেজ, ইংলিশ ডিপার্টমেন্ট চেয়ার; জার্সি সিটি স্টেট কলেজ, ESL ডিপার্টমেন্ট, সমন্বয়কারী; শিক্ষিকা, PS ৮৪

**শিক্ষাগত যোগ্যতা:** BA, আমেরিকান স্টাডিস, সিটি কলেজ NY; MA, অ্যাডাল্ট এডুকেশন, টিচার্স কলেজ, কলম্বিয়া ইউনিভার্সিটি; Ed.D TESOL, টিচার্স কলেজ, কলম্বিয়া ইউনিভার্সিটি

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ইউ এস গ্রীন দল; NYS ন্যাশনাল ডেলিগেট; ফেডারেশন অফ গ্রীন পার্টিস অফ দি আমেরিকাস ইউ এস ডেলিগেট; সিয়েরা ক্লাব; পূর্ববর্তী আটলান্টিকে চ্যাপ্টার, কনজারভেটিভ চেয়ার, আপ্পালাইশিয়ান মাউন্টেন ক্লাবের পূর্ববর্তী সংরক্ষণ চেয়ার; ইউনাইটেড ফেডারেশন অফ টিচার্স ডেলিগেট; OWS অল্টারনেটিভ ব্যাঙ্কিং গ্রুপ

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** ম্যানহাটান সলিড ওয়েইস্ট অ্যাডভাইসারি বোর্ড, চেয়ার

পাবলিক স্কুলের দুই-টি শিশুদের মা হিসাবে, ব্রুকলীনে জন্ম গ্রহণকারী, নিউ ইয়র্কবাসী কন্যা আর নাতনী, কুইন্সে বড়ো হয়ে, ম্যানহাটানে শিক্ষিত হয়ে, আর ব্রঙ্কসের একজন কর্মীহিসাবে আমি সিটিটি ভাল ভাবে চিনি এবং অনেক শ্রেণী স্তর দেখেছি । আমি অফিসের স্বাধীন ক্ষমতা ব্যবহার করে কেবলমাত্র ১% নয়, প্রত্যেক নিউ ইয়র্কবাসীর উপকার করার আশা রাখি।

juliaactivist@gmail.com
JuliaActivist.info
VoteJuliaNYC
Julia4NYC

## আলেক্স মের্সেদ
## Alex Merced

লিবার্টারিয়ান



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ পেনশন ফান্ডের নিরাপদ ব্যবস্থাপনা
২ করদাতা নিধির হিসাবপরীক্ষা করা
৩ ক্রেডিট রেটিং বহাল ও উন্নত করা

**দলীয় অন্তর্ভুক্তি:** লিবার্টারিয়ান

**বর্তমান পেশা:** আর্থিক প্রশিক্ষণ বিশেষজ্ঞ

**পূর্বের পেশা:** দোকানের মালিক

**শিক্ষাগত যোগ্যতা:** BGSU থেকে B.A

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** নিউ ইয়র্কের লিবার্টারিয়ান দল

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** ২০১৬ –র U.S. সেনেট পদ প্রার্থী

NYC-এর করদাতাদের করের অর্থ সঠিকভাবে ব্যয় করা এবং NYC-এর কর্মচারীদের পেনশনের অর্থ পরিকল্পিতভাবে বিনিয়োগ করার জন্য আমি করতে চাই। NYC-এর পেনশন ফাণ্ডের ব্যবস্থাপনায় সর্বাধিক অগ্রাধিকার দেব কারণ এটি NYC-এর কর্মচারীদের অবসর গ্রহণ নিশ্চিত করে, কিন্তু আবার ক্যাচ-আপ কিস্তির অব্যবস্থাপনার ফলে NYC-এর করদাতাদের শত শত মিলিয়ন ডলারের খরচ হয়।

আমি আশা করি করদাতাদের ডলারগুলো রক্ষা করার উপর ফোকাস করতে পারি এবং আমাদের বর্তমান কম্পট্রোলারের মত উচ্চতর অফিসের জন্য রাজনৈতিক খেলা খেলবো না। NYC পেনশনস এবং করদাতাদের রক্ষা করার জন্য আমার পরিকল্পনা সম্পর্কে জানতে হলে অনুগ্রহ করে AlexMercedforNY.com –এ দেখুন।

Alex@alexmercedforny.com
alexmercedforny.com
alexmercedfornewyork

# কুইন্স বোরো প্রেসিডেন্ট

## মেলিন্ডা কাৎজ
## Melinda Katz



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ ভাল পরিশোধ দেওয়ার চাকরী তৈরি করা
২ সাশ্রয়ী আবাসনগুলোকে রক্ষা করা
৩ উচ্চ অর্জনের স্কুল সমূহ

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কুইন্স বরো প্রেসিডেন্ট

**পূর্বের পেশা:** NYC কাউন্সিল সদস্য (২০০২-২০০৯); ডিরেক্টর অফ কমিউনিটি বোর্ডস, কুইন্স বরো প্রেসিডেন্টের অফিস (১৯৯৯-২০০২); NYS অ্যাসেম্বলি সদস্য (১৯৯৪-১৯৯৮); উকিল

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট জনস ইউনিভার্সিটি স্কুল অফ ল' থেকে M.B.A. J.D., ইউনিভার্সিটি অফ ম্যাসাচুসেটস থেকে B.A., হিলক্রিস্ট হাই স্কুল

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** সাবেক বোর্ড সদস্য, কুইন্স সিম্ফনি অর্কেস্ট্রা এবং কুইন্স জুইস কমিউনিটি কাউন্সিল

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কাউন্সিল সদস্য এবং চেয়ার অফ ল্যান্ড ইউজ কমিটি; ডিরেক্টর অফ কমিউনিটি বোর্ড, কুইন্স বরো প্রেসিডেন্টের অফিস; নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য

আমি যখন কুইন্স বোরো প্রেসিডেন্ট হয়েছিলাম, আমার জন্য গুরুত্বপূর্ণ এই ছিল যে, সারা বিশ্ব যেন কুইন্সের বিস্ময়ের কথা জানে। আমরা জানি যে, বৈচিত্র্য মানে শক্তি, সুযোগ, এবং অর্থনৈতিক বৃদ্ধি। আমরা হলাম উদ্যোক্তা এবং ক্ষুদ্র ব্যবসাগুলির অধিবাস। আমরা বুদ্ধিমান, সাথে আছে ভাল ভাল সরকারী স্কুল, বিশ্বমানের কলেজ আর বিশ্ববিদ্যালয়, এবং গবেষণা প্রতিষ্ঠান সমূহ। আমাদের মহান শিল্প ও সংস্কৃতি, সুন্দর উদ্যান আর সৈকত, এবং রেস্টুরেন্ট এবং নাইট লাইফ আছে। কিন্তু তাও আমাদের চ্যালেঞ্জগুলো রয়েছে, এবং সেগুলোর সমাধান করার জন্য আমি নিবেদিত: স্কুলের অতিরিক্ত শিক্ষার্থীর সংখ্যা কমানো, সাশ্রয়ী আবাসনগুলোকে রক্ষা করা, এবং আমাদের বয়স্ক ব্যক্তিরা যাতে তাঁদের সমস্ত জীবনে পরিচিত কমিউনিটিগুলিতে থাকার ব্যয় বহন করতে পারেন তা নিশ্চিত করব।


Katz4bp@gmail.com
melindakatz.com
melinda.katz.4queens
MelindaKatz


## উইলিয়াম কে. ক্রেগলার
## William K. Kregler



রিপাবলিকান, কনজার্ভেটিভ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ রাস্তা, সেতু, রেলপথ, বিমানবন্দর সমূহের অবকাঠামো
২ কমিউনিটি বোর্ডের সকল সিদ্ধান্ত ও ভোটগুলোর বাস্তবায়ন করা
৩ জীবনের গুণগত মান সম্পর্কিত বিষয়গুলি

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** পরামর্শকারী

**পূর্বের পেশা:** FDNY ফায়ার মার্শাল

**শিক্ষাগত যোগ্যতা:** BS একাউন্টিং

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** প্রেসিডেন্ট – NYC ফায়ার মার্শালের বেনেভোলেন্ট এসোসিয়েশন

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কমিউনিটি এডুকেশনাল কাউন্সিল ২৪

বর্তমান প্রশাসন, কমিউনিটি বোর্ডের ভোট এবং সিদ্ধান্ত গুলো উপেক্ষা করে, যদি মেয়র এর রাজনৈতিক বিষয়সূচির সাথে সেগুলোর সম্মতি না হয়। আশ্রয়কেন্দ্র নির্মাণ এবং যৌন-সম্পর্কিত অপরাধীদের বাসস্থানসমূহ সম্পর্কে কমিউনিটিগুলিতে বিভ্রান্তি ও মিথ্যা তথ্য দেয়া হয়েছিল।

আমাদের গৃহহীনদের প্রথমে অবশ্যই রাস্তায় বাস করা থেকে সরিয়ে আনতে হবে যাতে তাঁদের ভীষণভাবে প্রয়োজনীয় উপযুক্ত কাঠামো এবং সাহায্য প্রদান করা যেতে পারে।

আমাদের আশেপাশের কমিউনিটিগুলোর উপর নেতিবাচক প্রভাব না ফেলে, আমাদের রাস্তাঘাটের সুদূর প্রসারী সব ধরণের পরিবহনের সংকুলান করে অবশ্যই উন্নয়ন করতে হবে।

আমাদের নেইবারহুডগুলোর অতিরিক্ত উন্নয়নের বিরুদ্ধে লড়াই করার জন্য আমাদের জোনিংআইনগুলি অবশ্যই মানতে এবং প্রয়োগ করতে হবে। কোন নতুন উন্নয়নে কমিউনিটি সেবার স্থান অন্তর্ভুক্ত করতে হবে – যেমন স্কুল বা চিকিৎসার স্থান।

যখন সরকার, বিধি-বিধান ও আইন এবং কমিউনিটির সিদ্ধান্ত অগ্রাহ্য করে জনগণের জন্য কি ভাল তার নির্দেশনা দেয়, তখন ভোটের মাধ্যমে আমাদের অধিকারের জন্য অবশ্যই লড়াই করতে হবে।

৭ নভেম্বরে আমার জন্য ভোটদান করে আমাদের কমিউনিটির প্রভাবিত উপরোক্ত বিষয়গুলি মোকাবেলা করার সমর্থনের জন্য অনুরোধ করছি। আপনাদেরকে ধন্যবাদ এবং আপনাদের শুভকামনা করছি।

# কুইন্স বোরো প্রেসিডেন্ট

## এভারলি ব্রাউন
## Everly Brown

স্বতন্ত্র, হোম পাব হাউস

গ্রহণযোগ্য ফটো দেন নাই

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ ফোরক্লোজার এবং সেলটার বন্ধ করা
২ সাশ্রয়ী আবাসন করা যা গৃহহীনদের জন্যও থাকবে
৩ স্থানীয় কাজের সুযোগের উন্নয়ন

**দলীয় অন্তর্ভুক্তি:** স্বতন্ত্র

**বর্তমান পেশা:** ব্যবসায়ী... কমিউনিটির সক্রিয় কর্মী

**পূর্বের পেশা:** ফোরক্লোজার কনসালটেন্ট এবং বিনিয়োগকারী

**শিক্ষাগত যোগ্যতা:** সেন্ট ফ্রান্সিস কলেজ থেকে ব্যাচেলর্স ডিগ্রী

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্ক, বিভিন্ন নাগরিক সমিতি এবং চ্যারিটি

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কমিউনিটি এডভোকেট ২০ বছরের অধিক

আমি ৪০ বছরের অধিক সময় কুইন্স বরো-তে বসবাস করেছি। আমি কুইন্সকে ভালবাসি এবং আমাদের বাসিন্দাদের জন্য ভাল মানের জীবন চাই। আমাদের প্রয়োজন নিরাপদ নেইবারহুড... গ্যাং প্রতিরোধ... ভাল স্কুল... পরিষ্কার পরিবেশ... সংখ্যালঘুদের এলাকায় অতিরিক্ত ঘনবসতিপূর্ণ গৃহহীনদের সেলটারগুলো বন্ধ করা, যার ফলে সম্পত্তির দাম হ্রাস পায়... বড় বড় ডেভেলপাররা NYCHA বাড়িগুলো অধিগ্রহণ করে বাসিন্দাদেরকে সরিয়ে কেবলমাত্র ধনীদের জন্য বিল্ডিং নির্মাণ করাটা থামানো। আমাদের স্থানীয় কাজের সুযোগের উন্নয়নের প্রয়োজন, যাতে আমাদের বাসিন্দারা স্ফীত অর্থনীতিতে বেঁচে থাকতে পারে।

কুইন্সের সংখ্যালঘু ব্যবসায়ীদের ব্যবসার ন্যায্য হিস্যা আমি নিশ্চিত করব। আমি একজন ন্যায়পরায়ণ নির্বাচিত অফিসিয়াল হবো... যিনি আমাদের সকল বাসিন্দাদের সেরা স্বার্থের জন্য কাজ করবেন... তাদের জাতি... ধর্ম... বর্ণ... বা ধর্মবিশ্বাস নির্বিশেষে। আমাদেরকে জাতিগত ন্যায়বিচার এবং সামাজিক সমতার জন্য দাঁড়ানো দরকার।

BrownForChange2017@gmail.com
BrownForQBP2017.com

# আর কখনো আরেকটি নির্বাচনী সময়সীমা বাদ না পরে

আপনার সিটি নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ের ব্যাপারে অবগত থাকুন!

- ☑ প্রার্থীর তথ্যাদি সহ নির্বাচনী স্মারক পাঠান
- ☑ আমাকে NYC ভোটস প্রোগ্রামের হাল নাগাদ তথ্যাদি নিয়মিতভাবে পাঠান
- ☑ আমি স্বেচ্ছাসেবক হতে চাই

**সাইনআপ**

যোগ দিতে **+1 917 979 6377** নম্বরে **NYCVOTES** টেক্সট করুন

নির্বাচনের তারিখ এবং নির্দিষ্ট সময়সীমার ব্যাপারে, আপনার স্থানীয় নির্বাচন সম্পর্কিত তথ্যের বিষয়ে, স্বেচ্ছাসেবক হতে এবং NYC ভোটস প্রোগ্রামের খবর এবং ভবিষ্যতের অনলাইন সংস্করণ চালু করার বিষয়ে ইমেল বা টেক্সটে বিজ্ঞপ্তি পেতে **nycvotes.nyccfb.info**-এ সাইন আপ করুন।

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ১৯

## পল এ. ভ্যালোন
## Paul A. Vallone



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ স্কুলের জন্য নিরাপদ তহবিল
২ জীবনমান সংরক্ষণ অব্যাহত রাখা
৩ বয়োজেষ্ঠ্য ও বৃদ্ধদের জন্য লড়াই

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, ১৯তম ডিস্ট্রিক্ট

**পূর্বের পেশা:** ম্যানেজিং পার্টনার, ভ্যালোন এন্ড ভ্যালোন, LLP

**শিক্ষাগত যোগ্যতা:** J.D., সেন্ট জনস ইউনিভার্সিটি স্কুল অফ ল', বি.এ.; ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ক্লিন্টন ড্যামোক্রেটিক ক্লাবের ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্ট, প্রথম প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা সদস্য, বেসাইড-হোয়াইটস্টোন লায়ন্স ক্লাব

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** ১৯তম ডিস্ট্রিক্ট ও NYC সংশোধন পর্ষদের কাউন্সিল সদস্য

কাউন্সিল সদস্য হিসেবে, প্রথম দিন থেকে আমার মুখ্য লক্ষ্যবিন্দু ছিলো ডিস্ট্রিক্ট ১৯-কে মানচিত্রে ফিরিয়ে আনা, এবং আমাদের সহযোগী নির্বাচিত কর্মকর্তা, স্কুল, ক্রীড়া দল, অলাভজনক সংস্থাগুলো এবং প্রতিটি নাগরিক ও সাংস্কৃতিক সমিতির সাথে একত্রে কাজ করে, আমরা ঠিক তাই করেছি। আমার মেয়াদের প্রথম চার বছর জুড়ে, ডিস্ট্রিক্ট ১৯ প্রায় ৬৫ মিলিয়ন ডলার তহবিল গ্রহণ করেছে, যা পূর্ববর্তী বারটি সিটির বাজেট পরিপূর্ণভাবে ছাপিয়ে যায়। অনেক মিলিয়ন ডলারের কারণে আমাদের স্কুল, পার্ক ও লাইব্রেরিসমূহ পুনরুজ্জীবিত হয় যা আগে কখনো বরাদ্দ ছিলো না। আমাদের স্কুলগুলিকে আধুনিকায়ন ও সহায়তা করতে তহবিলের জন্য লড়াই অব্যাহত রাখা, আমাদের জীবনমান সংরক্ষণের জন্য আইনীকরণ প্রক্রিয়া পাস করা ও শহরের প্রতিনিধিদের সাথে কাজ করা এবং আমাদের বয়োজেষ্ঠ্য ও বৃদ্ধরা যে আমাদের সিটি থেকে সম্ভাব্য সর্বোত্তম পরিষেবা গ্রহণ করছেন তা নিশ্চিত করা হোল আমার পুনঃনির্বাচন প্রচারণার স্তম্ভ।

votevallone@gmail.com
votevallone.com
WeSupportPaulVallone
paulvallone
718-428-7285

## পল ডি. গ্রাজিয়ানো
## Paul D. Graziano



রিফর্ম

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ অতিউন্নয়ন/জীবনমান
২ শিক্ষা
৩ সরকারি জমি/পার্কের সুরক্ষা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নগর পরিকল্পনাবিদ

**পূর্বের পেশা:** একই

**শিক্ষাগত যোগ্যতা:** MS আরবান অ্যাফেয়ার্স, হান্টার কলেজ/BA কম্পেরেটিভ লিটারেচার, UMASS/ব্রঙ্কস হাই স্কুল অফ সায়েন্স

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** উত্তরপূর্ব কুইনসের মাল্টিপল সিভিক/হোমওনার অ্যাসোসিয়েশন

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** স্টেট সিনেটর টনি অ্যাভেলা/অন্যান্য নির্বাচিত কর্মকর্তাদের ভূমি ব্যবহার পরামর্শক

দুই দশক ধরে উত্তরপূর্ব কুইনস একটি গুরুতর সমস্যার সম্মুখীন হয়েছে, ২০১৩ থেকে তা নিকট-সংকট পর্যায়ে পৌঁছেছে: অতিউন্নয়ন এবং আমাদের জীবনমানে লব্ধ ক্ষতি।

নির্মাণ বিভাগে দুর্নীতি/আইন প্রয়োগের অভাবের কারণে আমাদের আশপাশে অতিউন্নয়ন দেখেছি, যার ফলে হয়েছে, একক-পরিবারের ঘরবাড়ির অবৈধ রূপান্তর এবং অনুপযুক্ত নির্মাণ। আমরা মৌলিক পরিষেবা ও অবকাঠামোতে উল্লেখযোগ্য অবনতি দেখেছি, সবকিছু আমাদের কষ্টার্জিত করের অর্থ ব্যয়ে।

আমি উত্তরপূর্ব কুইনসকে এই ধরনের অপব্যবহার থেকে রক্ষা করার জন্য আমার জীবন উৎসর্গ করেছি এবং আমাদের প্রতিবেশীদের জন্য অবিরত লড়ে গেছি, যার মধ্যে রয়েছে এক দশক আগে আমাদের অধিকাংশ কাউন্সিল ডিস্ট্রিক্টকে একটি ক্ষুদ্রতর অঞ্চল শ্রেণির অধীনে আনা; ২০১৫ সালে কমিউনিটির ইচ্ছার বিপরীতে প্রাক্তন বেসাইড জিউইশ সেন্টারে একটি ৬-তলা, ৮০০-শিক্ষার্থীর হাই স্কুল স্থাপন করা থেকে বর্তমান কাউন্সিল সদস্যকে বিরত রাখা; এবং ৬-ই জুন, ফ্লাশিং মিডৌস- কোরোনা পার্কে একটি বৃহৎ-বাজার নির্মাণের জন্য সরকারি পার্কল্যান্ডের ৪৫ একর জমি চুরি বন্ধ করা।

paulgraziano2017@gmail.com
paulgraziano.com
paulgraziano2017
PaulGraziano19

# সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ১৯

এছাড়াও সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ১৯-এ প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

## কনস্ট্যান্টিনোস পুলিদিস
**Konstantinos Poulidis**

রিপাবলিকান

*প্রার্থী তাঁর পূর্ণাঙ্গ একটি প্রোফাইল এই ভোটার গাইড মুদ্রনের সময় অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই।

# সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২০

## পিটার এ. কু
**Peter A. Koo**

ডেমোক্র্যাটিক



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ শিক্ষা
২ জনসাধারণের নিরাপত্তা
৩ জীবনযাত্রার মান

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কাউন্সিলম্যান

**পূর্বের পেশা:** ফার্মাসিস্ট

**শিক্ষাগত যোগ্যতা:** ইউনিভার্সিটি অফ নিউ মেক্সিকো, অ্যাল্বুকারকী

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** লাগোয়ারডীয়া কমিউনিটি কলেজ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা; ফ্লাশিং রোটারি ক্লাবের প্রেসিডেন্ট; আমেরিকান ক্যান্সার সোসাইটির বোর্ড মেম্বার

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কমিউনিটি বোর্ড ৭-এর মেম্বার

যখন আমি প্রথমবার অফিসে কাজ শুরু করলাম, তখন আমি আমার উদ্দেশ্য তৈরি করলাম সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করা, এবং আমি বলতে পেরে গর্বিত যে আমরা বাস্তব অগ্রগতি অর্জন করেছি।

আমি REBNY-র বিরুদ্ধে সংগ্রাম করেছি, এবং সিটির ল্যান্ডমার্কিং প্রক্রিয়া সংশোধন করেছি, সংশ্লিষ্ট সকল পক্ষের জবাবদিহিতা বেড়েছে।

আমরা ১৪৯-স্ট্রিটের সেতু পুনরায় খোলার জন্য কাজ করেছি; আমরা মেইন স্ট্রিটের, রুজভেল্ট এভিনিউ-এর, কলেজ পয়েন্ট বুলেভার্ডের, কিসেনা কোরিডোর পার্কের কাছাকাছির রাস্তাগুলো মেরামত করেছি।

আমরা মেইন স্ট্রিটের ফুটপাথগুলি আরও চওড়া করছি, পদযাত্রীদের নিরাপত্তার জন্য, এবং আমরা চালু করেছি ফ্লাশিং পরিচ্ছন্ন রাখার অভিযান৷ (৷কিপ ফ্লাশিং ক্লিন ক্যাম্পেইন৷)।

আমি আমাদের ডিস্ট্রিক্টের সাশ্রয়ী মূল্যের বাসস্থানসমূহ তৈরি করার জন্য কাজ করেছি এবং ভাড়া স্থিতিশীল ভবনগুলোর ভাড়াটিয়াদের দরজায় দরজায় গিয়ে তাঁদের অধিকার জানানো নিশ্চিত করেছি। আমি আমাদের পরিবারের এবং আশেপাশের এলাকা রক্ষা করার জন্য, অবৈধ রূপান্তর আইন সমর্থন এবং পাস করেছি।

আমি আমাদের স্কুলগুলির জন্য অনুদান পেয়েছি যার মধ্যে P.S. 24-এর নতুন শাখার নির্মাণ, এবং ফ্রান্সিস লুইস হাইস্কুলের জন্য একটি নতুন সংযোজন নির্মাণ রয়েছে।

আমার প্রথম অগ্রাধিকার হল আমাদের কমিউনিটির সেবা সবসময় করার, এবং ফ্লাশিংয়ের অব্যাহত অগ্রগতির জন্য আমি প্রতিজ্ঞাবদ্ধ।

PeterKoo2017@gmail.com
peterkoo.com
PeterKooCampaign
CMPeterKoo

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২১

## ফ্রান্সিসকো ময়া
## Francisco Moya



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

**গুরুত্বপূর্ণ ৩টি বিষয়**

১ শক্তিশালী ভাড়াটিয়া সুরক্ষা এবং ক্রয়ক্ষমতা
২ আমাদের স্থানীয় বিদ্যালয়ের উন্নতিসাধন
৩ বয়োজ্যেষ্ঠদের সুরক্ষা করা এবং কর্তন প্রতিরোধ

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার
**পূর্বের পেশা:** সরকার সম্পর্কিত
**শিক্ষাগত যোগ্যতা:** BA, সেন্ট জনস ইউনিভার্সিটি, ন্যাশনাল আরবান ফেলো, MPA বারুক কলেজ
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** করোনা লায়ন্স ক্লাব; সেন্ট লিও'স গোল্ডেন এইজ ক্লাব
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্ট প্রধান; সভাপতি, কংগ্রেসম্যান জো ক্রোওলি এর ল্যাটিনো বিষয়ক কমিটি

আমি করোনার একজন আজীবন বাসিন্দা, যে কিশোর অবস্থায় করোনা গার্ডেন নেইবার অ্যাসোসিয়েশান সংগঠনের মাধ্যমে আমার কমিউনিটিকে সংঘবদ্ধ করতে শুরু করেছি - যা একটি ব্লক-ওয়াচ প্রোগ্রাম চালু করেছে, এবং আশপাশের এলাকার সৌন্দর্যের যত্ন রেখেছে। এই প্রারম্ভিক সক্রিয়তার উপর ভিত্তি করে, আমি আমাদের কমিউনিটির জন্য কাজ করতে কংগ্রেসওম্যান নীডিয়া ভেলাক্ক-এর জন্য কাজ করি, এবং এল্মহার্স্ট হসপিটালে স্বাস্থ্য সেবা সম্প্রসারণ করতে সাহায্য করি।

আমি আমার জীবন নিবেদিত করেছি, আন্তরিকভাবে জনগণের সেবায়-আমাদের এলাকাগুলোর মধ্যে জন সেবার সুযোগ বৃদ্ধি ও বয়োজ্যেষ্ঠদের সহায়তার মাধ্যমে। অ্যাসেম্বলিতে, আমি অভিবাসীদের জন্য ভাল বেতনের চাকরি, নিরাপদ রাস্তা, স্কুলের তহবিল বৃদ্ধি, ও বৃহত্তর সুরক্ষা প্রদান করেছি। আমি ন্যূনতম মজুরি বৃদ্ধি ও ফৌজদারি বিচার সংস্কার করে গর্বিত। আমি গৃহ মালিকদের খরচ কমানোর জন্য জুলিসার সেবার ঐতিহ্য চালিয়ে যাবো, প্রি-কে এবং আফটার-স্কুল প্রোগ্রাম বিস্তৃত করবো, এবং সিটি হলে আমাদের বক্তব্য তুলে ধরবো। আমাদের এগিয়ে যেতে হবে এবং ট্রাম্প ও দুর্নীতির বিরুদ্ধে দাঁড়াতে হবে।

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২২

## কোস্টা কন্সট্যান্টিনিডিস
## Costa Constantinides



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

**গুরুত্বপূর্ণ ৩টি বিষয়**

১ আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখা
২ বিজ্ঞান শিক্ষার উন্নয়ন
৩ আমাদের পার্কগুলিকে পুনরুজ্জীবিত করা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য
**পূর্বের পেশা:** ডেপুটি চিফ অফ স্টাফ
**শিক্ষাগত যোগ্যতা:** কার্ডোজো ল স্কুল থেকে স্নাতক কুম লাউডে
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** অ্যাস্টোরিয়া ও NYC জুড়ে একাধিক প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** বর্তমান কাউন্সিল সদস্য

কাউন্সিল সদস্য হিসেবে প্রথম মেয়াদে, আমাদের শহরকে বিপদ ও জীবাশ্ম জ্বালানির দূষণ থেকে একটি নবায়নযোগ্য ও টেকসই ভবিষ্যতের দিকে রূপান্তর করাকে আমার লক্ষ্যে পরিণত করেছিলাম। ২০১৪ সালে, সিটি কাউন্সিল সর্বসম্মতিক্রমে ২০৫০-এর মধ্যে ৮০ শতাংশ কার্বন নিঃসরণ কমিয়ে আনতে আমার বিল পাস করেছিল। এ জন্য, সৌর শক্তি, ভূতাপীয় শক্তি, জৈবজ্বালানি, টেকসই উত্তাপন এবং বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার বাড়াতে আমরা আমার বিল পাস করেছি। উক্ত কাউন্সিল K-12 এর বিষয়-অংশ হিসেবে জলবায়ু বিজ্ঞান শিক্ষাদান সংক্রান্ত আমার প্রস্তাবও পাস করেছে।

আমাদের শহরের বার্ষিক বাজেটের অংশ হিসেবে, আমি সরকারি স্কুলসমূহে STEM ল্যাব ও বিজ্ঞান শ্রেণিকক্ষের জন্য তহবিল অর্জন করেছি। হ্যালেটস কোভে ইন্টার্যকটিভ কায়াকের উদ্বোধনের জন্যও আমি তহবিল প্রদান করেছি যেখানে শিক্ষার্থীরা সামুদ্রিক জীবন সম্বন্ধে অধ্যয়ন করতে পারবে। আমাদের ডিস্ট্রিক্ট জুড়ে পার্ক ও খেলার মাঠ বৃদ্ধি করার জন্য আমি অনেক মিলিয়ন ডলার বিনিয়োগ করেছি। ওয়েস্টার্ন অ্যাস্টোরিয়ায় অতি-প্রয়োজনীয় পরিবহন বিকল্প প্রদান করে এই অঞ্চলে ফেরি ফিরিয়ে আনার জন্য আমি লড়ে গেছি।

Costa4ny@gmail.com
VoteCosta.com
costaforastoria
costa4ny

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২২

এছাড়াও সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২২-এ প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

### ক্যাথলিন স্প্রিংগার
### Kathleen Springer
প্রবেশ করা

*প্রার্থী তাঁর পূর্ণাঙ্গ একটি প্রোফাইল এই ভোটার গাইড মুদ্রনের সময় অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই।

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৩

### ব্যারি এস. গ্রোডেনচিক
### Barry S. Grodenchik
ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ



**গুরুত্বপূর্ণ ৩টি বিষয়**

১ আমাদের স্কুলগুলিকে উন্নত রাখা
২ আমাদের সড়কগুলিকে নিরাপদ রাখা
৩ সম্পত্তির কর হ্রাস

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার

**পূর্বের পেশা:** NY অ্যাসেম্বলি, ডেপুটি কুইনস বরো প্রেসিডেন্ট

**শিক্ষাগত যোগ্যতা:** B.A বার্মিংহাম ইউনিভার্সিটি (স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক)

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** নেই

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** তিন দশক ধরে সরকারি কাজে নিয়োজিত

আমি ইস্টার্ন কুইনস সিটির কাউন্সিল সদস্য হয়ে গর্বিত, এবং এত অল্প সময়ে আমরা যা অর্জন করেছি তা নিয়ে আমি গর্বিত। আমি আপনার জন্য কাজ করে যেতে চাই। এই কারণে ৭ই নভেম্বর মঙ্গলবার আমি আপনার ভোট চাই।

info@BarryGrodenchik.com
BarryGrodenchik.com

# ডিস্ট্রিক্ট ২৩

## জোসেফ কনক্যানন
## Joseph Concannon



রিপাবলিকান, কনজারভেটিভ,
স্টপ ডি ব্লাজিও

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ সরকারে সততা
২ জনগণের নিরাপত্তা
৩ শিক্ষা ও পরিবহন

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** নিরাপত্তা পরামর্শক

**পূর্বের পেশা:** রেসিডেন্ট NY মেট্রো ইনফ্রাগার্ড

**শিক্ষাগত যোগ্যতা:** MPA জন প্রশাসন

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** পৌরনীতি, অলাভজনক সংস্থা, অনেকগুলো কোম্পানি, ব্লক সমিতি, রাজনৈতিক ক্লাব, ইত্যাদি

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** NYPD অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন, জুলিয়ানি প্রশাসনে জন নিরাপত্তার ডেপুটি পরিচালক

জনগণের আস্থা উন্নয়নে সরকারে সততা থাকা অত্যাবশ্যক। যত বেশি আস্থা থাকবে, নির্বাচনে জনগণ তত বেশি অংশগ্রহণ করবে। আমার প্রার্থীতা জনগণকে সম্পৃক্ত করানো, আস্থার উন্নয়ন করানো এবং সরকারে স্বচ্ছতা তৈরি করানো নিয়ে সম্পর্কিত। আমরা প্রায়ই দেখি রাজনৈতিক প্রক্রিয়ায় গণ্যমান্যদের মতামত ভোট প্রদানকারী ব্যক্তিদের মতামতের প্রতিফলন করে না। জন নিরাপত্তা হলো বর্ধনশীল অর্থনীতির ভিত্তি যা স্থিতিশীলতা এবং পুঁজিবাজার নিরাপদ থাকবে সে ব্যাপারে নিশ্চয়তা, উভয়ই প্রদান করে। পুলিশকে হাতকড়া পরিয়ে ও চোখ বেঁধে অন্ধতা করে আমরা ব্যবসার জন্য জন নিরাপত্তা কমাই, ভয় ও অনিশ্চয়তা সৃষ্টি করি। আমি NYC-কে এমন একটি সময় ফিরিয়ে দিতে চাই যখন ভয় ও অনিশ্চয়তা আমাদের নাগরিকদের প্রধান উদ্বেগের বিষয় থাকবে না। আমি আমাদের ডিস্ট্রিক্টে গণ পরিবহন বাড়াতে চাই। আমি গণ পরিবহন ব্যবস্থায় যাত্রীদের পুরস্কৃত করতে চাই, শাস্তি দিতে চাই না। শিক্ষালাভের দ্বারা শিক্ষার্থীরা ক্রিটিক্যাল থিঙ্কিং এর উপাদান হিসেবে এবং ব্যবসায় সু-প্রশিক্ষিত শ্রমিক বাহিনী হিসেবে তৈরি হবে। আমি আপনার কাছে ভোট চাই এবং আমরা সবাই মিলে NYC-কে পুনরায় মহান করে তুলতে পারবো।

joe.concannon@gmail.com
Joe4NY.com
ConcannonJoe
Joe_4_NY
Joe4NY

## জন ওয়াই. লিম
## John Y. Lim



জন ওয়াই. লিম

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ স্বাস্থ্য
২ শিক্ষা
৩ পরিবেশ

**দলীয় অন্তর্ভুক্তি:** নেই

**বর্তমান পেশা:** রাজনৈতিক প্রার্থী

**পূর্বের পেশা:** আর্থিক ব্যবসায়ী, ইলেকট্রনিক মেডিকেল রেকর্ড স্টার্টআপ এর প্রতিষ্ঠাতা, নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য বিভাগের চিকিৎসক, চিকিৎসক, ব্রুকলিনে হাউস-কল, ডিপডেল, হেম্পস্টিড এবং ইউনাইটেড হসপিটাল মেডিকেল সেন্টার, কোভেন্যান্ট হাউস, আন্ডার 21, ম্যানহাটান HQ, ব্রংক্স, বেডফোর্ড-স্টায়ভেসেন্ট স্টোরফ্রন্টস- এর গৃহ চিকিৎসক

**শিক্ষাগত যোগ্যতা:** ডেন্টন এভিনিউ এলিমেন্টারি স্কুল, হেরিক্স মিডল এন্ড হাই স্কুল, জনস হপকিন্স BS, SUNY বাফেলো, কর্নেল উইল মেডিকেল কলেজ MD, কলাম্বিয়া মেইলম্যান স্কুল অফ পাবলিক হেল্থ

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** নেই

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** যুক্তরাষ্ট্র নৌবাহিনী E-5

শিশুদের উন্নয়ন সম্বন্ধে চিন্তা এবং শিক্ষা প্রদান করা উচিত। শিশুদের বাইরে খেলাধুলা করা উচিত এবং তাদের হাসি- আনন্দ ও অন্যের সাথে মেলামেশা মুল্যায়ন হওয়া দরকার

যখন অধিক সবুজ হবে, বায়ু অধিক পরিষ্কার হবে, মানসিক চাপ এবং অপরাধ কমে যাবে এবং নবজাত শিশুরা আরো ওজন নিয়ে জন্মাবে।

মানুষ তাদের নিজেদের আবর্জনা পরিষ্কার করতে পারে না।

writeinLIM@gmail.com
www.writeinLIM.com

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৪

## রোরী আই. ল্যাঙ্কম্যান
## Rory I. Lancman



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ মধ্যবিত্ত পরিবারের বোঝা লাঘব
২ ফৌজদারি বিচার ব্যবস্থার পুনর্গঠন, জন নিরাপত্তা
৩ সরকারী স্কুলগুলোর উন্নয়ন

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য

**পূর্বের পেশা:** এসেম্বলি মেম্বার ২০০৭-২০১২, কর্মস্থলে বৈষম্য এবং হয়রানি, মজুরী আত্নসাত, এবং ত্রুটিপূর্ণ পণ্যের কারণে গুরুতর ক্ষতির শিকার ব্যক্তিদের আইনজীবী হিসাবে প্রতিনিধিত্বকারী।

**শিক্ষাগত যোগ্যতা:** কুইন্স কলেজ অফ দ্যা সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (B.A.); কলাম্বিয়া ল' স্কুল (J.D.)

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** নিম্নে দেখুন

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** পাবলিক অফিসে নির্বাচিত হবার আগে, রোরী বিভিন্ন বোর্ডে কাজ করেছেন, যার মধ্যে কমিউনিটি বোর্ড ৮, দি কুইন্স হসপিটাল সেন্টার কমিউনিটি এডভাইসারী বোর্ড (চেয়ার), দি নিউ ইয়র্ক স্টেট ট্রায়েল ল'ইয়ার এ্যাসোসিয়েশন, দি ব্র্যান্ডাইস বার এ্যাসোসিয়েশন এবং কুইন্স জুইস কমিউনিটি কাউন্সিল। রোরী নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টের ক্ষুদ্র দাবিদারের সালিশ হিসেবে, অবার্নডেল সকার লীগে একজন স্বেচ্ছাসেবক কোচ হিসেবে, এবং নিউ ইয়র্কের নিজস্ব 42 তম ইনফ্যান্ট্রি বিভাগের ইনফ্যান্ট্রি কর্মকর্তা হিসেবেও জড়িত ছিলেন।

৪০-বছরের বেশি সময় ধরে এই কমিউনিটিতে আমার বসবাস এবং আমি আমাদের কাউন্সিলের সদস্য হওয়ার জন্য গর্বিত। আমাদের জীবনমান উন্নত করতে ও আমাদের কমিউনিটির সেবা করার জন্য আমি আমাদের স্কুল, লাইব্রেরি, পার্ক ও সিনিয়র সেন্টারগুলোর জন্য অর্থ বরাদ্ধ করেছি। আমরা আমাদের শিশুদের জন্য সার্বজনীনভাবে প্রি-কে স্থাপন করেছি এবং আমাদেরকে নিরাপদ রাখার জন্য ১,৩০০ জন পুলিশের বাড়তি যোগ করেছি। এবং আমাদের ছোট ছোট ব্যবসা প্রতিষ্ঠানের উপর জরিমানা হ্রাস করেছি। আপনাদের সহায়তা নিয়ে, আমি সিটি হলে আমাদের কমিউনিটির জন্য লড়াই অব্যাহত রাখতে পারবো।


contact@rorylancman.com
RoryLancman
RoryLancman


## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৫

## ড্যানিয়েল ড্রোম
## Daniel Dromm



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ ট্রাভার্স পার্ক সম্প্রসারণ
২ স্কুল নির্মাণ, হোয়াইট ক্যাসেল সাইট
৩ এলমহার্স্ট হসপিটালে বিনিয়োগ

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** পাবলিক স্কুলের শিক্ষক

**শিক্ষাগত যোগ্যতা:** M.S

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ইউনাইটেড ফেডারেশন ফর টিচার্স, জ্যাকসন হাইটস বিউটিফিকেশন গ্রুপস, লেসবিয়ান এন্ড গে ড্যামোক্রেটিক ক্লাব অফ কুইনস এবং নিউ ভিশন ড্যামোক্রেটিক ক্লাব।

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** ড্যামোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার

আমার আপনার কাউন্সিল সদস্য হিসেবে সেবাদানের সম্মান হয়েছিল। আমি আমাদের কমিউনিটিকে পরামর্শ দানে এবং অধিকাংশ দুর্বলদেরকে সুরক্ষা প্রদানে আমার এই পদের ব্যবহার করেছি। আমি শিক্ষা কমিটির সভাপতি হিসেবে স্কুল ব্যবস্থার তদারক করছি। আমি স্কুল নির্মাণ ও চ্যাম্পিয়ন পাবলিক এডুকেশনের পরামর্শ দেই। আমি পার্ক ও উন্মুক্ত স্থানে বিচিত্র প্লাজা তৈরি, ট্রাভার্স পার্ক সম্প্রসারণ এবং ভেটেরান্স গ্রোভ পার্ক পুনঃনির্মাণের জন্য বিনিয়োগ করেছি। আমি বিশ্বমানের চিকিৎসা সেবা প্রদানের জন্য এলমহার্স্ট হসপিটালে কয়েক মিলিয়ন বিনিয়োগ করেছি। আমি রাইকার্স আইল্যান্ড বন্ধের প্রচেষ্টায় নেতৃত্ব দিয়েছি। আইনী পরিষেবা, ইংরেজি ক্লাস এবং IDNYC কার্ডের জন্য বর্ধিত তহবিল সহ উন্নত অভিবাসন প্রচারের সংগ্রামে আমি নেতৃত্ব দিয়েছি। আমি সিনিয়র সেন্টার ও বয়োজ্যেষ্ঠদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসনের তহবিল বৃদ্ধি করেছি। আমার অফিস পরিষেবার উপাদানগুলোর প্রদান সক্ষম হওয়ায় আমি গর্বিত। আমি একজন গর্বিত LGBT অধিকার কর্মী। আমি আমার এই গুরুত্বপূর্ণ অগ্রগতি অব্যাহত রাখতে চাই এবং আমার প্রধান প্রধান প্রকল্পগুলি সম্পন্ন হোক তা দেখতে চাই। সেবার এই সুযোগের জন্য আপনাকে ধন্যবাদ।


dromm2017.treasurer@gmail.com
www.danieldromm.com

# ডিস্ট্রিক্ট ২৬

## জিমি ভ্যান ব্রামার
## Jimmy Van Bramer



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ শিক্ষাকে শক্তিশালী করা
২ শিল্প ও লাইব্রেরিকে সমর্থন করা
৩ জীবনযাত্রার মান বৃদ্ধি করা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিল

**পূর্বের পেশা:** পররাষ্ট্র বিষয়াবলী, কুইন্স পাবলিক লাইব্রেরি, ডেপুটি ফিল্ড ডিরেক্টর, ক্লিন মানি ক্লিন ইলেকশনস

**শিক্ষাগত যোগ্যতা:** B.S. ফৌজদারী বিচার, সেন্ট জনস ইউনিভার্সিটি

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** নেই

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** সদস্য, কমিউনিটি বোর্ড ২, ড্যামোক্রেটিক স্টেট কমিটির সদস্য

আমি পুনঃনির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ আমি এই ডিস্ট্রিক্টের কমিউনিটির জন্য কাজ করে যেতে চাই। গত আট বছরে আমরা অনেক কিছু অর্জন করেছি: ১১টি নতুন স্কুল নির্মিত হয়েছে, তহবিল দেওয়া হয়েছে, নকশা করা হয়েছে, সিটির শিল্প ও লাইব্রেরির জন্য রেকর্ড পর্যায়ের তহবিল প্রদান, শহরজুড়ে পার্কের জন্য কয়েক মিলিয়ন ডলার বিনিয়োগ করা হয়েছে। কিন্তু আরো অনেক কিছু করার আছে। আমি স্কুলের স্থান সম্প্রসারণ ও শ্রেণীর আকার কমানোর জন্য পাবলিক স্কুলগুলিতে বিনিয়োগ অব্যাহত রাখতে চাই। আমি আমাদের সাংস্কৃতিক প্রতিষ্ঠান ও লাইব্রেরিগুলিতে অধিক বিনিয়োগ পাওয়ার জন্য পরিকল্পনা করছি। আমাদেরকে আবাসন খরচ বৃদ্ধি করতে হবে যেটির কারণে আমি আমাদের পাবলিক হাউজিং এর জন্য এবং শহরব্যাপী ভাড়া স্থির করার জন্য সহায়তা অব্যাহত রাখার পরিকল্পনা করছি। আমি প্রতিটি বাসিন্দার জীবনমান উন্নত করণে বিশ্বাস করি, যে কারণে আমি ভিশন জিরো সহ আমাদের সড়ককে নিরাপদ রাখার পরিকল্পনাকে সমর্থন করি। আমি আমার সংবিধান মেনে চলতে ভালোবাসি এবং গত ৮ বছরে আমার অফিস ২৫,০০০ ব্যক্তিকে তাঁদের ছোট ও বড় সমস্যার ব্যাপারে সাহায্য করেছে। আমি এই বছর আপনার ভোট চাই যাতে আমি এই সিটি কাউন্সিলে আপনার জন্য কাজ অব্যাহত ভাবে করে যেতে পারি।

vanbramer2017@gmail.com
jimmyvanbramer.com
jimmyvanbramer
jimmyvanbramer
jimmyvanbramer

## মারভিন আর. জেফকোট
## Marvin R. Jeffcoat



রিপাবলিকান, কনজার্ভেটিভ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ শিক্ষা
২ কাজের সুযোগ সৃষ্টি ও উন্নয়ন
৩ নিরাপদ সড়ক এবং আইন প্রয়োগ

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** ফ্যাসিলিটি ম্যানেজার- NYC ডিপার্টমেন্ট অফ হেল্থ এবং মেন্টাল হাইজিন

**পূর্বের পেশা:** ক্রেস ডাইরেক্ট ট্রান্সপোর্টেশন সুপারভাইজার; মার্কিন সেনাবাহিনী - সার্জেন্ট ফার্স্ট ক্লাস (E7)

**শিক্ষাগত যোগ্যতা:** মাস্টার অফ আর্টস ডিপ্লোম্যাসি - নরউইচ ইউনিভার্সিটি; BS রাজনৈতিক বিজ্ঞান-এম্পায়ার স্টেট কলেজ

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** VFW; আমেরিকান লিজন; ক্যাথলিক ওয়ার ভেটেরান্স; ৮২তম এয়ারবর্ন ডিভিশন এসোসিয়েশন; কম্ব্যাট ইনফেন্ট্রিম্যান্স অ্যাসোসিয়েশন; কাব স্কাউট; নাইটস অফ কলম্বাস; NRA; সানীসাইড GOP

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কমিউনিটি বোর্ড ২-র সাবেক সদস্য

মারভিন তিনটি মূল কারণের জন্য নির্বাচনে দাঁড়িয়েছেন। প্রথমত, মারভিন আমাদের সিটির এবং আমাদের ডিসট্রিক্টের আইন শৃঙ্খলা ফিরিয়ে আনতে সাহায্য করতে চায় যা প্রত্যেকের জন্য কাজ করবে। বর্তমান নীতিটি করদাতাদের নিরাপত্তার উপরে বিশেষ সুবিধাভোগী গ্রুপের ইচ্ছাকে প্রাধান্য দেয়। আমাদেরকে সঙ্গতিপূর্ণ আইন পুনঃ প্রতিষ্ঠিত করতে হবে যাতে আমাদের পুরো শহর জুড়ে সকলে গুরুত্ব সহকারে গ্রহণ করে এবং অনুসরণ করে। দ্বিতীয়ত, মারভিন শুধু মুখের কথা শুনতে শুনতে ক্লান্ত হয়ে গিয়েছে! প্রায় চার বছর ধরে, আমরা একটি ব্যর্থ মেয়র এবং একটি অযোগ্য সিটি কাউন্সিলের সমর্থন করেছি। আমাদের বর্তমান নীতি পর্যালোচনা করা প্রয়োজন যা ক্ষতিকর এবং যা আমাদের শহর জীবনের নিরাপত্তা এবং মান কমায় সেগুলো পরিহার করতে হবে। পরিশেষে, মারভিন নির্বাচনে দাঁড়িয়েছেন কারণ আমরা আরও ভাল করতে পারি এবং আমরা উত্তম প্রত্যাশা করি, এবং ডিসট্রিক্ট ২৬ এবং নিউইয়র্কের নেতৃত্ব দেয়ার মত তাঁর দক্ষতা এবং দৃঢ়তা রয়েছে।

DalyMJ@aol.com
FriendsOfMarvin
MarvinJeffcoat

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৭

---

## আই. ডানিক মিলার
## I. Daneek Miller



ডেমোক্র্যাটিক

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ সাউথইস্ট কুইন্স স্কুলের জন্য অর্থ-সংগ্রহের উপায়

২ সাউথইস্ট কুইন্সের জন্য পরিবহন সাম্য

৩ সাশ্রয়ী মূল্যের আবাসন করা; ফোরক্লোসারের সমাপ্তি

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, ২৭তম ডিস্ট্রিক্ট

**পূর্বের পেশা:** প্রেসিডেন্ট, অ্যামালগেমেটেড ট্রান্সপোর্টেশন ইউনিয়ন ১০৫৬; কো-চেয়ার, MTA শ্রমিক জোট

**শিক্ষাগত যোগ্যতা:** কর্নেল স্কুল অফ ল্যাবার রিলেশন্স, ইউনিভার্সিটি ট্রান্সপোর্টেশন রিসার্চ ইন্সটিটিউট ন্যাশনাল ল্যাবার কলেজ

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ডেমোক্র্যাটিক লিডার, ৩৩তম এ.ডি. সাদার্ন কুইনস পার্কস সমিতি ইউনাইটেড ব্ল্যাক মেন অফ কুইনস ডাগলাস-কিং, গাই আর. ব্রুয়ার এবং ইউনাইটেড ফর প্রগ্রেস ড্যামোক্রেটিক ক্লাবস

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** সিটি কাউন্সিল সদস্য; চেয়ার, কমিটি অন সিভিল সার্ভিস এন্ড ল্যাবার; সদস্য, কমিটি অন কন্ট্র্যাক্টস, ইকোনমিক ডেভেলপমেন্ট, ফিন্যান্স, ও ট্রান্সপোর্টেশন

কাউন্সিলম্যান মিলারের অর্জন ও সহায়তা শ্রমিক পরিবারের প্রতি তার অঙ্গীকার প্রদর্শন করে। আমাদের তরুণ স্কলারদেরকে একটি সফল ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় সংস্থান সরবরাহ করার জন্য তিনি অধ্যক্ষ, শিক্ষক ও পিতামাতার সাথে কাজ করেন। পরিবহন সমানাধিকারের জন্য তাঁর সহায়তা সাউথইস্ট কুইন্সের জন্য তাঁর ফ্রিডম টিকেট প্রস্তাবনা MTA গ্রহন করেছে, যার ফলে LIRR ভাড়া কমিয়ে দেবে এবং বিনামূল্যে বাস বা সাবওয়ের মধ্যে পরিবর্তন করা যাবে। পরিবারগুলি তাদের বন্ধককৃত বাড়ি পুনরায় ক্রয়ের মহান বন্দোবস্তের মাধ্যমে তাদের বাড়ি বজায় রেখেছে। তিনি সাশ্রয়ী মূল্যের আবাসন বৃদ্ধি করেছেন, শ্রমিকদেরকে সুরক্ষিত রেখেছেন, হাজার হাজার ভালো বেতনের ইউনিয়ন চাকরী সংরক্ষন করেছেন এবং সম্পত্তির কর বৃদ্ধির জন্য ভোট প্রদানে অস্বিকৃতি জানিয়েছেন।

daneek4citycouncil@gmail.com
idaneekmiller.com
i.daneek.miller
daneek4council

## রুপার্ট গ্রিন
## Rupert Green



রিপাবলিকান

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ পাবলিক স্কুল ড্রাইভিং কমিউনিটি ইকনমিক্স

২ জীবনমান উন্নত করা

৩ আবাসনের বেআইনী নিলাম

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** স্বতন্ত্র গবেষক

**পূর্বের পেশা:** শিক্ষাবিদ

**শিক্ষাগত যোগ্যতা:** EdD এডুকেশনাল লিডারশীপ NCU; MSলিডারশীপ, সেন্ট জন্স ইউনিভার্সিটি, MSEd, LT, মারসি কলেজ

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ইনস্টিটিউট ফর হ্যান্ডস-অন সায়েন্স, ইঞ্জিনিয়ারিং, এন্ড টেকনোলজি, গ্রান্ট প্রফেশনাল এসোসিয়েশন; এসোসিয়েশন অব ক্যারিয়ার এন্ড টেকনিক্যাল এডুকেটরস্

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** 20 ইয়ার্স এডুকেটর

আমি প্রার্থী হয়েছি আপনাদেরকে বেছে নেয়ার সুযোগ দিতে এবং আমাদের স্কুলগুলোকে ব্যবহার করতে যাতে করে আমাদের ডিসট্রিক্টের অপরাধ-চালিত ও দেউলিয়া একটি ডিসট্রিক্টে পরিণত না হয় যেমনটি একদা উন্নয়নশীল ডেট্রয়েট ছিল। ডেট্রয়েট ৫০ বছরের একই-দলীয় নির্বাচনের ব্যবস্থা থেকে বেরিয়ে এসেছে। এমন বেছে নেয়ার সুযোগের অভাবের পরিণতি হোল: (a) কোন অর্থনৈতিক উন্নয়ন বা চাকরি সৃষ্টি হয় না, (b) এসব (দুর্গন্ধ যুক্ত/আবর্জনাপূর্ণ সাবওয়ে, ভ্যান সার্ভিস, গৃহহীনদের প্রচুর আশ্রয়কেন্দ্র, কাছাকাছি কোন চিত্তবিনোদন ব্যবস্থার অনুপস্থিতি, ড্রাগ, উপচেপড়া বেজমেন্টে জলস্ফীতি, এবং আবাসনের বেআইনী নিলাম) থেকে জীবনযাত্রার মানের গুণগত অবনয়ন।

আমি শিক্ষাকে আমাদের কমিউনিটিকে শক্তিশালী করার জন্যে ব্যবহার করবো—ড্রাগ ইনফিউশান ও দেহব্যবসার স্থানগুলোকে ইয়র্ক কলেজ এবং PAL-গুলোর স্যাটেলাইট সায়েন্স ইনকিউবেটর হিসেবে, ইঞ্জিনিয়ারিং ও ম্যাথ উদ্যোক্তা কর্মসূচির উদ্যোগ সুযোগ হিসেবে, এবং অন্যান্য প্রশিক্ষণ কিংবা আমাদের নির্বাচনী এলাকার ক্ষমতায়ন সহযোগী হিসেবে। আমি দাবী করবো আমাদের স্কুলগুলোকে কারিগরি প্রশিক্ষণ দিতে, কোন জেলখানা নয়—প্রকৃত শিক্ষানবিশী সুবিধা প্রদানের সুযোগসহ মধ্যম-আয়ের লোকেদের উন্নয়নের জন্যে প্রদান করা হবে যা আমাদের শহরের পুনঃনির্মাণে প্রয়োজন।

win27@drgreen4ny.com
drgreen4ny.com
TheGreenCampaign2017
drgreen4ny

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৭

### ফ্রাঙ্ক ফ্রান্সোয়া
### Frank Francois
গ্রিন



**গুরুত্বপূর্ণ ৩টি বিষয়**

১ সরকারের উপরকর্পোরেটের প্রভাবের অবসান
২ পুলিশের কমিউনিটি নিয়ন্ত্রণ
৩ পাবলিক স্কুলগুলির কমিউনিটি নিয়ন্ত্রণ

**দলীয় অন্তর্ভুক্তি:** গ্রিন
**বর্তমান পেশা:** স্বনিযুক্ত
**পূর্বের পেশা:** স্বনিযুক্ত পাবলিক অ্যাডজাস্টার
**শিক্ষাগত যোগ্যতা:** ব্যাচেলর ক্যান্ডিডেট
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** U.N.I.A., S.M.I.N., N.B.P.P. পিসকিপারস, ব্ল্যাক ল'য়ারস ফর জাস্টিস
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** নিউ ইয়র্ক স্টেট কুইন্স কাউন্টি কমিটিতে নির্বাচিত

আমি একজন পূর্ণকালীন কমিউনিটি কর্মী এবং সত্য স্বাধীনতা, বিচার এবং সকলের জন্য সমান অধিকারের অ্যাডভোকেট।

এই শহর, স্টেট এবং দেশজুড়ে অনেক কমিউনিটি একই ধরনের অনেক পদ্ধতিগত সমস্যার সম্মুখীন হয়, কিছু কিছু বিশেষ এলাকার সমস্যা সেখানকার জন্য স্বতন্ত্র। আমি অনুধাবন করেছি যে আমাদের কমিউনিটির সমস্যাবলীর মূল কারণ হলো কর্পোরেট লোভ। অপর্যাপ্ত স্বাস্থ্য পরিচর্যা, সাশ্রয়ী মূল্যের আবাসন, স্কুলে ব্যর্থতা, বয়স্কদের জন্য নগণ্যসেবা, নিম্ন আয়ের চাকরি, পুলিশি নৃসংশতা, অপরাধ, আমাদের পরিবেশের অপব্যবহার, এবং আইন ও নীতিমালা যা বহু জনগণের উপকারে লাগে না এই ধরনের সমস্যাবলী আমাদের নির্বাচিত তথকথিত ড্যামোক্রেটিক ও রিপাবলিকান নেতাদের নিয়ন্ত্রনে কর্পোরেট বাধা দেয়। কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৭ হতে আপনার নির্বাচিত প্রতিনিধি হিসেবে, আমি স্থানীয়, সরকারি এবং ফেডারেল কর্মকর্তাদের সাথে কাজ করবো, তবে কমিউনিটি সদস্যদের সাথে কাজ করবো প্রশিক্ষণকরার জন্য এবং যথাযত সমাধান বাস্তবায়নে সহায়তায় প্রত্যেককে সম্পৃক্ত করার জন্য। চলুন এই বাতুলতা বন্ধ করি, সময় হয়েছে একই রাজনৈতিক দল ও তাদের বাছাইকৃত নেতাদের উপর নির্ভর বন্ধ করার, সচেতন থাকুন, গো গ্রিন!

ElectFrancois@gmail.com
electfrancois.info
ElectFrancois
Francois4CC27

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৮

### এড্রিয়ন অ্যাডামস
### Adrienne Adams
ডেমোক্র্যাটিক



**গুরুত্বপূর্ণ ৩টি বিষয়**

১ হোটেলের থেকে বাসার বেশী ন্যায্যতা
২ বেআইনি ময়লা ফেলা নির্মূল করা
৩ বেআইনি রাখা ট্র্যাকগুলোকে জরিমানা করা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** চেয়ারপারসন, কুইন্স কমিউনিটি বোর্ড ১২
**পূর্বের পেশা:** কর্পোরেট ট্রেইনার, চাইল্ড ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েট (CDA) ইনস্ট্রাক্টর
**শিক্ষাগত যোগ্যতা:** B.A. সাইকোলজি, স্পেলম্যান কলেজ
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** NAACP, ন্যাশনাল একশান নেটওয়ার্ক, আলফা কাপ্পা আলফা সরোরিটি
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** বোর্ড অব ট্রাস্টিজ, কুইন্স পাবলিক লাইব্রেরি, এডুকেশন চেয়ার, কমিউনিটি বোর্ড ১২

আমাদের জনসংখ্যা বেড়েছে, কিন্তু আমাদের সম্পদ বন্টন প্রবৃদ্ধির সাথে সুষম হয়নি। অংশগ্রহণমূলক বাজেট প্রণয়ন অতীব জরুরি কারণ স্কুলগুলোতে টেকনোলজি ও অবকাঠামো উন্নয়নে এবং বয়স্ক নাগরিকদের সুযোগ সুবিধা বৃদ্ধিতে অর্থায়ন বিরলই রয়ে গেছে। হোটেলে স্থানান্তরিত ব্যাক্তি ও পরিবারগুলোর জন্যে গুদাম নির্মাণ পলিসি একটি ব্যার্থ কৌশল - এসকল সুবিধা প্রদানে পক্ষপাতহীনতা ও সমতার অভাব রয়েছে। বারোর SEQ সর্বাধিক জনগোষ্ঠীর আবাসানের ব্যবস্থা করে এবং শেল্টারগুলো সম্প্রসারণের দিকে অপ্রত্যাশিত প্রবণতা রয়েছে। বেআইনি ময়লা ফেলা এখনও আরেকটি সমস্যা। কমিউনিটির সাথে হাতে হাত মিলিয়ে কাজ করার জন্যে একটি সমন্বিত বাস্তবায়ন পরিকল্পনা প্রয়োজন। সিটির সংস্থাগুলোকে এই ক্ষতি অপসারণে তাদের দায়িত্বের ব্যাপারে অবশ্যই দায়ী থাকতে হবে। সবশেষে, উচ্চ জরিমানা, সমন জারি এবং বেআইনিভাবে পার্ক করা ট্রাকগুলোকে বাধ্যতামূলক টো করে নিয়ে যাওয়া একটি বিশেষ করণীয়। এইসব ব্যাধি দূর করার জন্য এসকল অপরাধের জন্যে জরিমানা অবশ্যই সর্বাধিকভাবে বাড়ানো প্রয়োজন।

adrienneadams.org

# সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৮

## ইভান ডি. মসপ
## Ivan D. Mossop
রিপাবলিকান



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়
১ কমিউনিটি শাসনের জন্য সিভিক অ্যাকশন
২ ডিসট্রিক্ট ব্যাপী ভোটারদের ক্ষমতাকে পুনরুজ্জীবিত করা
৩ হাই স্ক্ল বয়সে চাকুরির সুযোগ

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান
**বর্তমান পেশা:** এনরোল্ড এজেন্ট
**পূর্বের পেশা:** ইনসিওরেন্স কোম্পানির ট্যাক্স ম্যানেজার
**শিক্ষাগত যোগ্যতা:** BBA Acctg কুম লাউডে হাওয়ার্ড ইউনিভার্সিটি ওয়াশিংটন ডিসি MBAtax বারুক কলেজ CUNY
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** রোচডেল ভিলেজ হাউজ কংগ্রেস রেক সেক্রেটারি প্রাক্তন NYPD Aux 107 Precinct কমেট সিভিক এসোসিয়েট অ্যাসিস্ট্যান্ট ট্রেসারার
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** নেই

আমার নাম ইভান ডি. মসপ জুনিয়ার। আমি সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৮-এর জন্য প্রার্থী। আমি সামাজিক কাজের মাধ্যমে জ্যামাইকা কমিউনিটির সেবা করেছি এবং এখনো করছি। আমি বিশ্বাস করি যে আমাদের কমিউনিটি সিটি কাউন্সিলে একজন শক্তিশালী নেতা পাবার যোগ্যতা রাখে যিনি বৃহত্তর জ্যামাইকার ডিস্ট্রিক্ট ২৮-এর জনগণের প্রতিনিধিত্ব ও সেবা করবেন। যখন আমি নির্বাচিত হবো, আমি পরম সততার সঙ্গে আমাদের কমিউনিটির সেবা করবো, প্রচেষ্টা রাখবো যাতে করে করদাতাগণের অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা যায়; এবং এছাড়াও আমাদের কমিউনিটির যেসকল সেবা দরকার এবং যা পাওয়ার দাবী রাখে তার ব্যবস্থা করতে। ৪ বছরেরও বেশি সময় ধরে আমি রোচডেল ভিলেজে বসবাস করেছি এবং ৫০বছরেরও অধিক সময় ধরে জ্যামাইকা কমিউনিটিতে থেকেছি, আরাধনা করেছি, শিক্ষাগ্রহণ করেছি, কাজ করেছি এবং স্বেচ্ছাশ্রম দিয়েছি। আমার পরিবার এবং আমি কঠোর পরিশ্রম করেছি আমাদের সমকালীন জামাইকাবাসীর ও NYC-র স্বাস্থ্য, শিক্ষা, অর্থায়ন, বিশ্বাস এবং নাগরিকতার মত বিভিন্ন ক্ষেত্রে সামগ্রিকভাবে জীবনমান উন্নয়নের জন্য। এই পরিবারের উত্তরাধিকার ১০০ বছরেরও অধিককাল ধরে পরিব্যপ্ত। একজন ট্যাক্স বিশেষজ্ঞ হিসেবে, আমি হবো সিটি কাউন্সিলে আপনাদের জন্য একজন শক্তিশালী সমর্থক। ভোটের বিশৃঙ্খলা করবেন না, ইভান ডি. মসপ জুনিয়ার!

32adlleader@gmail.com

## হেটি ভি. পাওয়েল
## Hettie V. Powell
ওয়ার্কিং ফ্যামিলিজ



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়
১ সকল শিশুর জন্য শ্রেষ্ঠ শিক্ষা
২ অর্থনৈতিক উন্নয়ন; কাজের সুযোগ; সাশ্রয়ী মূল্যের আবাসন
৩ যুব, বয়স্কদের সেবা, কমিউনিটি পুলিশিং

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** অ্যাটর্নি
**পূর্বের পেশা:** শিক্ষক
**শিক্ষাগত যোগ্যতা:** জুরিস ডক্টর, B.S
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** রচডেল ভিলেজের সংশ্লিষ্ট কোঅপারেটর, রচডেল ভিলেজ সোশ্যাল সার্ভিস, কুইনস উইমেন বার অ্যাসোসিয়েশন, ম্যাকন বি অ্যালেন ব্ল্যাক বার অ্যাসোসিয়েশন
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** নেই

আমি একজন অ্যাটর্নি এবং আমি পারিবারিক, ফৌজদারি ও অভিবাসন সমস্যা নিয়ে কুইন'স অধিবাসীদের প্রতিনিধিত্ব করে আমার পেশাগত জীবন যাপন করেছি। কুইন্সের মধ্যে সবচেয়ে বৈচিত্র্যময় এলাকাগুলোর মধ্যে অন্যতম হল ডিস্ট্রিক্ট ২৮ যা রচডেল ভিলেজ, সাউথ জ্যামাইকা, রিচমন্ড হীল ও সাউথ ওজোন পার্ক নিয়ে গঠিত। আমি আমাদের ডিস্ট্রিক্টের সকল অধিবাসীর সেবা করার জন্য অঙ্গীকারবদ্ধ এবং তাঁদের বক্তব্য শোনা হবে তার প্রতিশ্রুতি দিচ্ছি। আমাদের কমিউনিটির মধ্যে গুরুত্বপূর্ণ হলো মানসম্পন্ন শিক্ষা। আমাদের স্কুলগুলো যাতে প্রয়োজনীয় সম্পদ পায় তার জন্য আমি কাজ করবো। আমি আমাদের ডিস্ট্রিক্টের অর্থনৈতিক স্বার্থ, কমিউনিটি অংশীদারিত্ব, নারী ও সংখ্যালঘুদের ব্যবসায়িক উদ্যোগ, ক্ষুদ্র ব্যবসা সৃষ্টি, কাজের প্রশিক্ষণ, যুব ও বয়স্কদের সেবা ও সাশ্রয়ী মূল্যের আবাসনের উন্নত করবো। আমি আমাদের ডিস্ট্রিক্টের সকল কমিউনিটির জন্য সিটির বাজেটের ন্যায্য অংশের জন্য লড়াই করবো। সিটি গভর্নমেন্টে আমি সততা, ন্যয়পরায়নতা ও পেশাদারীত্ব নিয়ে আসার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই কারণে ডিস্ট্রিক্ট ২৮-কে প্রতিনিধিত্ব করতে, আমিই হলাম উপযুক্ত ব্যক্তি। কার্য সম্পাদনে আমার অভিজ্ঞতা, সততা ও আমার লক্ষ্যগুলো অর্জনের বরাবর ইতিহাস রয়েছে।

info@ElectPowell2017.com
electpowell2017.com
Hettie.Powell.1
HettiePowell28

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ২৯

### ক্যেরেন কসলোউইটজ
### Karen Koslowitz



ডেমোক্র্যাটিক

**গুরুত্বপূর্ণ ৩টি বিষয়**

১ আমাদের শিশুদের শিক্ষার সুযোগসমূহকে ত্বরান্বিত করা।
২ বয়স্কদের জন্য উন্নত মানের পরিসেবা প্রদান করা
৩ আমাদের জন-নিরাপত্তা নিশ্চিত করা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** NYC কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** ডেপুটি বারো প্রেসিডেন্ট কুইনস

**শিক্ষাগত যোগ্যতা:** জেমস মনরো হাই স্কুল, ব্রংক্স, NY

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** জেরাল্ডিন এ ফেরারো ডেমোক্রেটিক ক্লাব, এমিলি'জ লিস্ট, প্ল্যান্ড প্যারেন্টহুড

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** NYC কাউন্সিল সদস্য, ডেপুটি বোরো প্রেসিডেন্ট কুইন্স, কমিউনিটি লিয়াজোঁ সিটি কাউন্সিল প্রেসিডেন্ট এন্ড্রু স্টেইন (Andrew Stein)

আমার সরকারী কাজের অবস্থানকালে, আমি নিবিড়ভাবে কাজ করেছি আমার স্থানীয় ক্ষুদ্র ব্যবসাসমূহ ও জনসেবা সংগঠনগুলোর সাথে প্রতিটি মানুষের জীবনমান উন্নয়ন ও সম্প্রসারণের জন্য যারা ২৯তম CD-তে বাস ও শ্রম প্রদান করছে। আমাদের জননিরাপত্তা নিশ্চিত করার জন্যে, আমি অক্লান্তভাবে প্রচার চালিয়েছি আমাদের স্থানীয় পরিপার্শ্বগুলোতে পুলিশের সংখ্যা বৃদ্ধি ও আমাদের পুলিশের নিরাপত্তা বিধানের জন্য। বড় বড় যেসব আইন প্রণয়নের ক্ষেত্রে আমি কাজ করেছি সেগুলোর মধ্যে রয়েছে সিনিয়র সিটিজেন রেন্টার ট্যাক্স রিলিফ বা SCRIE & DRIE; প্রজনন স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে নারীদের সম্পূর্ণ এবং বিনামূল্যে প্রবেশাধিকার নিশ্চিত করা; জনসাধারণের টো করা গাড়িগুলোর অবস্থান খুঁজে পাওয়া সহজতর করা; খোলা রাস্তায় খাদ্য বিক্রেতাদের স্বাস্থ্য বিভাগ থেকে নিরাপত্তা গ্রেড-এর প্রত্যয়নপত্র গ্রহণ বাধ্যতামূলক করা এবং প্রকৃত বন্দুকের মত দেখতে খেলনা বন্দুক বিক্রয় নিষিদ্ধ করা। আমি সফলভাবে কুইন্স লাইব্রেরি, সরকারি স্কুলগুলোর খেলাধুলার মাঠ ও অডিটোরিয়ামসমূহের সংস্কারের জন্য সপ্তাহে ছয়দিনের সেবার ব্যাপারটি সমর্থন করেছি, যাতে করে আমাদের স্কুলগুলো সর্বাধুনিক কম্পিউটার ও স্মার্ট বোর্ডে সমৃদ্ধ হতে পারে।

iankk@aol.com
cmkarenkoslowitz
CMKoslowitz

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ৩০

### এলিজাবেথ ক্রউলি
### Elizabeth Crowley



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলি, উইমেন্স ইকুয়ালিটি

**গুরুত্বপূর্ণ ৩টি বিষয়**

১ নির্ভরযোগ্য গণ পরিবহন, ট্রাফিকের উন্নতিসাধন
২ বিদ্যালয়ের উন্নতিসাধন, শ্রেণীর আকার হ্রাস
৩ জন নিরাপত্তা, কমিউনিটিগুলোকে নিরাপদ রাখা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার, ৩০তম ডিস্ট্রিক্ট, কুইন্স

**পূর্বের পেশা:** Consortium for Worker Education কন্সরটিয়াম ফর ওয়ার্কার এডুকেশান (কর্মী শিক্ষার জন্য সাহচর্য)-এর সাথে কাজ করে ক্ষুদ্র ব্যবসাগুলো ৯/১১-এর পর খোলা রাখার জন্য এবং হাজার হাজার নিউইয়র্কবাসীদের কাজের প্রশিক্ষণের জন্য সেবা প্রদান করেছি। ডি. সি.৯-এর একজন সঞ্জীবনী চিত্রশিল্পী ছিলাম এবং অসংখ্য নির্মাণ সাইটে কাজ করেছিলাম, যার মধ্যে সিটি রেডিও মিউজিক হল, সেন্ট প্যাট্রিক ক্যাথিড্রাল, এবং কেন্দ্রীয় সিনাগগ -এর সংস্কার রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** প্র্যাট ইনস্টিটিউট গ্রাজুয়েট স্কুল অফ আর্কিটেকচার থেকে শহর ও অঞ্চল পরিকল্পনায় M.S.; SUNY ফ্যাশন ইন্সটিটিউট অফ টেকনোলজি থেকে রেস্টোরেশান -এ B.A

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** ডি.সি.৯, ইন্টারন্যাশনাল ইউনিয়ন অফ পেইন্টার এন্ড এলাইড ট্রেডস; টিমস্টার জয়েন্ট কাউন্সিল ১৬

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** NYC কাউন্সিল সদস্য, ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্ট প্রধান, ৩৮তম অ্যাসেম্বলি পার্ট A, NYC কাউন্সিল চেয়ার অফ দি ফায়ার অ্যান্ড ক্রিমিনাল জাস্টিজ কমিটি, NYC কাউন্সিল উইমেন'স ককাস-এর কো-চেয়ার, দি কমিশন অন জেন্ডার ইকুয়ালিটি বোর্ড কমিশন

আমি প্রতিদিন জেগে উঠে আমাদের পরিবারগুলোর পাশে দাড়াতে ও তাঁদের জন্য লড়াই করতে তৈরি থাকি। এই কাজটি অব্যাহত রাখতে আমি সম্মানিত হব এবং আমি মঙ্গলবার, ১২ই সেপ্টেম্বর আপনাদের ভোট প্রার্থনা করছি। ধন্যবাদ।

contact@elizabethcrowley.com
website-crowley2017.nationbuilder.com
elizcrowleynyc
ElizCrowleyNYC
elizcrowleynyc

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ৩০

## রবার্ট এফ. হোল্ডেন
## Robert F. Holden

কনজার্ভেটিভ, রিফর্ম,
ডাম্প ডি ব্লাজিও



### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ অপরাধ/জীবন যাত্রার মান
২ গৃহহীনদেরকে আশ্রয়কেন্দ্রে রাখা
৩ অতি-উন্নয়ন/ট্রাফিক

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** অধ্যাপক
**পূর্বের পেশা:** গ্রাফিক ডিজাইনার
**শিক্ষাগত যোগ্যতা:** MFA
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** জুনিপার পার্ক সিভিক অ্যাসোসিয়েশন
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** Comm. Bd. 5

আমি ২৫ বছর ধরে জুনিপার পার্ক সিভিক অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট আছি। এই দায়িত্ব পালনকালে, আমি ডিস্ট্রিক্টের অনেক এলাকার জোনিং কমানোর জন্য কাজ করেছি (downzoning)। এর ফলে বৈশিষ্ট্য বিহীন ভবনগুলোর হ্রাস হয়েছে।

অপরাধ হ্রাস করা আমার অগ্রাধিকার ছিল। স্থানীয় অঞ্চলে কর্মীর নিয়োগের মাত্রা বৃদ্ধি করার দাবির প্রতি সমর্থক হিসেবে আমার একটি অতীত ইতিহাস রয়েছে।

ডিস্ট্রিক্টের গৃহহীনদের আশ্রয় কেন্দ্র রক্ষার প্রতিরোধের সংগ্রামে আমি নেতৃত্ব দিয়েছি।

আমি প্রধান দুই দলের নির্বাচিত কর্মকর্তাদের সাথে নিবিড়ভাবে কাজ করেছি। সড়কপথ ও বিমানবন্দরগুলোর আশেপাশের অঞ্চলে শব্দ দূষণ কমানোর জন্য একটি পরিকল্পনায় আমি স্টেট ও ফেডারেল কর্মকর্তাদের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করছি।

আমি বিশ্বাস করি, স্থানীয় স্কুলগুলোতে স্থানীয় সকল শিক্ষার্থীর ভর্তি হওয়ার সুযোগ থাকা উচিত এবং তা বাস্তবে রূপ দেওয়ার বিষয়টি নিশ্চিত করতে একজন কাউন্সিল মেম্বার হিসেবে আমি আইন প্রণয়নের পরিকল্পনা করছি।

আমার সবচেয়ে গর্বের অর্জনটি হলো এলমহার্স্ট গ্যাস ট্যাংক সাইটটি NYC-র নিকট প্রদান করতে কিস্প্যানকে রাজি করানো। এটি এখন সকলের উপভোগের জন্য একটি পাবলিক পার্কে রূপান্তরিত করা হয়েছে।

অনেক বহিঃশক্তি রয়েছে যারা মানুষের কাছ থেকে লাভবান হতে চায় এবং আমার প্রতিপক্ষ খুব সহজে তাঁদের দ্বারা প্রভাবিত হয়ে যান বলে মনে হয়।

আমার সম্বন্ধে আরও জানতে আমার holdenforcitycouncil.com ওয়েবসাইটটি ভিজিট করুন। চলুন আমাদের নেইবারহুডগুলোকে ফেরত নিয়ে আসি।

rholden@holdenforcitycouncil.com
holdenforcitycouncil.com
holdenforcitycouncil

এছাড়াও সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩০-এ প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

## জোসেফ ক্যাসপার
## Joseph Kasper

রিপাবলিকান

*প্রার্থী তাঁর পূর্ণাঙ্গ একটি প্রোফাইল এই ভোটার গাইড মুদ্রনের সময় অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই।

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ৩১



## ডনোভান জে. রিচার্ডস
**Donovan J. Richards**

ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ সাশ্রয়ী মূল্যের আবাসন
২ পরিবেশ
৩ পরিবহন

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য
**পূর্বের পেশা:** চীফ অব স্টাফ ফর কাউন্সিল মেম্বার জেমস সেন্ডার্স
**শিক্ষাগত যোগ্যতা:** ডন কলেজ
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** হ্যাবিটাট ফর হিউম্যানিটি ও সেন্টার ফর NYC নেইবারহুডগুলোর বোর্ড মেম্বার, NYC প্রগ্রেসিভ ককাস-এর কো-চেয়ার
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** ২০১৩ সাল থেকে সিটি কাউন্সিলের সদস্য

আমি পুনঃনির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ আমি আমার কমিউনিটির জন্য গভীরভাবে খেয়াল রাখি এবং আমার নির্বাচনী এলাকার সকলের জীবনযাত্রার মান উন্নত করার প্রচেষ্টা চালিয়ে যেতে চাই। এই উদ্দেশ্য সফলের জন্য, আই প্রধান তিনটি সমস্যার উপর দৃষ্টি নিবদ্ধ রাখবো: গণপরিবহণের সংখ্যা বৃদ্ধি, দক্ষিণ-পূর্ব কুইন্স-এ বন্যা প্রতিরোধ, এবং সাশ্রয়ী মূল্যের গৃহায়ণ।

NYC কাউন্সিলের এনভায়রনমেন্টাল প্রটেকশন কমিটির ভূতপূর্ব চেয়ার হিসেবে, আমি দক্ষিণ-পূর্ব কুইন্স-এর দীর্ঘমেয়াদী বন্যা সমস্যা সমাধানের জন্য ১.৭ বিলিয়ন রক্ষা করেছি নতুন নিষ্কাশন ব্যবস্থার জন্য।

আমরা একটি নতুন পুলিশ পরিপার্শ্বর জন্য ৭০ মিলিয়ন ও শহরের কেন্দ্রস্থল ফার রকাওয়ে পুনরুজ্জীবিত করার জন্য – ৯০ মিলিয়ন সাশ্রয় করেছি। আমরা নির্দিষ্ট বাস সেবা সম্প্রসারণ করতেও এবং বিমানবন্দরে কর্মীদের জন্য Q77 লাইন থেকে JFK বিমানবন্দর পর্যন্ত যুক্ত করতেও MTA-কে বাধ্য করতে সফল হয়েছি। আমরা ফার রকাওয়ে-এর মধ্যে ফেরি সেবা পুনঃস্থাপন এবং রোসডেল ও লরেলটন LIRR স্টেশনে "ফ্রিডম টিকেট"-এর একটি পাইলট প্রোগ্রাম নিশ্চিত করতে সফল হয়েছি। বাধ্যতামূলক অন্তর্ভুক্তিমূলক গৃহায়ন কার্যক্রম বাস্তবায়নে আমাদের প্রচেষ্টা জুড়ে আমরা নিউইয়র্কারদের জন্য ৫০০০-এরও বেশি সাশ্রয়ী মূল্যের বাসস্থান নিশ্চিত করতে পেরেছি।

electrichards2017@gmail.com

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ৩২



## মাইকেল জি. স্কালা
**Michael G. Scala**

ডেমোক্র্যাটিক

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ গণ পরিবহনের উন্নয়ন ও সম্প্রসারণ
২ বিল্ড ইট ব্যাক-এর তদন্ত করা
৩ নতুন নতুন আফটার-স্কুল প্রোগ্রাম আবিষ্কার করা

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক
**বর্তমান পেশা:** অ্যাটর্নি
**পূর্বের পেশা:** লেজিসলেটিভ ডিরেক্টর
**শিক্ষাগত যোগ্যতা:** জুরিস ডক্টর, ব্রুকলিন ল' স্কুল; BS, NYU পলিটেকনিক ইনস্টিটিউট
**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** প্রথম ভাইস প্রেসিডেন্ট, কুইন্স পাবলিক ট্রানজিট কমিটি; কো-চেয়ার, রকাওয়েফেরি কমিটি
**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** আইনি পরামর্শ ও লেজিসলেটিভ ডিরেক্টর, NYS সিনেট

মাইক স্কালা দক্ষিণ কুইন্স থেকে এসেছেন, যেখানে তিনি জন্মগ্রহণ করেছিলেন এবং তাঁর জীবনের অধিকাংশ সময় সেখানে বাস করেছেন। তাঁর পিতা-মাতার দেখা হয়েছিল রকাওয়ে-র সৈকতে। তিনি সরকারী ও বেসরকারী উভয় খাতে অভিজ্ঞতাসম্পন্ন একজন অ্যাটর্নি, এবং তাঁর রয়েছে ফলাফল অর্জনের বিশেষত্ব।

২০১তম নিউ ইয়র্ক স্টেট বিধানসভার সময় মাইক আইনি পরামর্শক এবং নিউ ইয়র্ক স্টেট সিনেটে আইনগত পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর দায়িত্বের মধ্যে ছিল খসড়া প্রণয়ন, প্রস্তাবিত আইনসমূহের তদারকি ও মধ্যস্থতা করা। অনেকগুলোর মধ্যে, স্টেটের মধ্যে সাবেক সেনা সদস্যদের কাজ খুঁজে পেতে সাহায্য করাটাও সিনেট পাশ করে ছিলেন।

আরেকটি বিল, যার জন্য নিখোঁজ প্রাপ্তবয়স্কদের পুলিশ প্রতিবেদন প্রয়োজন, সেটি সেপ্টেম্বর ৯, ২০১৬ -এ গভর্নর কুমো (Cuomo) কর্তৃক স্বাক্ষরিত হয়, এবং নির্বাহী আইনে Section837-F-2-তে পরিণত হয়।

এই দায়িত্বে, মাইক রাজ্যের বাজেট প্রক্রিয়ার সাথেও জড়িত ছিলেন, যার মধ্যে রকাওয়ে-র পরিবহণ উন্নয়নের জন্য ১২.৯৪ মিলিয়ন ডলার এবং সেন্ট জন'স এপিসকোপাল হাসপাতালের জন্য ১০.১৫ মিলিয়ন ডলার বরাদ্দকরণ ছিল।

mike@scala.vision
scala.vision
mikegscala
scalaforcouncil

## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ৩২

## এরিক এ. উলরিখ
## Eric A. Ulrich



রিপাবলিকান, ইন্ডিপেন্ডেন্স,
কনজার্ভেটিভ, রিফর্ম

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ ভেটেরান্স প্রাক্তন সেনা সদস্য
২ হারিকেন স্যান্ডি পুনর্গঠন
৩ গণ পরিবহনের উন্নয়ন

**দলীয় অন্তর্ভুক্তি:** রিপাবলিকান

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বার

**পূর্বের পেশা:** শিক্ষক

**শিক্ষাগত যোগ্যতা:** মাস্টার অব পাবলিক এডমিনিস্ট্রেশন (MPA) – বারুক কলেজ, ব্যাচেলর অব আর্টস – সেন্ট ফ্রান্সিস কলেজ, হাই স্কুল ডিপ্লোমা – ক্যাথিড্রাল প্রিপারেটরি সেমিনারি

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** কিওয়ানিস, নাইটস অব কলাম্বাস, রোটারি, বোর্ড অব ডিরেক্টর্স অব ডিভাইন মারসি ক্যাথলিক একাডেমি এন্ড বোর্ড অফ ট্রাস্টিজ অফ দ্যা কুইন্স সুপ্রিম কোর্ট ল' লাইব্রেরি

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** কমিউনিটি বোর্ড ৯এর সাবেক সদস্য

আমি আমার শেষ এবং অন্তিম মেয়াদের প্রতিদ্বন্দ্বিতা করছি এবং কুইন্স-এর এত এত চমৎকার প্রতিবেশি এলাকা এবং পরিবারগুলোর প্রতিনিধিত্ব করতে পেরে আমি একটি মহান সম্মান হিসেবে এটিকে বিবেচনা করছি। দৈনিক ভিত্তিতে, আমি আমার ডিস্ট্রিক্ট-এর সকল মানুষের সেবা করার চেষ্টা করি, কোন দলীয় সংশ্লিষ্টতা নির্বিশেষে, যতটুকু আমার সাধ্যে কুলায়। আমি আমার আইনসভায় রেকর্ড-এর জন্য এবং আমাদের কমিউনিটিতে স্থানীয় স্কুল, সিনিয়র সেন্টার এবং লাইব্রেরিগুলোর জন্য মিলিয়ন মিলিয়ন করদাতার অর্থের নিরাপত্তা বিধান করতে সফল হয়েছি তার জন্য আমি খুবই গর্বিত। কিন্তু সবসময় আমার প্রধান ফোকাস থাকবে আমার নির্বাচনী এলাকাকে প্রথম বিবেচনায় রাখা। আমি এখনও বিশ্বাস করি যে এক সময়ে শুধুমাত্র একজন ব্যক্তিকেই সাহায্য করে একটি ভিন্নতা সৃষ্টি করা যায়, আর আমি এভাবেই কাজ করতে পছন্দ করি। ৩২তম জেলার ভোটারগণ আমার উপর বিশ্বাস রেখেছেন এবং আমি এই বিশ্বাসের সর্বোচ্চ মর্যাদা প্রদান করি। আপনাদের সমর্থন নিয়ে, আমি আরো চার বছরের জন্য আপনাদের পক্ষ হয়ে উত্তম লড়াই চালিয়ে যেতে চাই!


ericulrich32
eric_ulrich
ericulrich32


## সিটি কাউন্সিল
# ডিস্ট্রিক্ট ৩৪

## অ্যান্তনিও রেইনোসো
## Antonio Reynoso



ডেমোক্র্যাটিক, ওয়ার্কিং ফ্যামিলিজ

### গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

১ সাশ্রয়ী মূল্যের আবাসন ব্যবস্থার বৃদ্ধি করা
২ পরিবেশগত ন্যায়বিচার ও সমতা
৩ ফৌজদারি বিচারিক ব্যবস্থা পুনর্গঠন

**দলীয় অন্তর্ভুক্তি:** ডেমোক্র্যাটিক

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্বের পেশা:** সিটি কাউন্সিলের চিফ অব স্টাফ, ACORN এর সংগঠক

**শিক্ষাগত যোগ্যতা:** লেমোয়েন কলেজ থেকে BA প্রাপ্ত

**প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা:** N.K.D.

**পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

গত ৪ বছর ধরে কাউন্সিলে কাজ করার সম্মান লাভ করেছি – আমি যে কমিউনিটিতে পালিত হয়ে উঠেছি সেটির পক্ষে সংগ্রাম করেছি। ভাড়াটিয়াদের সুরক্ষা বৃদ্ধি করে, কমিউনিটি স্কুলগুলোর তহবিলে অনুদান দিয়ে এবং ফৌজদারি বিচারিক ব্যবস্থা পুনর্গঠনের জন্য সংগ্রাম করে আমি আমাদের পরিবারগুলো যেসব সমস্যার মুখোমুখি হয় সেগুলোর মোকাবেলা করেছি।

সরকারি তহবিলকে কমিউনিটির উন্নয়নে কীভাবে কাজে লাগাতে হয় সে ব্যাপারে হাজার হাজার মানুষকে সম্মিলিতভাবে সিদ্ধান্ত গ্রহণে উৎসাহিত করে আমি আমাদের আশেপাশের এলাকাগুলোতে অংশগ্রহণমূলক বাজেট প্রণয়নের ব্যবস্থা করেছি। আমরা উইলিয়ামবার্গ, বুশউইক ও রিজউড জুড়ে লক্ষ লক্ষ স্কুল, NYCHA পার্ক ও বয়োজ্যেষ্ঠ-নিবাসের ব্যবস্থা করেছি।

আমি পুলিশের আরও বেশি জবাবদিহিতার দাবি জানিয়েছি এবং আমি আইন জানার অধিকারের সংগ্রামে সহ-পৃষ্ঠপোষকতা করতে পেরে গর্বিত। প্রোগ্রেসিভ ককাস এর কো-চেয়ার হিসেবে আমি NYC-তে সমতা ও ন্যায়বিচার স্থাপনে অধ্যাবসায়ের সাথে কাজ করেছি। পরিচ্ছন্নতা কমিটির চেয়ারপার্সন হিসেবে আমি শহরের আবর্জনা প্রক্রিয়াকরণের ক্ষেত্রে নর্থ ব্রুকলিনের উপর থেকে চাপ কমানোর ব্যাপারে জোর দিয়েছি।

আমার কাজ শেষ হয়নি। একজন অগ্রগামী নেতা হিসেবে আমি নিউ ইয়র্কের অবস্থা আরও উন্নত করার এবং সাশ্রয়ী মূল্যের আবাসন ব্যবস্থা বৃদ্ধি করার, আমাদের স্কুলগুলোতে সম্পূর্ণ তহবিল গঠন করার, আয়ের সমতাবিধান করার ও অভিবাসী ও নারীদের অধিকারের পক্ষে সোচ্চার হয়ে কর্মজীবী পরিবারগুলোর সেবা করার প্রত্যাশা রাখি।


ReElectAntonio@gmail.com
Antonio4Council
ReElectAntonio


# কিভাবে ভোট দিবেন

## ১. আপনার ব্যালট নিন

- আপনার অ্যাসেম্বলি ও নির্বাচনী ডিস্ট্রিক্ট এর সঠিক টেবিলে স্বাক্ষর করুন (এই নম্বরগুলো আপনার গাইডের প্রচ্ছদের উপর আছে)।

## ২. আপনার ব্যালটের উভয় পাশে চিহ্নিত করুন

- আপনাকে প্রদত্ত কলমটি দিয়ে আপনার পছন্দের পাশের গোলাকার জায়গাটিকে সম্পূর্ণভাবে পূরণ করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।




- কোন “x” অথবা একটি “✓”, ব্যবহার করবেন না, গোলাকার জায়গাটিকে শুধু গোল করবেন না, অথবা অপ্রয়োজনীয় দাগ দেবেন না।
- একজন রাইট-ইন প্রার্থীর জন্যে, প্রযোজ্য গোলাকার স্থানটি পূরণ করুন এবং সেই প্রার্থীর নামটি লিখুন।
- আপনার ব্যালটটি ভাঁজ করবেন না।
- স্বাক্ষর বা আপনার নাম লিখবেন না।

**যদি আপনার পছন্দে পূরণ করতে কোন সাহায্যের প্রয়োজন হয়, তবে একজন ভোটকর্মীকে ব্যালট মার্কিং ডিভাইস (BMD) সম্পর্কে জিজ্ঞাস করুন।**

## ৩. আপনার ব্যালট স্ক্যান করুন

- আপনার দাগ দেয়া ব্যালট নিয়ে স্ক্যানার এলাকায় যান।
- আপনার পছন্দের ভাষাটি স্ক্রীনে নির্দিষ্ট বোতামটি স্পর্শ করে বেছে নিন।
- আপনার দাগানো ব্যালটটি স্ক্যানারে ঢুকিয়ে দিয়ে আপনার ভোটটি প্রদান করুন। (স্ক্যানারটি যে কোন দিক দিয়ে ঢোকানো ব্যালট গ্রহণ করে। স্ক্যানারটি আপনাকে জানিয়ে দেবে যে আপনার ভোটটি জমা করা হয়েছে।

# ব্যালট প্রস্তাবনা

নভেম্বর ৭ তারিখে, নিউ ইয়র্ক বাসীরা ষ্টেটব্যাপী তিনটি ব্যালট প্রস্তাবগুলিতে ভোট দেবে। এই ভোটগুলি আপনাকে গুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্পর্কে সরাসরি বলার সুযোগ দেয়, যা আপনার এবং আপনার নেইবারহুডগুলোর জন্য একটি পার্থক্য তৈরি করতে পারে। আপনার ব্যালটে যেই প্রশ্নগুলি প্রদর্শিত সেইগুলি আপনি নিম্নলিখিত দেখতে পারেন; CFB কর্তৃক প্রস্তুত করা বিষয়গুলির একটি সারসংক্ষেপ; এবং জনসাধারণের মন্তব্যের ভিত্তিতে হ্যাঁ বা না ভোটের কারণ, এবং প্রতিটি প্রস্তাব সমর্থনের বা বিরোধিতর সবগুলো কারণ প্রতিফলনের প্রয়োজন নাই।

যেই প্রতিষ্ঠান সমূহ এবং ব্যক্তিবর্গরা এই প্রস্তাবগুলির সমর্থন বা বিরোধিতা করে তাঁদের দেয়া বিবৃতি পড়তে, **nyccfb.info/voterguide**-এ অনলাইন ভোটার গাইডটি দেখুন।

# প্রস্তাব ১

## একটি স্টেট সাংবিধানিক কনভেনশন আহবান

সংবিধানের সংশোধনী এবং সংযোজন করার জন্য একটি কনভেনশন হবে কি?

### CFB সারসংক্ষেপ

প্রতি ২০ বছর অন্তর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধানের সংশোধন বা এমনকি পুরোপুরি পরিবর্তনের জন্য একটি সম্মেলন অনুষ্ঠিত হওয়া উচিত কিনা তা নির্ধারণের জন্য ভোটারদের সুযোগ দেওয়া হয়।

যদি সংখ্যাগরিষ্ঠ নিউ ইয়র্ক বাসীরা 'না' প্রকাশ করে ভোট দিয়ে থাকেন, তাহলে কোনও সম্মেলন অনুষ্ঠিত হবে না।

যদি সংখ্যাগরিষ্ঠ ভোটাররা 'হ্যাঁ' প্রকাশ করে ভোট দেন, তবে নভেম্বর ২০১৮-তে একটি সাংবিধানিক কনভেনশনের প্রতিনিধিদের নির্বাচনের জন্য ভোটাররা ভোট দিবেন।

২০৪ জনপ্রতিনিধি-প্রতিটি স্টেট সিনেট ডিসট্রিক্ট থেকে তিনজন এবং ১৫ জন বৃহৎ স্টেট ব্যাপী প্রতিনিধিদল- ২০১৯ সালের এপ্রিল মাসে স্টেট সংবিধানের পর্যালোচনা এবং সংশোধনের সুপারিশ করবে। প্রতিনিধিগণ সংবিধানের যে কোন অংশে পরিবর্তন বা এমনকি সমগ্র সংবিধান পুনর্লিখনের জন্য সুপারিশ করতে পারবেন। তাঁরা প্রস্তাবিত সংশোধনীগুলিতে ভোট দেবেন। কনভেনশন স্থগিতের পর সংখ্যাগরিষ্ঠ প্রতিনিধির অনুমোদিত সংশোধনীগুলি ভোটারদের ভোটের জন্য ব্যালটে সংযোজিত হবে।

ভোটারদের দ্বারা অনুমোদিত সংশোধনী পরবর্তী বছরের ১লা জানুয়ারী থেকে স্টেট ব্যাপী কার্যকর হবে। নিউইয়র্কের ভোটারদের অনুমোদন না হওয়া সংশোধনীগুলি প্রণয়ন করা হবে না।

### 'হ্যাঁ' ভোট দেবার কারণ সমূহ

- আমাদের একটি সংবিধানিক সম্মেলনের প্রয়োজন আছে কারণ স্টেটের আইনসভা যেসব বিষয়ে আমাদের প্রয়োজন তার সুরাহা করতে ব্যর্থ হয়েছে। আমাদের স্টেট সংবিধান ভীষণ সেকেলে এবং এটিকে ২১ শতকের জন্য সহজসাধ্য এবং আধুনিকীকরণ করা প্রয়োজন।
- আইনী প্রক্রিয়ায় সংবিধান পরিবর্তন করা খুব কঠিন; জনসাধারণকে এটি গ্রহণ করার জন্য ভোট দেয়ার আগে একটি সংসদীয় সংশোধনী পরপর দুটি সংসদ দ্বারা পাস করা প্রয়োজন। একটি সম্মেলনের দ্বারাই আমাদের প্রয়োজনীয় আইন পরিবর্তন করার সেরা সুযোগ হবে।
- সম্ভাব্য সুবিধাদি, ব্যয় এবং ঝুঁকির গুরুত্ব অতিক্রম করে। প্রচলিত সংবিধানের প্রত্যেকটি সংশোধনীটি কার্যকর হওয়ার আগে বেশিরভাগ ভোটার দ্বারা অনুমোদিত হতে হবে, তাই অজনপ্রিয় ধারণাগুলি কার্যকর করা প্রায় অসম্ভব।
- দৃঢ় নৈতিক সংস্কার প্রণয়ন করার সংবিধান সংশোধন করতে আমাদের একটি সস্মমেলনের/কনভেনশনের প্রয়োজন, যা আলবানিতে দুর্নীতির অবসান ঘটাবে এবং আরও উন্মুক্ত স্টেট সরকার অর্জন করবে।
- আমাদের নির্বাচন পদ্ধতিটি ভগ্ন এবং পুরানো। গুরুত্বপূর্ণ সমাধান যেমন অজুহাত-ছাড়া এবসেন্টি ভোটিং, একই দিনে নিবন্ধন এবং অন্যান্য নির্বাচনী সংস্কারগুলর জন্য স্টেট সংবিধানে পরিবর্তনের প্রয়োজন।
- আমাদের পুরানো আদালত পদ্ধতি পুনর্গঠন এবং আধুনিকীকরণের জন্য সংবিধানের পরিবর্তন করতে হবে, যা পুঞ্জিভুত মামলা বাদ দিয়ে অর্থ সাশ্রয় করবে।
- আমাদের সকল শিশুদের সেরা শিক্ষা পাওয়ার অধিকার রয়েছে, এবং স্টেট ব্যাপী আমাদের সকল বিদ্যালয়ে যাতে সমানভাবে অর্থায়ন হয় তা সংবিধানিকভাবে নিশ্চিত করা প্রয়োজন।
- সংবিধানে আমাদের অগ্রাধিকারগুলির প্রতিফলিত হওয়া উচিত, যেমন আমাদের পরিবেশ ও নাগরিক অধিকারগুলির সুরক্ষা। একটি পরিবেশগত অধিকার বিলের এবং শক্তিশালী নাগরিক অধিকার বিধানের আমাদের সংবিধানে প্রয়োজন।
- আমাদের পাবলিক পেনশন সিস্টেমের ক্রমবর্ধমান বোঝা খুব বেশী। অবসরপ্রাপ্তদের প্রতি স্টেটের প্রতিশ্রুত দায়িত্ব অব্যাহত রাখা নিশ্চিত করতে আমাদের নমনীয়তার প্রয়োজন। কিন্তু সংবিধান পেনশন ব্যবস্থার পরিবর্তনগুলোকে অত্যন্ত কঠিন করে তুলেছে।

### 'না' ভোট দেবার কারণ সমূহ

- একটি সম্মেলন অপ্রয়োজনীয়, কারণ সংবিধান সংশোধনের জন্য আইনসভায় একটি প্রক্রিয়া আছে। বস্তুত, গত ১০০ বছরে ভোটাররা স্টেট সংবিধানের ২০০ টি সংশোধনী অনুমোদন করেছে, শুধু তাদের মধ্যে মাত্র ছয়টিসাংবিধানিক সম্মেলন থেকে এসেছে; বাকিগুলি স্টেট বিধানসভার ভোটারদের সামনে রাখা হয়েছিল। যদি আইন প্রণেতারা আমাদের উদ্বেগের প্রতি সাড়া না দেয়, তবে আমাদের নতুন আইনপ্রনেতাদেরকে নির্বাচন করতে হবে, যাঁরা প্রতিবেদন করবেন।
- একটি সম্মেলন ব্যয়বহুল এবং এটি রাজনৈতিক অন্তর্দৃষ্টি দ্বারা প্রভাবিত হবে। আইন প্রণেতারা সম্মেলনে প্রতিনিধিত্ব করতে পারেন, এবং নির্বাচিত হলে তাঁরা দ্বিগুণ অর্থ অর্জন করতে পারবেন। প্রতিনিধিরা কর্মী নিয়োগ করতে পারেন, যেগুলো ঘনিষ্ঠভাবে জড়িতদের জন্য আনুকূল্য কর্ম তৈরি করবে।
- একটি সম্মেলন বিশেষ স্বার্থান্বেষী মহলদের উপকৃত করবে, জনসাধারণের জন্য নয়, কারণ প্রতিনিধি নির্বাচন প্রক্রিয়াটি ক্রটিপূর্ণ। প্রতিনিধিত্ব করার জন্য প্রার্থীদের বিশাল সংখ্যক পিটিশন স্বাক্ষর এবং তাঁদের প্রচারাভিযান অর্থায়ন তহবিল সংগ্রহ করতে হবে। বিশেষ স্বার্থান্বেষী মহলের জন্য লবিইস্টরা তাদের মক্কেলদের জন্য ভাল সুবিধা আদায়ের জন্য সম্মেলনের প্রতিনিধিদেরকে ব্যবহার করতে চেষ্টা করে থাকে।
- যদিও প্রস্তাবিত সংশোধনীগুলি ভোটারদের দ্বারা অনুমোদিত হতে হবে, তবুও আমাদের সংবিধানের বেশ কিছু গুরুত্বপূর্ণ সুরক্ষাগুলি হারানোর ঝুঁকি নেওয়া উচিত হবে না।
- সংবিধানের আইন আমাদের স্টেটের অরন্যসংরক্ষণ করে "চিরকাল বন্য"। যদি সেগুলি দুর্বল হয়ে যায়, তবে বন ও বন্যপ্রাণী সংরক্ষণের জন্য সংরক্ষিত ভূমিগুলিতে নির্মাণ সংস্থা এবং এনার্জি কোম্পানিগুলো গড়ে উঠতে পারে।
- আমাদের সংবিধান আমাদের সকল শিশুদের জন্য বিনামূল্যে শিক্ষা প্রদানে অঙ্গীকারবদ্ধ এবং দরিদ্রদের প্রতি প্রতিশ্রুত সেবাগুলো বিনষ্ট হওয়ার সম্ভাবনা থাকতে পারে।
- সরকারী কর্মীদের পেনশনের সংবিধানিক সুরক্ষার, এবং আহত শ্রমিকদের সুবিধাদি এবং সম্মিলিতভাবে সংগঠিত ও দরকষাকষির অধিকারসহ সকল শ্রমিকের জন্য সাংবিধানিক সুরক্ষারও বিপন্ন হতে পারে।

# প্রস্তাব ২

## যদি একজন সরকারী কর্মকর্তা একটি নির্দিষ্ট ধরণের অপরাধের জন্য দোষী সাব্যস্ত হন তবে তাঁর পেনশন সম্পূর্ণ বা আংশিক বাজেয়াপ্তকরণের অনুমোদন

স্টেট সংবিধানের আর্টিকেল ২-এর সেকশন ৭-এর প্রস্তাবিত সংশোধনীটি একটি সরকারী কর্মকর্তা-কর্মচারীর পেনশন হ্রাস বা প্রত্যাহারের জন্য আদালতকে অনুমতি প্রদান করে, যিনি সরকারী কর্মকর্তা হিসাবে বর্তমান কর্তব্যের সরাসরি এবং প্রকৃত সম্পর্কিত একটি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়েছেন। প্রস্তাবিত সংশোধনী অনুমোদিত হবে কি?

### CFB সারসংক্ষেপ

বর্তমানে, নিউইয়র্ক স্টেটের সংবিধানে সরকারি কর্মকর্তাদের পেনশনগুলি সুরক্ষা করা আছে, এমনকি তাঁরা গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত হলেও। এই সাংবিধানিক সংশোধনীটি একটি আদালতকে সরকারি কর্মকর্তার চাকরির কার্য সম্পাদনের সাথে সম্পর্কিত একটি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হওয়ার পর তাঁর পেনশন কমাতে বা প্রত্যাহার করার এখতিয়ার দিবে। আদালত এই অপরাধের গুরুত্ব বিবেচনা করার জন্য শুনানি দেবে, যে পেনশন কর্তনের ফলে সরকারী অফিসারদের উপর নির্ভরশীলদের জন্য গুরুতর কষ্টের কারণ হবে কি না তা নির্ধারণ করার জন্য।

যদি নিউ ইয়র্ক বাসীর অধিকাংশই ‘হ্যাঁ’ (YES) ভোট দেন, তবে এই প্রস্তাবটি কার্যকর করার জন্য আইনসভা আইনটি লিখবে এবং এটি ১লা জানুয়ারী ২০১৮-তে বা তার পরে সংঘটিত অপরাধের জন্য প্রযোজ্য হবে।

এই সংশোধনের অধীনে অন্তর্ভুক্ত “সরকারি কর্মকর্তা” হল:

- স্টেটের মধ্যে নির্বাচিত অফিশিয়ালস্;
- গভর্নর কর্তৃক নিয়োগকৃত অফিশিয়ালস্;
- কাউন্টি, সিটি, টাউন এবং ভিলেজ সমূহের ব্যবস্থাপক ও প্রধান আর্থিক কর্মকর্তাবৃন্দ;
- স্টেট এবং স্থানীয় সরকারের ডিপার্টমেন্ট, ব্যুরো, পাবলিক বেনিফিট কর্পোরেশন এবং পাবলিক কর্তৃপক্ষের প্রধানগণ;
- স্টেট বিচার ব্যবস্থার বিচারক ও বিচারপতিগণ; এবং
- স্টেট কর্মচারীরা যারা নীতিমালা প্রণয়নকারী হিসাবে আইন দ্বারা মনোনীত।

### ‘হ্যাঁ’ ভোট দেবার কারণ সমূহ

- একজন সরকারী কর্মকর্তা যিনি তার চাকরির সাথে জড়িত একটি গুরুতর অপরাধ করে জনগণের বিশ্বাস ভঙ্গ করেছেন এবং যিনি করদাতাদের অর্থায়নের পেনশন পাওয়ার যোগ্য নন।
- কর্মকর্তারা যদি জানেন যে, তাঁদের পেনশন হারানোর ঝুঁকি আছে, তাহলে অপরাধ করার প্রবণতা থাকবে না।

### ‘না’ ভোট দেবার কারণ সমূহ

- অপরাধী কর্মকর্তারা আইন অনুযায়ী তাদের অপরাধের জন্য ইতিমধ্যেই শাস্তি ভোগ করছেন, এবং তাদের পেনশন প্রত্যাহার বা হ্রাস করে তাদের দ্বিতীয়বার শাস্তি দেওয়া উচিত নয়।
- এই সংশোধনটি যথেষ্ট ব্যপক নয়। এটি কেবলমাত্র উচ্চ পর্যায়ের নির্বাচিত বা নিযুক্ত কর্মকর্তাদের নয়, সমস্ত স্টেট ও স্থানীয় সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হওয়া উচিত। কর্ম সম্পর্কিত কোনও গুরুতর অপরাধের জন্য দোষী সাব্যস্ত যেকোনো কর্মচারীরও পেনশন কর্তন করা উচিৎ।

# প্রস্তাব ৩

## নির্দিষ্ট উদ্দেশ্যের জন্য সংরক্ষিত বনভূমি ব্যবহার করার অনুমোদন

প্রস্তাবিত সংশোধনীর মাধ্যমে সিটি, গ্রাম ও কাউন্টিগুলোর ব্যবহার উপযোগী ২৫০ একর সংরক্ষিত বনভূমি নিয়ে একটি ভূমি একাউন্ট বানানো হবে, যখন নির্দিষ্ট জনস্বাস্থ্য এবং নিরাপত্তা উদ্বেগগুলো সমাধানের জন্য সংরক্ষিত বনভূমি ব্যবহার করা ছাড়া আর কোনও কার্যকর বিকল্প নেই। সংরক্ষিত বনভূমি থেকে নেয়া জমির জন্য একটি বিকল্প হিসাবে, অন্য ২৫০ একর জমি, সংরক্ষিত বনভূমিতে সংযুক্ত করা হবে, আইন প্রণেতাদের অনুমোদন সাপেক্ষে। প্রস্তাবিত সংশোধনীটিতে সাইকেলের পথ ও নির্দিষ্ট পাবলিক ইউটিলিটি লাইনগুলিকে নির্দিষ্ট মহাসড়কের প্রস্থের মধ্যে স্থাপন করতে হবে যা সর্বনিম্ন পর্যায়ের গাছপালা এবং সবজী সরিয়ে সংরক্ষিত বনের ভিতর দিয়ে নেওয়া হবে। প্রস্তাবিত সংশোধনী অনুমোদিত হবে কি?

### CFB সারসংক্ষেপ

নিউ ইয়র্ক স্টেটের সংবিধানের “চিরকালের বন্য” বিধান এডিরন্ডেক এবং ক্যাটস্কিল পার্কগুলোতে নতুন কোন উন্নয়ন তৈরি নিষিদ্ধ করতে রক্ষা করে, যদি না সেটা সাংবিধানিক সংশোধনের মাধ্যমে স্টেটের ভোটারদের দ্বারা বিশেষভাবে অনুমোদন হয়ে থাকে।

প্রস্তাবিত সংশোধনী দুটি ব্যতিক্রম তৈরি করবে। প্রথমত, এটি সর্বোচ্চ ২৫০ একরের সংরক্ষিত বনভূমি নিয়ে একটি ভূমি ব্যাংক তৈরী করবে। একটি সিটি, গ্রাম বা কাউন্টি বন সংরক্ষণ সম্প্রসারণ একাউন্টের আর্থিক অনুদান প্রদান করে পরিবেশ সংরক্ষণ বিভাগের নিকট সংরক্ষিত বনভূমি ব্যবহারের জন্য আবেদন করতে পারে, নিম্নলিখিত স্বাস্থ্য এবং নিরাপত্তার উদ্দেশ্যে এটির যদি অন্য কোনো কার্যকর বিকল্প না থেকে থাকে:

- সেতুর বিপদ বা ভয়ংকর বাঁকগুলো অপসারণ বা মহা সড়কের নির্দিষ্ট মান বিবেচনা করা।
- মহাসড়কের পুনঃস্থাপন, পুনর্নির্মাণ বা সংরক্ষণ রাখা (রাস্তাটির এক মাইলের মধ্যে স্থানান্তরসহ)।
- খাওয়ার পানির মানের জন্য পানির কুয়াগুলো নির্দিষ্ট মহাসড়কের ৫৩০ ফুটের মধ্যে।

দ্বিতীয়ত, এটি বাইসাইকেলের পথ এবং পাবলিক ইউটিলিটির লাইনগুলিকে সংরক্ষিত বনভূমির মধ্য দিয়ে সুনির্দিষ্ট মহাসড়কগুলির প্রস্থের মধ্যে স্থাপন করা হবে, এবং বিদ্যমান ইউটিলিটি পোলের জন্য স্টেবিলাইজেশনের ডিভাইসগুলির সংযোজন(যেমন গাই ওয়ার) যদি এছাড়া অন্য কোন বিকল্প উপায় না থাকে। এই ধরনের কাজ যা গাছপালা ও সবজী অপসারণের কমানো, এবং স্টেট ও স্থানীয় পর্যায়ে ১লা জুন ২০১৬-র আগে অনুমোদন নাই এমন কোনো নতুন আন্তঃ স্টেট গ্যাস বা তেলের পাইপলাইন নির্মাণ করার নিষিদ্ধের জন্য সংশোধনীর প্রয়োজন।

আইনসভার অনুমোদন সাপেক্ষে স্বাস্থ্য ও নিরাপত্তা একাউন্টের জমি প্রতিস্থাপনের জন্য অরণ্য সংরক্ষণ করতে স্টেট ২৫০ একর জমি অধিগ্রহণ করবে।

### ‘হ্যাঁ’ ভোট দেবার কারণ সমূহ

- কমিউনিটিগুলোর পার্কগুলির ক্ষয়প্রাপ্ত অবকাঠামো মেরামত এবং ব্রডব্যান্ড ইন্টারনেটের মত নতুন পরিষেবাগুলি প্রদান করার ক্ষমতা থাকা প্রয়োজন।
- সংরক্ষিত ভূমির কোন ক্ষতি ভূমি ব্যাঙ্কের দ্বারা অরণ্য সংরক্ষণে নতুন জমি ক্রয়ের মাধ্যমে পূরণ করা হবে।
- সংশোধনীটি সীমিত আকারের বিশেষ উদ্দেশ্যে প্রণীত ভূমি ব্যাংকের ব্যবহারের অনুমতি দেয়, যার ফলে প্রক্রিয়াটি অপব্যবহার থেকে সুরক্ষিত থাকে। ভূমি ব্যাংকের আকার সর্বোচ্চ ২৫০ একর জমি সমান হতে পারে, সেটি অতি উন্নয়ন থেকে রক্ষা করবে।
- সংশোধনের দ্বারা সৃষ্ট নমনীয়তা স্থানীয় সরকারগুলিকে সংকট সমূহ, যেমন পানির উৎসের ক্ষতি, দ্রুত মোকাবেলায় বর্তমান সংশোধনী প্রক্রিয়ার তুলনায় অধিক সুযোগ দিবে।

### ‘না’ ভোট দেবার কারণ সমূহ

- বর্তমান প্রক্রিয়াটি "চিরকালের বন্য" ভূমি বিকাশের জন্য সাংবিধানিক সংশোধনীর প্রয়োজন, যা নিশ্চিত হবে যখন এই প্রক্রিয়ার প্রতিটি নির্দিষ্ট উন্নয়ন প্রকল্পের খরচ এবং সুবিধার মূল্যায়ন ভোটারা নিয়ন্ত্রণ করতে পারবেন।

## বিতর্ক অনুষ্ঠান

CFB মিডিয়া, শিক্ষা ও নাগরিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে অংশীদার হয়ে বিতর্ক অনুষ্ঠান স্পন্সর করে, যেখানে নিউ ইয়র্কবাসীরা মেয়র, পাবলিক এডভোকেট, এবং কম্পট্রোলার পদের প্রার্থীদের বক্তব্য সরাসরি শুনতে পারবেন এবং তাদের মধ্যে পাশাপাশি তুলনা করতে পারবেন যখন প্রার্থীরা কোন বিষয়ে আলোচনা করবেন। প্রতিটি প্রাইমারী ও সাধারণ নির্বাচনের পূর্বে দুটি করে বিতর্কের আয়োজন করা হয়, এবং যদি কোন রানঅফ নির্বাচন থাকে তবে অতিরিক্ত আরেকটি বিতর্কের ব্যবস্থা করা হয়। সিটিভিত্তিক অফিসের জন্য সকল প্রার্থীরা যারা ক্যাম্পেইন ফিনান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী, তাঁরা ব্যালটে রয়েছেন এবং একটি সর্বনিম্ন আর্থিক সীমারেখা পূরণ করেছেন তাঁদেরকে কমপক্ষে একটি বিতর্কে অংশ নিতে হবে। প্রার্থীরা যারা ম্যাচিং ফাণ্ড প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না তাঁদেরকেও বিতর্কে আমন্ত্রণ জনানো হবে, যখন তাঁরা একই নির্দলীয় মানদণ্ড বজায় রাখবেন।

### সাধারণ নির্বাচনের বিতর্কের সময়সূচী*

| মেয়র | পাবলিক এডভোকেট | কম্পট্রোলার |
|---|---|---|
| **মঙ্গলবার, অক্টোবর ১০, সন্ধ্যা ৭টা**<br>টিভি: NY1, NY1 Noticias (স্প্যানিশ)<br>রেডিও: WNYC<br>স্পন্সর: NY1 স্পন্সর গ্রুপ | **বুধবার, অক্টোবর ১৬, সন্ধ্যা ৭টা**<br>টিভি: NY1, NY1 Noticias<br>রেডিও: WNYC<br>স্পন্সর: NY1 স্পন্সর গ্রুপ | **মঙ্গলবার, অক্টোবর ১৭, সন্ধ্যা ৭টা**<br>টিভি: NY1, NY1 Noticias<br>রেডিও: WNYC<br>স্পন্সর: NY1 স্পন্সর গ্রুপ |
| **মেয়র**<br>অগ্রগামী প্রতিদ্বন্দ্বীরা<br>**বুধবার, নভেম্বর ১, সন্ধ্যা ৭টা**<br>টিভি: WCBS<br>WLNY-TV 10/55 (স্প্যানিশ)<br>রেডিও: 1010WINS<br>NewsRadio 880<br>স্পন্সর: CBS স্পন্সর গ্রুপ | **পাবলিক এডভোকেট**<br>অগ্রগামী প্রতিদ্বন্দ্বীরা<br>**শনিবার, অক্টোবর ২১, সকাল ৯টা**<br>টিভি: WCBS<br>WLNY-TV 10/55<br>রেডিও: 1010WINS<br>NewsRadio 880<br>স্পন্সর: CBS স্পন্সর গ্রুপ | **কম্পট্রোলার**<br>অগ্রগামী প্রতিদ্বন্দ্বীরা<br>**রবিবার, অক্টোবর ২২, সকাল ৮টা**<br>টিভি: WCBS<br>WLNY-TV 10/55<br>রেডিও: 1010WINS<br>NewsRadio 880<br>স্পন্সর: CBS স্পন্সর গ্রুপ |

* যদি দুই বা ততোধিক প্রার্থীরা নির্বাচনে অংশগ্রহণ করার যোগ্যতা অর্জন করতে সক্ষম হন, বিতর্কগুলো তখনই অনুষ্ঠিত হবে, সেই হিসেবে এই সময়সূচীর পরিবর্তন হতে পারে। সবচেয়ে আপ টু ডেট তথ্যের জন্য অনুগ্রহ করে **nyccfb.info/debates2017** ভিজিট করুন।

**NY1 স্পন্সর গ্রুপ**

**CBS স্পন্সর গ্রুপ**

## ভিডিও ভোটার গাইড

মেয়র, পাবলিক এডভোকেট, কম্পট্রোলার, বোরো প্রেসিডেন্ট, এবং সিটি কাউন্সিল সদস্য পদের প্রার্থীদেরকে একটি ভিডিও বিবৃতি ধারন করে অনলাইন গাইডে এবং টেলিভিশনে প্রচার করার জন্য উৎসাহিত করা হয়। অক্টোবর ২৯ থেকে নভেম্বর ৬ তারিখ পর্যন্ত প্রতি রাত ৭টায় এবং নভেম্বর ৭ তারিখ বিকেল ৪টায় ভিডিও গাইড টি NYC.gov-তে সম্প্রচার করা হবে। প্রতিটি প্রচার শুরু হবে সিটিভিত্তিক অফিসের প্রার্থীদের দিয়ে, তারপর বোরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিল, প্রতি রাতে ভিন্ন ভিন্ন বোরো দিয়ে শুরু হবে। আপনি প্রত্যেক প্রার্থীর ভিডিও বিবৃতি অনলাইনে **nyccfb.info/voterguide** দেখতে পাঁরবেন।

| অক্টোবর ২৯ & নভেম্বর ৩ | অক্টোবর ৩০ & নভেম্বর ৪ | অক্টোবর ৩১ & নভেম্বর ৫ | নভেম্বর ১ & নভেম্বর ৬ | নভেম্বর ২ & নভেম্বর ৭ |
|---|---|---|---|---|
| ম্যানহ্যাটান<br>স্ট্যাটেন আইল্যাণ্ড<br>ব্রঙ্কস<br>ব্রুকলিন<br>কুইন্স | ব্রঙ্কস<br>ব্রুকলিন<br>কুইন্স<br>ম্যানহ্যাটান<br>স্ট্যাটেন আইল্যাণ্ড | কুইন্স<br>ম্যানহ্যাটান<br>স্ট্যাটেন আইল্যাণ্ড<br>ব্রঙ্কস<br>ব্রুকলিন | স্ট্যাটেন আইল্যাণ্ড<br>ব্রঙ্কস<br>ব্রুকলিন<br>কুইন্স<br>ম্যানহ্যাটান | ব্রুকলিন<br>কুইন্স<br>ম্যানহ্যাটান<br>স্ট্যাটেন আইল্যাণ্ড<br>ব্রঙ্কস |

Cablevision এবং Time Warner Cable চ্যানেল 74, RCN চ্যানেল 81, বা Verizon FiOs চ্যানেল 24 তে NYC.gov দেখুন।

## নিউ ইয়র্ক সিটির

# ম্যাচিং ফান্ড প্রোগ্রাম

NYC-র ক্যাম্পেইন ফাইনান্স প্রোগ্রামটি দেশের শক্তিশালী প্রোগ্রামের মধ্যে বিশেষ একটি। প্রার্থীরা যারা যোগ্য হবেন এবং খরচের সীমা মেনে চলবেন তারা সরকারী ফাণ্ড $৬-জন্য-$১ হারে প্রথম $১৭৫ ম্যাচিং অনুদান পেতে পারেন। এর মানে হল যখন NYC বাসিন্দারা এই প্রোগ্রামে অংশগ্রহণকারী স্থানীয় প্রার্থীদের চাঁদা প্রদান করেন, তাঁরা সিটি থেকে প্রতি ডলারের জন্য $৬ অনুদান পেয়ে থাকেন।





### আমি **$20** দান করলাম




**$20** আমার মূল চাঁদা + $120 ম্যাচিং ফান্ড = **$140 মোট আমার চাঁদার প্রভাব**


প্রার্থীরা পাবলিক ফান্ড অর্জনের যোগ্যতার জন্য তাদের নির্বাচনী এলাকা থেকে ক্ষুদ্র-ডলার অনুদান সংগ্রহ করবেন। এর ফলে এই প্রোগ্রামের প্রার্থীরা তাদের কমিউনিটিতে বেশী সময় প্রচার কাজ চালাবেন, ধনী দাতা বা বিশেষ স্বার্থভোগীদের জন্য কাজ না করে সাধারণ নিউ ইয়র্কবাসীদের উদ্বেগ শুনবেন। ম্যাচিং ফান্ড আবার সিটির অফিসের জন্য বিভিন্ন জাতিগোষ্ঠীর নির্বাচন করতে সাহায্য করে আর আমাদেরকে নির্বাচনের সময় আরোও পছন্দ করার সুযোগ করে দেয় এবং বৈচিত্রিটি আমাদের সিটিকে শক্তিশালী করে তোলে যা আমাদের সরকারের উপর প্রতিফলিত হয়।

আরোও জানার জন্য দেখুন **nyccfb.info/program**।




**প্রার্থী A, প্রোগ্রামের একজন অংশগ্রহণকারী**

**$140** + $840 ম্যাচিং ফান্ড থেকে = **$980 মোট**



**প্রার্থী B, প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না**

**$140**

প্রার্থী A, কমিউনিটিতে অধিক গনসংযোগ করার সুযোগ পাবেন,
কারণ ম্যাচিং ফান্ড প্রোগ্রামটি প্রার্থীদেরকে ক্ষুদ্র আর্থিক অনুদান সংগ্রহে উৎসাহিত করে।

ভোট সম্পর্কিত

# সচরাচর করা প্রশ্ন সমূহ

**আমি জানি না যে, আমি ভোটার হিসাবে নিবন্ধিত কিনা- কিভাবে জানতে পারবো?**

অনলাইনে আপনার নিবন্ধন অবস্থা জানার জন্য **voting.nyc**-তে দেখুন বা সহায়তার জন্য 866-VOTE-NYC ফোন করুন (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য TTY 212-487-5496)।

**আমার নিবন্ধনের মেয়াদ কি উত্তীর্ণ হতে পারে?**

আপনার নিবন্ধনের কোনো মেয়াদোত্তীর্ণের তারিখ নেই, তবে আপনি যদি আগের দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন, যদি বাড়ি বদল করে থাকেন, কিন্তু BOEকে তা না জানিয়ে থাকেন তাহলে হয়তো আপনার নিবন্ধন "নিষ্ক্রিয়" হিসাবে গণ্য হতে পারে এবং ভোট কেন্দ্রের ভোটার তালিকায় আপনার নাম নাও থাকতে পারে। তথাপি আপনি এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

**ভোট দিতে আমি কোথায় যাব?**

আপনি যদি ডাক যোগে এই ভোটার গাইডটি পেয়ে থাকেন, আপনার ভোট কেন্দ্রের অবস্থান এর প্রচ্ছদে মুদ্রিত আছে। আপনি অনলাইনে **voting.nyc** দেখতে পারেন বা 866-VOTE-NYC ফোন করে জেনে নিতে পারেন।

**নির্বাচনের দিন আপনার পোল সাইট নিশ্চিত করতে ভুলবেন না।**

**ভোট দানের সময় আমার কি পরিচয়পত্র দেখাতে হবে?**

অধিকাংশ সময়, আপনার পরিচয়পত্র দেখানোর প্রয়োজন হয় না। তবে, যদি আপনি নতুন নিবন্ধিত হয়ে থাকেন বা সম্প্রতি বাসা বদল করে থাকেন এবং আপনার ভোট কেন্দ্রে প্রথম বারের মত ভোট প্রদান করতে আসেন, তবে এই নির্বাচনে ভোট প্রদানের জন্য আপনাকে সম্ভবত পরিচয় পত্র দেখাতে হতে পারে।

**আমি যদি গতবার ভোট প্রদানের পর নিউ ইয়র্ক সিটিতে এসে থাকি, তবে কি হবে?**

যখন আপনি ঠিকানা পরিবর্তন করেন, নিউ ইয়র্ক স্টেটের আইনানুযায়ী ২৫ দিনের মধ্যে আপনার পরিবর্তিত ঠিকানা BOE-কে জানাতে হবে। নতুন ভোটার নিবন্ধন ফর্মের "ভোট দানের যে তথ্য পরিবর্তন হয়েছে" বক্স সহ সকল তথ্য পূরণ করে জমা দিয়ে আপনি তা করতে পারেন। আপনার নতুন ও পুরাতন ঠিকানা লিখুন, যে দলে আপনি অন্তর্ভুক্ত হতে চান সে দলের বক্স চিহ্নিত করুন (আপনার পুরাতন ঠিকানায় যদি কোনো একটি দলের সঙ্গে অন্তর্ভুক্ত ছিলেন, তাহলেও এটা চিহ্নিত করুন) এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করুন। যদি আপনি বাসা পরিবর্তন করেছেন কিন্তু সময়সীমার মধ্যে BOE নিকট ঠিকানা পরিবর্তন না করে থাকেন, তবে আপনি অবশ্যই আপনার **নতুন** ভোট কেন্দ্রে গিয়ে এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। আপনার পরিবর্তিত ঠিকানার সংযোজন হয়েছে কিনা তা 866-VOTE-NYC নাম্বার-এ ফোন করে জেনে নিন।

**যদি আমার নাম ভোটার বইতে না থাকে, তবে কি হবে?**

আপনি আপনার অ্যাসেম্বলি ও নির্বাচনী ডিস্ট্রিক্টের সঠিক টেবিলে স্বাক্ষর করেছেন কি না, তা নিশ্চিত হন। আপনি যদি ডাক যোগে এই ভোটার গাইডটি পেয়ে থাকেন, আপনার ডিস্ট্রিক্ট নম্বর প্রচ্ছদে মুদ্রিত পাবেন। এছাড়া প্রতিটি নির্বাচনের আগে সকল নিবন্ধিত ভোটারদেরকে BOE-র পাঠানো মেইলারেও পাবেন। নির্বাচন কর্মী আপনার নাম ও ঠিকানা দিয়ে, আপনি কোন ডিস্ট্রিক্ট এ বসবাস করেন তা বের করে দিতে পারবেন।

আপনি নিবন্ধিত কিনা তা নিশ্চিত হবার জন্য **voting.nyc** গিয়ে দেখতে পারেন।

আপনি যদি আপনার এসেম্বলি এবং নির্বাচনী ডিস্ট্রিক্ট নম্বর না পান, কিন্তু আপনি বিশ্বাস করেন যে, আপনি ভোট প্রদানে যোগ্য, তাহলে আপনি ভোট দিতে পারবেন, কোন নির্বাচনী কর্মীকে অ্যাফিডেভিট ব্যালটের ব্যাপারে জিজ্ঞাসা করুন এবং নির্দেশগুলি অনুসরণ করুন।

**একটি এফিডেফিট ব্যালট কি?**

একটি এফিডেফিট ব্যালট হল, কাগজের একটি ব্যালট যা আপনি অনুরোধ করতে পারেন, যদি ভোটার বইতে আপনার নাম না থাকে আর আপনার বিশ্বাস যে, আপনার ভোট দেয়ার যোগ্যতা আছে এবং সঠিক কেন্দ্রে এসেছেন (উদাহরণ সরুপ, আপনি যদি বাসা বদল করে আপনার ঠিকানা হাল নাগাদ না করে থাকেন বা ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য সময়মত ব্যবস্থা নেন নাই)। ব্যালট ও খাম পূরণের জন্য নির্দেশনা অনুসরণ করুন, এবং সম্পন্ন হলে একজন নির্বাচনী কর্মীর কাছে দিন। নির্বাচনের পরে, বোর্ড অফ ইলেকশন তাদের রেকর্ড পরীক্ষা করবে- যদি আপনি ভোট দেওয়ার যোগ্য হয়ে থাকেন, সঠিক কেন্দ্রে গিয়ে থাকেন, এবং সঠিকভাবে ব্যালট ও খাম পূরণ করে থাকেন, তাহলে আপনার ভোটটি গণনা হবে। না হলে, আপনি একটি নোটিস পাবেন যে, আপনার ভোটটি গণনা করা হয়নি।

আপনার এফিডেফিটের খামটি আগামী নির্বাচনের জন্য নিবন্ধন ফর্ম হিসাবে গৃহীত হবে, যদি আপনি ভোট দিতে যোগ্য না হন এবং সঠিকভাবে পূরণ করে থাকেন।

**যদি একজন পোল ওয়াচার আমার ভোট দানের অধিকার চ্যালেঞ্জ করে, তাহলে কি হবে?**

যদি একজন পোল ওয়াচার আমার ভোট দানের অধিকার চ্যালেঞ্জ করে, যেমন, আপনি যে ব্যক্তি হিসাবে দাবি করছেন আপনি সে নন বা আপনি এই ডিস্ট্রিক্ট বসবাস করেন না, আপনি আপনার ভোট দেওয়ার যোগ্যতা প্রমাণ করার জন্য একজন নির্বাচনী কর্মীকে একটি শপথ পরিচালনার জন্য অনুরোধ করতে পারেন। আপনি মিথ্যা সাক্ষ্যের দণ্ডের অধীনে শপথ গ্রহণ করবেন যে, আপনি ভোট দানে যোগ্য, এরপরে আপনাকে একটি নিয়মিত ভোট (এফিডেফিট নয়) দেওয়ার অনুমতি দেওয়া হবে।

### যদি আমি নির্বাচনের দিন আমার ভোটদানের জায়গায় যেতে না পারি?

আপনি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন যদি আপনি নির্বাচনের দিন ভোট কেন্দ্রে যেতে না পারেন, কারণ কাউন্টি বা নিউ ইয়র্ক সিটিতে তখন আপনি থাকবেন না; অস্থায়ী বা স্থায়ী অসুস্থতা বা শারীরিক প্রতিবন্ধিতার জন্য; হাসপাতালে ভর্তি থাকবেন; এক বা একাধিক ব্যক্তি যারা অসুস্থ্য বা প্রতিবন্ধী তাদের প্রাথমিক চিকিৎসার দায়িত্বে নিয়োজিত থাকবেন; ভ্যাটারান এডমিনিস্ট্রেশন হাসপাতালে আটক থাকবেন; জেলে বা কারাগারে থাকবেন, বিচার বা জুরির সিদ্ধান্তের অপেক্ষায় থাকবেন, অথবা একটি গুরুতর বা গুরুতর নয় এমন অপরাধের জন্য কারাদণ্ডে থাকবেন।

**ডাক যোগে :** 866-VOTE-NYC ফোন করে ব্যালট আবেদনের অনুরোধ পত্র অথবা BOE-এর ওয়েবসাইট **vote.nyc.ny.us** থেকে ডাউনলোড করতে পারেন। আবেদনটি পূরণ করে আপনার BOE এর বোরো অফিসে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে পাঠিয়ে দিন। BOE আপানকে ডাক যোগে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। তা পূরণ করে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে আপনি BOE এর বোরো অফিসে পাঠিয়ে দিন ("নির্বাচনী দিন সমূহ ও সময়সীমা" দেখুন 3 পাতায়)।

**সশরীরে:** যখন থেকে ব্যালট হাতে আসে তখন থেকে অ্যাবসেন্টি ভোট দান শুরু হয় (অন্তত নির্বাচনের ৩২ দিন আগে) এবং শেষ হয় নির্বাচনের দিনে। এটি আপনার BOE বোরো অফিসে সোম থেকে শুক্র, এবং নির্বাচনী দিনের আগের সপ্তাহের ছুটির দিনে সকাল ৯ টা থেকে বিকেল ৫টা এবং নির্বাচনের দিনে রাত ৯টা পর্যন্ত পরিচালিত হয়।

**বিশেষ দ্রষ্টব্য:** আপনার যদি অ্যাবসেন্টি ব্যালট ডাক যোগে সংগ্রহ করার নির্দিষ্ট সময় সীমা পার হয়ে যায় এবং দুর্ঘটনা জনিত কারণে বা আকস্মিক অসুস্থতার কারণে নির্বাচনের দিনে আপনি নির্বাচনী কেন্দ্রে যেতে না পারেন তাহলে আপনি অনুমোদন পত্রসহ আপনার প্রতিনিধিকে আপনার পক্ষ থেকে অ্যাবসেন্টি ব্যালট প্রদান করার জন্য BOE বোরো অফিসে পাঠাতে পারেন। BOE বোরো অফিসে নির্বাচনের দিনে রাত ৯ টার মধ্যে আপনাকে সম্পূর্ণ পূরণকৃত আবেদন এবং ব্যালট ফেরত দিতে হবে।

### আমি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়েছি, আমি কি ভোট দিতে পারবো?

আপনি যদি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হন, তবে আপনার কারাভোগ এবং/বা প্যারোল সম্পন্ন হওয়ার পর আপনি নিবন্ধিত হতে ও ভোট দিতে পারবেন।

### যদি আমি অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হই, তাহলে আমি কি ভোট দিতে পারবো?

আপনি কারাগার থেকেও নিবন্ধন ও ভোট দিতে পারেন, যদি আপনি কেবলমাত্র একটি অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হন। আপনার নিউ ইয়র্ক স্টেটের, অন্য স্টেটের কোন কোর্টে বা একটি ফেডারেল কোর্টে সাজাপ্রাপ্ত হলেও, একই নিয়ম প্রযোজ্য হবে। আপনাকে কোন নথি প্রদানের প্রয়োজনীয়তা নেই।

### বর্তমানে আমি গৃহহীন, আমি কি ভোট দিতে পারবো?

হ্যাঁ, গৃহহীন মানুষ নিউ ইয়র্ক সিটিতে ভোটার হিসাবে নিবন্ধন ও ভোট দিতে পারে।

NYC এই দেশের মধ্যে সবচেয়ে সেরা সিটিগুলোর মধ্যে অন্যতম। কিন্তু আমাদের সিটি তার নাগরিকদের কণ্ঠস্বরের বরাবরই শক্তিশালী।

সুতরাং আপনাদের বক্তব্য প্রকাশ করুন। আলোচনায় অংশগ্রহণ ও আপনার সিটি নির্বাচনের হাল নাগাদ তথ্যের জন্য আমাদেরকে **@nycvotes**-এ অনুসরণ করুন।

আপনার ভোটটি গুরুত্বপূর্ণ।
এটি গণনাযোগ্য করুন!

## VAAC সভায় আসুন

CFB-এর **ভোটার এসিস্ট্যান্ট এডভাইসারী কমিটি (VAAC)** সারা বছরব্যাপী জনসভার আয়োজন করে থাকে যেখানে নির্বাচিত অফিশিয়াল, উত্তম সরকারী গ্রুপ, এবং নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে, আমাদের সিটির ভোট দান কিভাবে উন্নতি করা যায়, সে বিষয়ের বক্তব্য জানার জন্য।

ভোট দেওয়ার মানে হল, যে সকল বিষয়গুলি আপনার জন্য প্রয়োজনীয়, সেগুলোর মধ্যে পরিবর্তন আনবেন কিভাবে। আপনার NYCতে ভোট দানের অভিজ্ঞতা VAAC সভায় শেয়ার করুন এবং আমাদের নির্বাচনী আইন সংশোধন করতে আমাদেরকে সাহায্য করুন যাতে করে নিউ ইয়র্কবাসীরা নিবন্ধন ও ব্যালট ব্যবহার করতে পারেন, যা গণ্য হয়। সভাগুলো জনগণের জন্য উন্মুক্ত এবং সরাসরি প্রচার করা হয়। বিগত সভাগুলো দেখার জন্য **nyccfb.info/live**-এ যান।

আসন্ন সভাগুলোর তালিকার জন্য দেখুন **nyccfb.info/about/calendar**।

# ভোটার গাইড সংক্রান্ত

এই ভোটার গাইডটি সিটির ভোটারদেরকে ভোট কেন্দ্রে তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড (CFB) কর্তৃক প্রণীত। প্রতিটি নিয়মিত নির্ধারিত সিটির প্রাইমারী ও সাধারণ নির্বাচনের জন্য, CFB একটি গাইড প্রণয়ন করে প্রত্যেক নিবন্ধিত ভোটারের নিকট ডাক যোগে প্রেরণ করে –ইংরেজী ও স্প্যানিশ ভাষায় সিটিব্যপী এবং চাইনিজ, কোরিয়ান ও বাংলা ভাষায় নির্দিষ্ট এলাকাগুলোয়–আর এই সকল ভাষাগুলোর জন্য অনলাইন গাইড তৈরি করেন।

আশা করা যাচ্ছে যে, মুদ্রণের সময় এই গাইডটিতে সকল প্রার্থীরা তালিকাভুক্ত রয়েছেন যাঁরা ব্যালটে ছিলেন। যেহেতু এই গাইডটি ছাপাখানায় পাঠানো হয়েছিল তাই কিছু প্রার্থীরা ব্যালট থেকে বাদ পরতে পারেন। সবচেয়ে হালনাগাদ তথ্যের জন্য **nyccfb.info/voterguide**–এ অনলাইন গাইডটি এবং প্রার্থীদের ধারণকৃত ভিডিও বিবৃতিগুলো দেখুন।

এই গাইডের প্রোফাইল ও ছবিগুলো প্রার্থীরা CFB নিকট দাখিল করেছেন, এবং সকলেই প্রত্যায়ন করেছেন যে, তাঁদের জানা মতে তাঁদের প্রোফাইলে তথ্যাদি সত্য। প্রার্থী কর্তৃক CFB এর নিকট দাখিলকৃত তথ্যাদি হুবহু পুনর্মুদ্রণ করা হয়েছে, সেগুলো ছাড়া যে গুলোয় বড় ধরণের ত্রুটি এবং ছোট খাট ফরম্যাটিং ইস্যু ছিল তা মুদ্রণের আগে CFB কর্তৃক সংশোধন করা হয়ে থাকতে পারে। প্রার্থীদের প্রতিবেদনে প্রকাশিত বিবৃতি তাদের নিজস্ব বক্তব্য, এর সাথে CFB কোন সংশ্লিষ্টতা নেই।




## ২০১৭-র "আমি ভোট দিয়েছি" স্টিকারের নকসা করেছেন

MARIE DAGATA & SCOTT HEINZ

"আমি ভোট দিয়েছি" স্টিকারটি হল আপনি যে আপনার সিটিকে নিয়ে ভাবেন তা প্রকাশের শ্রেষ্ঠ পন্থা।

নির্বাচনের দিনে আপনার #IVoted স্টিকারটির সেলফি ফটো নিয়ে শেয়ার করুন এবং আমাদেরকে ট্যাগ করুন **@nycvotes!**

এই ভোটার গাইডটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ডের কমিউনিকেশন ইউনিট কর্তৃক প্রস্তুত করা হয়েছে - Crystal Choy, Gina Chung, Winnie Ng, Jordan Pantalone, Sarah Spector, এবং Elizabeth A. Upp – সহযোগিতায় ক্যান্ডিডেট গাইডেন্স এন্ড পলিসি ইউনিট।

দি নিউ ইয়র্ক সিটি ২০১৭ সাধারণ নির্বাচনের ভোটার গাইড।
© ২০১৭ নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইনান্স বোর্ড।
কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত। প্রচ্ছদের নকশা করছেন Winnie Ng।
ভিতরের নকশা করছে BaselineGroupNY। মার্কিন যুক্তরাষ্ট্রে তৈরি।

## NYC বোর্ড অফ ইলেকশন (BOE)-র সাথে যোগাযোগ

নিউ ইয়র্ক সিটি বোর্ড অফ ইলেকশনের সাথে আপনি ভোট প্রদান করার জন্য নিবন্ধিত হতে, নিবন্ধন পরিবর্তন করতে, এবসেন্টি ভোট দিতে, ভোট কেন্দ্রের কর্মী হওয়ার আবেদনসহ আরো অনেক কিছু করতেপারবেন। BOE সাথে যোগাযোগ করুন:

দেখুন **vote.nyc.ny.us**

বা

ভোটার হটলাইন-এ 866-VOTE-NYC ফোন করে (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য TTY 212-487-5496)

বা

আপনার BOE-র অফিসে যোগাযোগ করুন।

| জেনারেল অফিস | ব্রঙ্কস | ব্রুকলিন | কুইন্স | ম্যানহ্যাটান | স্ট্যাটেন আইল্যাণ্ড |
|---|---|---|---|---|---|
| 32-42 Broadway | 1780 Grand Concourse | 345 Adams Street | 118-35 Queens Blvd. | 200 Varick Street | 1 Edgewater Plaza |
| 7th Floor | 5th Floor | 4th Floor | Forest Hills, NY 11375 | 10th Floor | 4th Floor |
| New York, NY 10004 | Bronx, NY 10457 | Brooklyn, NY 11201 | (718) 730-6730 | New York, NY 10014 | Staten Island, NY 10305 |
| (212) 487-5400 | (718) 299-9017 | (718) 797-8800 | | (212) 886-2100 | (718) 876-0079 |